রাঁচি, মঙ্গলবার
14:03:2023
web : www.rashtriyakhabar.com

বাংলা দৈনিক
# জাতীয় খবর
JATIO KHOBOR
BANGLA DAINIK

04



Page >> 8 Rate >> 3 Rupee >> Year >> 03 Vol >>151 >>29 Falgun 1429 >> epaper.rashtriyakhabar.com পৃষ্ঠা >> ০৮ মূল্য >> ৩ টাকা বর্ষ >> ০৩ অংক >> ১৫১ >> << ২৯শে, ফাল্গুন ১৪২৯ >>

### জটেশ্বর তিন নম্বর অতিরিক্ত প্রাথমিক বিদ্যালয়ের বসন্ত উৎসব পালন

**আলিপুরদুয়ার :** জটেশ্বর তিন নম্বর অতিরিক্ত প্রাথমিক বিদ্যালয়ের কচিকাঁচাদের নিয়ে বসন্ত উৎসব পালন করলো বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকারা। রীতিমতো নাচ গান করে নানান রঙের আবীর মেখে বসন্ত উৎসব পালিত হলো। সোমবার ওই বিদ্যালয়ের পড়ুয়া শিক্ষক শিক্ষিকা ও অভিভাবক সহ সুসজ্জিত বর্ণাঢ্য শোভাযাত্রার মধ্য দিয়ে বসন্ত উৎসবের সূচনা করা হয়। এরপর বিদ্যালয় প্রাঙ্গণে রবীন্দ্র সংগীত গানের তালে বসন্ত উৎসবে নৃত্য পরিবেশন করে বিদ্যালয়ের পড়ুয়ারা। বসন্ত উৎসব উপলক্ষে, এদিন বিদ্যালয়ের পড়ুয়া, শিক্ষক শিক্ষিকারা সুন্দর করে বিদ্যালয় প্রাঙ্গণ সাজিয়ে তোলে। বিভিন্ন রঙের আবির, হাতে তৈরি করা প্ল্যাকার্ড ও কাপড় দিয়ে বসন্তের রঙে সাজিয়ে তোলা হয় বিদ্যালয়ের মঞ্চ। সেখানেই নাচ গান সহ বিভিন্ন অনুষ্ঠানে অংশ গ্রহণ করেন পড়ুয়ারা।

**বাজার দর**

SENSEX : 58237.85 -897.28
NIFTY : 17154.30 -258.60

**রাঁচি PARA UPDATE**

| সর্বোচ্চ | সর্বনিম্ন |
| --- | --- |
| 32.00 °c | 18.00 °c |

সূর্যাস্ত (আজ) >> 17 .57 টা
সূর্যোদয় (কাল) >> 05 .59 টা

**গহনার বাজার**

সোনা (বিক্রী) 55,070 টাকা./10 গ্রাম
সোনা (ক্রয়) 52,450 টাকা./10 গ্রাম
রুপা >> 67,400 টাকা./কিলো

# মাধ্যমিকের বিজ্ঞান পরীক্ষা বাতিল, ছাত্রছাত্রী এবং অভিভাবকদের মধ্যে হাহাকার

### প্রশ্নপত্র ফাঁস নিয়ে সিআইডির তদন্ত অব্যাহত, সেবার বিরুদ্ধে রাজ্যজুড়ে প্রতিবাদ, ৩০ মার্চ বিজ্ঞান পরীক্ষার নতুন তারিখ

সব্যসাচী শর্মা

**গুয়াহাটি :** সেবার হঠাৎ সিদ্ধান্ত। সোমবার সকাল ৯ টা থেকে মাধ্যমিকের বিজ্ঞান পরীক্ষা শুরু হওয়ার কথা ছিল। কিন্তু রবিবার রাত বারোটা নাগাদ এই পরীক্ষা আচমকাই বাতিল করে দেয় সেবা। তবে সেবার এই কর্মকাণ্ডের ফলে সোমবার সারা রাজ্য জুড়ে এক উত্তপ্ত পরিবেশের সৃষ্টি হয়েছে। বাতিল হওয়া বিজ্ঞান পরীক্ষার জন্য পুনরায় ৩০ মার্চ দিন ধার্য করা হয়েছে। তাছাড়া কাছাড় জেলার একটি কেন্দ্রে বাতিল হওয়া গণিত পরীক্ষার নতুন তারিখ ২৮ মার্চ ধার্য করেছে সেবা।

মাধ্যমিক পরীক্ষার প্রশ্নপত্র সামাজিক মাধ্যমে ভাইরাল হওয়ার প্রতি সেবার উদাসীন মনোভাব ইতিমধ্যে প্রকাশ পেয়েছে। ইংরেজি এবং গণিত পরীক্ষার প্রশ্নপত্র সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়লেও সেটার ক্ষেত্রে গুরুত্ব দিতে চায়নি সেবা। তবে ইংরেজি এবং গণিতের পর এবার বিজ্ঞান বিষয়ের হাতে লেখা অসমীয়া এবং ইংরেজি মাধ্যমের প্রশ্নপত্র সামাজিক মাধ্যমে ভাইরাল হওয়ার পর অবশেষে টনক নড়েছে সেকেন্ডারি এডুকেশন বোর্ড অফ আসাম (সেবা) কর্তৃপক্ষের। এরপর রবিবার মধ্যরাতে আনুষ্ঠানিকভাবে মাধ্যমিকের বিজ্ঞান পরীক্ষা বাতিল করে দেওয়া হয়। এর ফলে এক্ষেত্রে আগাম খবর না থাকা ছাত্রছাত্রী এবং অভিভাবকদের মধ্যে হাহাকার সৃষ্টি হওয়া পরিলক্ষিত হয়েছে। সেবা প্রশ্নপত্র ফাঁস সংক্রান্তে পুলিশে মামলা রজ্জু করার পর তদন্তের জন্য নিযোজিত সিআইডি ইতিমধ্যে ব্যাপক তৎপর হয়ে বিভিন্ন ব্যক্তিদের জেরা অব্যাহত রেখেছে। বিজ্ঞান পরীক্ষার প্রশ্নপত্র সামাজিক মাধ্যমে প্রকাশের ক্ষেত্রে সেবার বিরুদ্ধে অসমের বিভিন্ন দল সংগঠন রাজ্যজুড়ে ব্যাপক প্রতিবাদ জানানোর পাশাপাশি বিক্ষোভ প্রদর্শন করেছে। এক্ষেত্রে শিক্ষামন্ত্রীর পদত্যাগ এবং সেবার অধ্যক্ষকে চাকরি থেকে বরখাস্ত করার দাবি উত্থাপিত হয়েছে। প্রসঙ্গত রবিবারে উজান অসমের ডিব্রুগড় এবং শিপসাগর জেলা থেকে হোয়াটসঅ্যাপের মাধ্যমে বিজ্ঞান বিষয়ের হাতে লেখা অসমীয়া এবং ইংরেজি মাধ্যমের প্রশ্নপত্র ছড়িয়ে পড়া পরিলক্ষিত হয়েছিল। বিশেষ করে জাগুনের বেশ কয়েকজন ছাত্রছাত্রীদের মোবাইলে প্রশ্নপত্র ছড়িয়ে পড়ছে বলে অভিযোগ উঠেছিল। এমনকি বিজ্ঞান বিষয়ের হাতে লেখা প্রশ্নপত্রের বাজার মূল্য প্রায় ৫ হাজার পর্যন্ত পৌঁছে যাওয়া দেখা গেছে। অবশেষে রবিবার রাত বারোটা নাগাদ বিজ্ঞান পরীক্ষা বাতিল করে দেয় সেবা। তাছাড়া সোমবার সেবা কর্তৃপক্ষের তরফে এক্ষেত্রে অভিযোগ জানিয়ে পুলিশে আনুষ্ঠানিকভাবে মামলা দায়ের করা হয়েছে। ঘটনার গুরুত্ব অনুমান করে ডিজিপি জিপি সিংহ মামলাটি সিআইডির হাতে অর্পণ করেন। সিআইডি এক্ষেত্রে ০৩২০২৩ নম্বরের একটি মামলা রজ্জু করে নিজেদের তদন্ত প্রক্রিয়া শুরু করে দিয়েছে। বিজ্ঞান বিষয়ের পরীক্ষা বাতিল করতে বাধ্য হয়ে সোমবার তড়িঘড়ি এক সাংবাদিক বৈঠক আযোজন করেন সেকেন্ডারি এডুকেশন বোর্ড অফ আসাম (সেবা)র সচিব নরনারায়ণ নাথ। তিনি বলেন, প্রতিবারের মত এই বছরের পরীক্ষায় আগের মতো প্রতিটি নিয়ম মানা হয়েছে। প্রতিবারের মতো সব ধরনের পদক্ষেপ নেওয়ার পরেও কিভাবে পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়ে গেলো সেটা সেবা এখনো জানতে পারেনি বলে স্বীকার করে নিয়েছেন তিনি। সেবার সচিব বলেন নির্দিষ্ট নিয়মের মাধ্যমে প্রশ্নপত্র ছাপানোর পাশাপাশি সেটা কেন্দ্র ভিত্তিক প্রযোজন অনুসারে এক সপ্তাহ থেকে ১০ দিন আগে পাঠিয়ে দেওয়া হয়েছিল। সুচারু ভাবে পরীক্ষা আযোজনের জন্য প্রতিবার এই এভাবে আগে প্রশ্নপত্র পাঠানো হয়। সেই প্রশ্নপত্র গুলো পরীক্ষার দিন পর্যন্ত সিল বন্ধ ভাবে স্থানীয় পুলিশ থানায় জমা রাখার নিয়ম রয়েছে। প্রতিবছর যেটা করা হয় সেটা এবারও করা হয়েছে। এরপরেও প্রশ্নপত্র ফাঁস হওয়ার কারণ খুঁজে পাওয়া যায়নি। এর ফলেই সেবা কর্তৃপক্ষ পুলিশের শরণাপন্ন হয়েছে বলে মন্তব্য করেছেন তিনি। বিজ্ঞান পরীক্ষার পরবর্তী তারিখ ৩০ মার্চ ধার্য করা হয়েছে বলেও জানালেন সেবা সচিব। এক্ষেত্রে প্রতিক্রিয়া প্রকাশ করেছেন স্বয়ং শিক্ষামন্ত্রী ডা.রণোজ পেগু। সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় তিনি বলেন, প্রশ্নপত্র সামাজিক মাধ্যমে ফাঁস হয়ে যাওয়ার পর অবশেষে এই পরীক্ষা বাতিলের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ঘটনার তদন্তের জন্য পুলিশে মামলা দায়ের করা হয়েছে বলেও জানালেন তিনি। সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তরে শিক্ষামন্ত্রী বলেন, এর আগে পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার এক ঘঃটা পর প্রশ্নপত্র সামাজিক মাধ্যমে ভাইরাল হয়েছিল। সেটার ক্ষেত্রে কিছু করনীয় নেই। তাছাড়া গণিতের পরীক্ষার সময় কিছু প্রশ্নপত্র সামাজিক মাধ্যমে ভাইরাল হলেও সেটার সঙ্গে আসল প্রশ্নপত্রের কোনো মিল ছিল না। শুধুমাত্র বিভ্রান্তির সৃষ্টি করার স্বার্থেই এই কাণ্ড করা হয়েছিল। তবে এবারের বিষয়টি পৃথক বলে স্বীকার




করে নিয়েছেন তিনি। শিক্ষামন্ত্রী ডা.রণোজ পেগু বলেন ২০০৬ সালে শেষবারের মতো মাধ্যমিকের পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়েছিল। এরপর এবার বিজ্ঞান বিষয়ের প্রশ্নপত্র ফাঁস হয়েছে বলে জানান তিনি।

এদিকে বিজ্ঞানের প্রশ্ন পত্র ফাঁস হওয়াকে কেন্দ্র করে সেবার বিরুদ্ধে নানা দল সংগঠনের রাজ্যজুড়ে তীব্র ক্ষোভ দেখা দিয়েছে। বিভিন্ন দল সংগঠন সেবাকে ধিক্কার জানিয়ে শিক্ষা মন্ত্রীর পদত্যাগের দাবি করার পাশাপাশি সেবার অধ্যক্ষকে বরখাস্ত করার দাবি জানিয়েছে। গুয়াহাটি মহানগরের বামুনিময়দাম স্থিত সেকেন্ডারি এডুকেশন বোর্ড অফ আসাম (সেবা)র কার্যালয় সামনে প্রতিবাদ জানিয়েছে এসএফআই, তৃণমূল কংগ্রেস, আম আদমি পার্টি, কৃষক মুক্তি সংগ্রাম সমিতি সহ বেশ কয়েকটি রাজনৈতিক দল সংগঠন। সেবার বিরুদ্ধে স্লোগান দিয়ে দল সংগঠনগুলো উত্তাল ভাবে বিক্ষোভ প্রদর্শন করেছে। তাছাড়া নিম্ন অসম থেকে উজান অসমের বিভিন্ন শহরে, বিটিআর এলাকায়, বরাক উপত্যকায় সেবার বিরুদ্ধে তীব্র প্রতিবাদ পালন করেছে সারা অসম ছাত্র সংস্থা, অসম জাতীয় পরিষদ, সারা বড়ো ছাত্র সংস্থা, সারা অসম সংখ্যালঘু ছাত্র সংস্থা, কোচ রাজবংশী ছাত্র সংস্থা ইত্যাদি বিভিন্ন দল সংগঠন। শিক্ষামন্ত্রী, সেবার অধ্যক্ষর কুশপুতল দাহ করা ছাড়াও লক্ষিমপুরে অসমীয়া যুব মঞ্চের বেশ কয়েকজন সদস্য মিলিত মাথার চুল মুণ্ডন কার্যসূচি পালন করেছেন।

সারা অসম ছাত্র সংস্থার মুখ্য উপদেষ্টা সমুজ্জল ভট্টাচার্য শিক্ষামন্ত্রীর পদত্যাগের দাবি উত্থাপন করেছেন। তাছাড়া সেবার অধ্যক্ষকে অকর্মণ্য বলে আখ্যা দিয়ে তাকে অতি শীঘ্র বরখাস্ত করার দাবি জানিয়েছেন তিনি। সমুজ্জল ভট্টাচার্য বলেন দিশপুরের নিয়ন্ত্রণ থেকে সেবাকে সম্পূর্ণভাবে মুক্ত করতে হবে। তাছাড়া রাজ্যের বিশিষ্ট শিক্ষাবিদদের সেবা পরিচালনা করার দায়িত্ব দিলেই এই ধরনের পরিস্থিতি এড়ানো যাবে বলে মতামত ব্যক্ত করেছেন তিনি। সেবার পরীক্ষা নিয়ন্ত্রক নয়নজ্যোতি শর্মা এই প্রশ্নপত্র ফাঁস হওয়া কান্ডে সর্বাধিক দোষী বলে মন্তব্য করেছেন সারা অসম ছাত্র সংস্থার ভারপ্রাপ্ত সভাপতি উৎপল শর্মা। এক্ষেত্রে নয়নজ্যোতি শর্মাকে বরখাস্ত করার দাবি জানিয়েছেন তিনি। অসম জাতীয় পরিষদের সভাপতি লুরিনজ্যোতি গগৈ বলেন লক্ষ লক্ষ ছাত্রছাত্রীদের জীবন নিয়ে খেলা করছে সেবা। ফলে এক্ষেত্রে শিক্ষা মন্ত্রীর পদত্যাকে দাবি উত্থাপন করেন এপিজে সভাপতি লুরিনজ্যোতি গগৈ। সেবার প্রাক্তন অধ্যক্ষ শান্তিকাম হাজরিকা বলেন লক্ষ লক্ষ ছাত্রছাত্রীদের ভবিষ্যৎ জড়িত সেবার ক্ষেত্রে অধিক দায়িত্বশীল হওয়ার প্রযোজনীয়তা রয়েছে। সেবার নানা অনিয়মের ক্ষেত্রে সরব হয়ে ওঠেন তিনি। এক্ষেত্রে তীব্র ক্ষোভ ব্যক্ত করে সেবার বিরুদ্ধে বহু বিস্ফোরক মন্তব্য প্রকাশ করেন শান্তিকাম হাজারিকা।

অন্যদিকে বিজ্ঞানের প্রশ্নপত্র ফাঁস নিয়ে ব্যাপকভাবে তদন্ত শুরু করেছে সিআইডি। ইতিমধ্যে মহানগরের উলুবাড়ি স্থিত সিআইডি কার্যালয়ে জেরা করার জন্য তলব করে ডেকে পাঠানো হয় সেবার পরীক্ষা নিয়ন্ত্রক নয়নজ্যোতি শর্মা এবং মুখ্য পরীক্ষা নিয়ন্ত্রক জিমলি কাকতি শইকিয়া। সেবার দুই অফিসারকে কয়েক ঘন্টা ধরে জেরা করেছে সিআইডি। তাছাড়া মহানগরের কাহিলিপাড়া স্থিত মুক বধির স্কুল ভাউড়ি দেবী সেরাউগি বিদ্যালয়ের তিনজন কর্মচারীকে সন্দেহের ক্ষেত্রে জেরা করা হয়েছে। বিদ্যালয়টির অফিসার ইনচার্জ জ্যোতি রেখা বরগোহাই ছাড়াও দুইজন কর্মচারী হেরম্ব দাস, বিন্দেশ্বর টুমুংগকে জেরা অব্যাহত রেখেছে সিআইডি।

## রাষ্ট্রীয় খবর সংক্ষিপ্ত খবর

১৩ থেকে ১৫ মার্চ গুয়াহাটিতে জি টোয়েন্টির এসআইএ২০ প্রতিনিধি বৈঠক

### এসআইএ২০ এনগেজমেন্ট গ্রুপে দুটি অগ্রাধিকার ক্ষেত্র নীল অর্থনীতি ও দায়বদ্ধ কৃত্রিম বুদ্ধিমত্তা সম্পর্কে আলোচনা

সব্যসাচী শর্মা

**গুয়াহাটিঃ** গুয়াহাটি মহানগরে আগামী ১৩ থেকে ১৫ মার্চ পর্যন্ত এসআইএ২০ প্রতিনিধি বৈঠক অনুষ্ঠিত হবে। ভারতের জি টোয়েন্টির অধ্যক্ষতার অধীনে কম্পট্রলার এন্ড অডিটর জেনারেল অফ ইন্ডিয়া হয়েছে এসআইএ২০ এনগেজমেন্ট গ্রুপের অধ্যক্ষ। জি টুয়েন্টির সদস্য দেশ, অতিথি দেশ এবং অন্যান্য আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিরা এই এসআইএ২০ কার্যসূচিতে অংশগ্রহণ করবে। অস্ট্রেলিয়া, ব্রাজিল, ইন্দোনেশিয়া, ওমান, কোরিয়া গণরাজ্য, রাশিয়া, সৌদি আরব, তুরস্ক এবং ইউএইর এসআইএ গুলো অংশগ্রহণ করবে। ভারতের জি টুয়েন্টির অধ্যক্ষতার পদপ্রদর্শক নীতি বসুদেব কুটুম্বকম অর্থাৎ এক পৃথিবী এক পরিবার এবং এক ভবিষ্যতের অধীনে ভারতের সিএন্ডএজি দুইটি অগ্রাধিকার ক্ষেত্র নীল অর্থনীতি এবং দায়বদ্ধ কৃত্রিম বুদ্ধিমত্তায় এসআইএ২০ এনগেজমেন্ট গ্রুপের সহযোগিতার প্রস্তাব জানিয়েছে। উত্তরপূর্ব ভারতের দুয়ারমুখ হিসেবে পরিচিত গুহাটিতে এই বৈঠক অনুষ্ঠিত হবে। গুয়াহাটি মহানগর এক প্রধান সংস্কৃতি, রাজনৈতিক, শৈক্ষিক এবং বাণিজ্যিক কেন্দ্র। সংস্কৃতি এবং পরম্পরা, উৎসব খাদ্য সম্ভার বিশ্ব জননী পরিবেশের জন্য এই মহানগর প্রসিদ্ধ।

### আগামী ৬ এবং ৭ এপ্রিল অসম সফরে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু : কাজিরাঙ্গার হস্তি মহোৎসবে অংশগ্রহণের লক্ষ্য

**গুয়াহাটি :** অসম সফরে আসছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। আগামী ৬ এবং ৭ এপ্রিল আযোজিত কাজিরাঙ্গার হস্তি মহোৎসবে অংশগ্রহণের উদ্দেশ্যে তিনি রাজ্য সফরে আসছেন। উল্লেখ্য রাজ্যের পর্যটন এবং বন বিভাগ যৌথভাবে কাজিরাঙ্গার হস্তি মহোৎসবের আযোজন করেছে। রাজ্য সফরে এসে আযোজিত কাজিরাঙ্গার হস্তি মহোৎসবে অংশগ্রহণ কালে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু হাতি এবং সাফারি করবেন বলে জানা গেছে। এদিকে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর প্রস্তাবিত অসম সফরকে কেন্দ্র করে ইতিমধ্যে প্রস্তুতি শুরু করেছে রাজ্য সরকার। বিশেষ করে পর্যটন এবং বন বিভাগ রাষ্ট্রপতির সফরকে কেন্দ্র করে যৌথভাবে তৎপর হয়ে উঠা পরিলক্ষিত হয়েছে।কাজিরাঙ্গার হস্তি মহোৎসবে অংশগ্রহণের লক্ষ্য নিয়ে আগামী ৬ এবং ৭ এপ্রিল অসমে এলেও রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর আনুষ্ঠানিক বিস্তারিত সফর সূচি পরবর্তীকালে প্রকাশ করা হবে বলে সরকারের তরফে জানানো হয়েছে।

**জনসংখ্যা আইন** জাতি এবং ধর্ম নির্বিশেষে দুটা সন্তান নীতির আধারে কঠোর জনসংখ্যা আইন বলবৎ করার দাবী জাতীয় জনসংখ্যা সমাধান ফাউন্ডেশনের

# ১৯ মার্চ থেকে ২৩ মার্চ এবং ২৯ এপ্রিল দিল্লিতে বৃহৎ কার্যসূচির ঘোষণা

সব্যসাচী শর্মা

**গুয়াহাটি :** দেশে জনসংখ্যা নিয়ন্ত্রণের স্বার্থে আইন প্রণয়নের জন্য দীর্ঘদিন ধরে দাবি উত্থাপন করে চলেছে জাতীয় জনসংখ্যা সমাধান ফাউন্ডেশন। মূলত জাতি এবং ধর্ম নির্বিশেষে দুটা সন্তান নীতির আধারে কঠোর জনসংখ্যা আইন বলবৎ করার দাবী জানিয়ে আসছে সংগঠনটি। কঠোর জনসংখ্যা নিয়ন্ত্রণ আইন রূপায়ণের জন্য কেন্দ্রীয় সরকারকে চাপ প্রযোগ করার জন্য এবং আইনটির স্বপক্ষে দেশের প্রত্যেক রাজ্যে যোগাত্মক পরিবেশ সৃষ্টি করার জন্য ব্যাপক কার্যসূচি ঘোষণা করেছে জাতীয় জনসংখ্যা সমাধান ফাউন্ডেশন।

প্রসঙ্গত জাতীয় জনসংখ্যা সমাধান ফাউন্ডেশনের এক্সিকিউটি কমিটির এক বৈঠক অনুষ্ঠিত হয়েছে। জাতীয় জনসংখ্যা সমাধান ফাউন্ডেশন এর সর্বভারতীয় সভাপতি অনিল চৌধুরী এই বৈঠকে নেওয়া সিদ্ধান্ত সম্পর্কে গত ১০ মার্চ সবিস্তার ঘোষণা করেছেন। সংগঠনের জাতীয় সাধারণ সম্পাদক এবং প্রসার প্রমুখ হরেন্দ্র বরা বলেন সংগঠনটির এক্সিকিউটিভ কমিটিতে বহু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। সেই হিসেবে আগামী ১৯ মার্চ থেকে ২৩ মার্চ পর্যন্ত প্রত্যেক রাজ্যের জিএসএফ নিজের রাজ্যের মন্ত্রী, সংসদ এবং বিধায়কদের সঙ্গে সাক্ষাৎ করে দেশে একটি কঠোর জনসংখ্যা নিয়ন্ত্রণ আইনের প্রযোজনীয়তার বিষয়ে অবগত করাবে। জনপ্রতিনিধিরা বিধানসভা এবং সংসদে একটি কঠোর জনসংখ্যা নিয়ন্ত্রণে আইনের দাবি তোলার জন্য এবং এই ধরনের দাবিকে সমর্থন জানানোর জন্য জিএসএফ আহ্বান জানাবে। জনপ্রতিনিধিরা নিজেরা দেশে একটি জনসংখ্যা নিয়ন্ত্রণ আইনের সমর্থনে স্বাক্ষর প্রদান করে তথা অন্যকেও স্বাক্ষর প্রদান করার জন্য উৎসাহিত করবেন। বৈদ্যুতিক প্রচার মাধ্যম এবং সংবাদমাধ্যমের পাশাপাশি জনসমাবেশে একটি কঠোর জনসংখ্যা আইনের স্বপক্ষে মতামত তুলে ধরে জনসচেতনামূলক পদক্ষেপ গ্রহণ করবেন বলে আশা করা হচ্ছে। জাতীয় জনসংখ্যা সমাধান ফাউন্ডেশনের জাতীয় সাধারণ সম্পাদক এবং প্রসার প্রমুখ হরেন্দ্র বরা বলেন, সারাদেশের রাজ্য জেলা বিধানসভা এবং পঞ্চায়েত জেএসএফ এর প্রতিনিধিরা আগামী ২৮ এপ্রিল দিল্লির সীমানা গাজিয়াবাদে একত্রিত হবেন। আগামী ২৯ এপ্রিল রাজধানী দিল্লির কর্তব্যপথ অর্থাৎ রাজমার্গে অবস্থিত ইন্দিরা গেটের সামনে সমবেত হয়ে প্রত্যেক রাজ্যের জিএসএফের সভাপতি এবং প্রতিনিধিরা জনসংখ্যা আইনের দাবিতে হস্তাক্ষরিত তথা স্বাক্ষরিত পত্র গুলো প্রধানমন্ত্রীর হাতে তুলে দেবেন।

তিনি বলেন, জনবিস্ফোরণ এবং জনসংখ্যা বৃদ্ধি পাওয়ার ফলে ধর্মীয় অসন্তোলন ব্যাপকভাবে বেড়ে যাচ্ছে। এর ফলে দেশ এবং রাজ্য গুলোর নিরাপত্তা এবং ভূমিপুত্রদের আর্থসামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক অধিকারের প্রতি প্রচন্ড হুমকির সৃষ্টি হয়েছে। জনসংখ্যার নিয়ন্ত্রণের জন্য আজ পর্যন্ত দেশে একটি আইন রূপ প্রণয়ন এবং রূপায়ণ না হওয়াটি ভারতের জন্য এক দুর্ভাগ্যের বিষয় হয়ে পড়েছে। ১৯৫১ সাল থেকে অব্যাহত থাকা পরিবার পরিকল্পনা প্রকল্পটি কোনো আইনের উপরে প্রতিষ্ঠিত না। ফলে এই ধরনের প্রকল্পের সুবিধা গ্রহণ করাটি আইনের দৃষ্টিতে বাধ্যতামূলক নয়। পরিবার পরিকল্পনা প্রকল্পটি দেশে উল্টো জনসংখ্যার অসন্তোলন বৃদ্ধি করে আসছে। একটি জনসংখ্যা নিয়ন্ত্রণ আইনের মাধ্যমে দেশের জনসংখ্যা হ্রাস বৃদ্ধি নিয়ন্ত্রণ করার জন্য সরকারের হাতে একটি বিধিগত চাবিকাঠি রয়েছে। কিন্তু দুর্ভাগ্যজনক ভাবে দেশের স্বার্থের প্রতি পিঠ দিয়ে কেবল রাজনৈতিক মুনাফার জন্যই রাষ্ট্রহিতের জন্য সর্বোপরি এই ধরনের একটি আইনের প্রতি সরকার গুলোর উদাসীন হয়ে থাকাটি দেশের জন্য দুর্ভাগ্যজনক। কেন্দ্রে বিজেপি সরকার থেকে জনসংখ্যা নিয়ন্ত্রণ আইন প্রণয়ন এবং রূপায়ণের ক্ষেত্রে এক যোগাত্মক পদক্ষেপের আশা করা হচ্ছে বলে তিনি মন্তব্য করেছেন।






# বারো কোটি টাকা খরচ করে ত্রিশটি সিএনজি বাস কিনবে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন নিগম



**আলিপুরদুয়ারঃ** দীর্ঘ দু'যুগ ধরে বন্ধ থাকার পর সোমবার থেকে ফের ফালাকাটা জয়গাঁ রুটে নতুন করে যাত্রীবাহী বাস পরিষেবা চালু করলো উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন নিগম।এখন থেকে প্রতিদিন ওই বাসটি ফালাকাটা ও জয়গাঁর মধ্যে যাতায়াত করবে।কারন ভুটানের সীমান্ত শহর হওয়ার দরুন প্রতিদিন ফালাকাটা থেকে প্রচুর ব্যবসায়ী জয়গাঁয় যাতায়াত করেন।এতদিন ধরে ওই যাত্রীদের বেসরকারি পরিবহনের উপরেই নির্ভর করতে হ'ত।এছাড়াও পুজোর মধ্যেই বারো কোটি টাকা খরচ করে ত্রিশটি সিএনজি বাস কিনবে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন নিগম।যার জন্যে কোচবিহার ও কলকাতার মধ্যে তৈরি করা হবে মোট সাতটি সিএনজি রিফিলিং স্টেশন।ওই সাতটির মধ্যে ফালাকাটা বাস স্টেশনেও তৈরি করা হবে সিএনজি রিফিলিং স্টেশন।এদিন ফালাকাটা জয়গাঁ রুটের বাস পরিষেবার উদ্বোধন করতে এসে নিগমের ওই পরিকল্পনা গুলির কথা জানান নিগমের চেয়ারম্যান পার্থপ্রতীম রায়।চেয়ারম্যানের সঙ্গে সঙ্গে এদিন ওই উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ফালাকাটার পুরপিতা প্রদীপ মুহুরিসহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিরা।

## বিজেপির সাংগঠনিক জেলা সভাপতির হোটেলে ঢুকে ভাঙচুরের ঘটনায় গ্রেফতার ৪

**মালদা ঃ** দক্ষিণ মালদার বিজেপির জেলা সাংগঠনিক সভাপতি পার্থ প্রতিম ঘোষের হোটেলে তান্ডব করার ঘটনায় চারজনকে গ্রেপ্তার করল ইংরেজবাজার থানার পুলিশ। গত ৩ মার্চ পুলিশ পরিচয় দিয়ে দক্ষিণ মালদা বিজেপির সাংগঠনিক সভাপতির হোটেলে তান্ডব করে এই চারজন। ধৃতদের নাম জীবন ভগত,নয়ন রায় চৌধুরী, মিঠু দাস ও সামিউদ্দিন। এদের কাছ থেকে হোটেলের রেজিস্ট্রার খাতা উদ্ধার হয়। ধৃতদের পাঁচ দিন পুলিশ হেফাজতে নেওয়ার আবেদন জানিয়েছে পুলিশ।

## হিজল বনে ভয়াবহ আগুন, ঘটনাস্থলে দমকলের ৩টি ইঞ্জিন

**মালদা ঃ** ভয়াবহ আগুন লাগলো হিজল ফরেস্টে ঘটনাস্থলে তিনটি দমকলের ইঞ্জিন হবিবপুর ব্লকের শ্রীরামপুর পঞ্চায়েতে অবস্থিত এই হিজল বন। একেবারে ভারতবাংলাদেশ সীমান্তবর্তী সিঙ্গাবাদ ও তিলাসন গ্রামের মাঝে অবস্থিত এই হিজল বন। মালদার হবিবপুর ব্লকের ভারত বাংলাদেশ সীমান্ত অনুরাধাপুর বিএসএফ ক্যাম্পের কাঁটাতারের বেড়ার ওপরে বিস্তীর্ণ এলাকা নিয়ে হিজল বন।রবিবার দুপুরে হঠাৎই দাউ দাউ করে আগুন জ্বলতে দেখা যায় বনে। বিষয়টি দেখতে পেয়ে হবিবপুর পুলিশ প্রশাসনকে খবর দেয় স্থানীয়রা । প্রথমে আগুন নিভাতে ভারত বাংলাদেশ সীমান্তের অনুরাধাপুর বিএসএফ ক্যাম্পের ৪৪ নম্বর ব্যাটেলিয়ানে জোয়ানরা আগুন নেভাতে চেষ্টা করে কিছুক্ষণের মধ্যেই মালদা মালদা দমকল বিভাগ থেকে দুটি ইঞ্জিন ও দক্ষিণ দিনাজপুরের বুনিয়াদপুর দম কলের একটি ইঞ্জিন ঘটনাস্থলে আসে তবে আগুনের তীব্রতা এতটাই ছিল আগুন নেভাতে কিছুটা দেরি হয়ে যায় দমকল কর্মীদের। হবিবপুর ব্লকের বিডিও সুপ্রতিক সাহা জানান ভারত বাংলাদেশ সীমান্তে হিজল বনে হঠাতই বাংলাদেশের সাইট থেকে দেখা যায় আগুন স্থানীয়রা বিষয়টি জানতে পেরে খবর দেয়। বিএসএফ জোয়ানরা প্রথমে আগুন নেভানোর চেষ্টা করে তারপর, দমকল কর্মীর আগুন নিয়ন্ত্রণে আনা হয় তবে ক্ষয়ক্ষতি তেমন হয়নি বেশকিছু গাছ পুড়ে গেছে ।

দম কল কর্মী বিশ্বজিৎ মন্ডল জানান কিভাবে আগুন লাগল সেটা এখনো পরিষ্কার নয় তবে দমকলের তিনটি ইঞ্জিন এসে আগুন নেভাতে সক্ষম হয় তবে বিএসএফের ৪৪ ব্যাটেলিয়ানের জোয়ানরা প্রথমে আগুন নেভানোর চেষ্টা করে তার মধ্যেই আমরা চলে আসি পঞ্চাশ থেকে ষাট একর এলাকা নিয়ে আগুনটি লেগেছিল প্রচুর গাছের ক্ষতি হয়েছে।

## আগুনে বাড়িতে নগদ টাকাসহ লাখ টাকার মালামাল পুড়ে ছাই হয়ে গেছে

**উত্তর দিনাজপুর ঃ** আগুনে ভুস্মীভূত চোপড়া ব্লকের দাসপাড়া অঞ্চলের পিতরামগছ এলাকার এক বাড়ি। জানা যায় গতকাল রাত বারোটা থেকে সাড়ে বারোটা নাগাদ এই আগুন লাগে পিতরামগছ এলাকার সাহারা বানু নামে এক বাড়িতে জ্বলে ভস্মীভূত হয় সেই বাড়ি, ঘরের আসবাবপত্র সহ নগদ টাকা, ক্ষতিগ্রস্ত পরিবার সূত্রে খবর কেউ বা কাহারা আগুন লাগিয়ে দিয়েছে বলে অভিযোগ করছেন, এলাকায় চাঞ্চল্য, কাড়া লাগালো এই আগুন এ নিয়ে প্রশ্ন উঠছে গ্রামবাসীদের পক্ষ থেকে? ঘটনাস্থলে ইতিমধ্যেই পুলিশ প্রশাসন এসে পৌঁছেছে ঘটনার তদারকি করতে। আসলেই কি কেউ আগুন লাগিয়েছে বা কিভাবেই বা আগুন লাগলো তা খতিয়ে দেখছে চোপরা পুলিশ প্রশাসন, ইতিমধ্যেই পঞ্চায়েত সদস্যের পক্ষ থেকে ত্রাণের ব্যবস্থা করা হয়েছে, ঘটনার পূর্ণ তদন্ত শুরু করেছে চোপরা থানার পুলিশ।

## বিজেপি বিধায়ক বিশাল লামার বাড়ির সামনে তৃণমূলের বিক্ষোভ

**আলিপুরদুয়ার ঃ** চা বলয়ের শ্রমিকদের প্রোফিডেণ্ট সমস্যা সমাধানের দাবি সহ একাধিক দাবিতে গত ১ মার্চ থেকে উত্তরবঙ্গের চা বলয়ে বিজেপি বিধায়ক ও সাংসদের ঘরের সামনে ধর্ণা অবস্থান চলছে তৃণমূলের পক্ষ থেকে আজ দ্বিতীয় দফার ধর্ণার শেষ দিন । সোমবার সকাল থেকে আলিপুরদুয়ার জেলার কালচিনি ব্লকের ভাটপাড়া চা বাগানে বিজেপি বিধায়ক বিশাল লামার বাড়ির সামনে চলছে ধর্ণা । তৃণমূল চা বাগান শ্রমিক ইউনিয়নের কেন্দ্রীয় সভাপতি বীরেন্দ্র ওরাঁও জানান চা শ্রমিকদের সমস্যা সমাধান না হ ওয়া ওবধি লাগাতার আন্দোলন কর্মসূচি চলবে।

## বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে বসন্ত উৎসব পালন করলেন জলপাইগুড়ির তৃতীয় লিঙ্গ সম্প্রদায়ের সদস্যরা

**জলপাইগুড়ি ঃ** YRG Care Jalpaiguri নামে একটি সংস্থার উদ্যোগে জলপাইগুড়ি শহর ও শহরতলীর আশেপাশের তৃতীয় লিঙ্গের মানুষদের নিয়ে অনুষ্ঠিত হয় বসন্ত উৎসব।একে অপরকে আবির মাখিয়ে, মিষ্টিমুখ করিয়ে শোভাযাত্রা করেন তারা। নাচ, গান ও আনন্দ করে মনোমুগ্ধকর একটি দিন পালন করেন সকলে। YRG Care সংস্থার সদস্যরা জানান, তৃতীয় লিঙ্গের মানুষদের নিয়ে আমরা কাজ করি। তাদের স্বাস্থ্য, খাদ্য সংস্থানের পাশাপাশি সমাজে মাথা তুলে দাঁড়ানোর জন্য আমরা চেষ্টা করি। ট্রান্সজেন্ডার মানুষদের নিয়ে বর্ণ বৈষম্য দূর করার জন্য সকলকে এক ছাতার তলায় এনে সচেতনতা প্রচারও করা হয়। বসন্ত উৎসব উপলক্ষে এমন সুন্দর একটি আনন্দ

মুখর দিন উপহার পেয়ে খুব খুশি সকলেই।

অনুষ্ঠানের মধ্য দিয়ে র‍্যাম্প শো, নাচ, গান, খাওয়া দাওয়া, পরস্পরকে আবির মাখানো সহ আরও অনেক আয়োজন করা হয়। সাধারণ মানুষের প্রতি তাদের আবেদন, ট্রান্সজেন্ডার কমিউনিটির হলেও আমরাও মানুষ। তাই আমাদের তাচ্ছিল্য না করে আমাদের পাশে থাকুন সকলে।

## নদীঘাট থেকে বালি পাথর তুলতে গিয়ে মৃত্যু হয়েছে ৩ জন শ্রমিকের। আহত হয়েছে ১ শ্রমিক

**শিলিগুড়ি ।** জানুয়ারি মাস থেকে বন্ধ নদীঘাট । কর্মহীন হয়ে পড়ছে শ্রমিকেরা । রাতের অন্ধকারে ও ভোর রাতে নদীঘাট থেকে বালি পাথর তুলতে গিয়ে মৃত্যু ৩ যুবকের । আহত ১ ।ঘটনাটি ঘটেছে শিলিগুড়ি মহাকুমার মাটিগারার বানিয়া খারি ত্রিপালি জোত এলাকায় । ভোর রাতে মাটিগারা বালাসন নদীর পার কাটতে গিয়ে ধস নামে । ধসে, রোহিত সাহানি ১৫, শ্যামল সাহানি ১৫, মনু কুমার ২০ মৃত্যু হয়ছে ৩ জন শ্রমিকের। আহত হয়েছে ১ শ্রমিক। মাটিগাড়া বানিয়াখাড়ির বাসিন্দা। মৃত ৩ শ্রমিকই নাবালক বলে জানা গিয়েছে । নদীঘাট বন্ধ থাকায় কর্মহীন হয়ে পড়ছে শ্রমিকেরা আর ঘটনার পর প্রশাসনের বিরুদ্ধে একরাশ ক্ষোভ উগড়ে দেয় এলাকাবাসীরা । মাটিগাড়া থানার পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠায়।

## মাথাভাঙ্গা জামালদহ রাজ্য সড়কে ভয়াবহ পথ দুর্ঘটনায় মৃত্যু হল একই পরিবারের চারজনের

**কোচবিহার ঃ**মাথাভাঙ্গা জামালদহ রাজ্য সড়কে ভয়াবহ পথ দুর্ঘটনায় মৃত্যু হল একই পরিবারের চারজনের। ঘটনায় গুরুতর যখম আরো তিনজন। স্থানীয় সূত্রের খবর গতকাল রাত আনুমানিক বারোটা ত্রিশ মিনিট নাগাদ মাথাভাঙ্গা জামালদা ১৬ নম্বর রাজ্য সড়কে গোপালপুর গ্রাম পঞ্চায়েতের পাইকারের টারি এলাকায় একটি টোটো তে করে সাত জন যাত্রী যাচ্ছিল জামালদহের দিকে। সেই সময় পিছন থেকে একটি ট্রাক ওই টোটোটিকে ধাক্কা মারে এবং টোটো টিকে সঙ্গে নিয়ে রাস্তার পাশে খাদে পড়ে যায়। ঘটনাস্থলেই বাসন্তী বর্মন (৪০) এর মৃত্যু হয়। আহতদের প্রথমে জামালদহ হাসপাতালে পাঠানো হলে চিকিৎসক আরো তিনজন মেনকা বর্মন (৩৫), মানসী বর্মন (১২) এবং অনিতা বর্মন(৩২)কে মৃত বলে ঘোষণা করে। এই ভয়াবহ পথ দুর্ঘটনায় ৯ বছরের দুই শিশু অভিজিৎ বর্মন, রবি বর্মন সহ প্রশান্ত বর্মন (৪০) গুরুতর আহত অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন।

## মদ্যপ অবস্থায় যুবককে মারধর, প্রতিবাদ করায় আক্রান্ত আরো এক প্রতিবেশী

**মালদা ঃ** মদ্যপ অবস্থায় এসে যুবককে মারধর। প্রতিবাদ করায় আক্রান্ত আরো এক প্রতিবেশী। সোমবার সকালে ঘটনাটি ঘটেছে পুরাতন মালদা থানার চরকাদির পুর এলাকায়। আক্রান্ত দুইজন মালদা মেডিকেল কলেজে ভর্তি। স্থানীয় সূত্রে জানা গেছে আক্রান্তরা হলো শ্যামল মন্ডল এবং বিভীষণ মন্ডল। জানা যায় এদিন সকালে মদ্যপ অবস্থায় এসে সুশান্ত মন্ডল,জহরলাল মন্ডল এবং সুজন মন্ডল শ্যামল মণ্ডল কে মারধর করে। প্রতিবাদ করায় প্রতিবেশী বিভীষণ মণ্ডলকে হাঁসুয়ার কোপ মারে অভিযুক্তরা বলে অভিযোগ। এই ঘটনার পর আক্রান্ত দুইজনকে নিয়ে আসা হয় মালদা মেডিকেল কলেজ হাসপাতালে। ঘটনায় পুরাতন মালদা থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। পুরো ঘটনার তদন্ত শুরু হয়েছে।

## জেলা অথবা লোকাল স্তরে পঞ্চায়েত নির্বাচনের জোট করতে চলেছে সিপিআই (এম)

**কোচবিহার ঃ** রাজ্য স্তরে না হলেও জেলা অথবা লোকাল স্তরে তৃণমূল বিজেপি বাদ দিয়ে অন্যান্য দলের সঙ্গে পঞ্চায়েত নির্বাচনের জোট করতে চলেছে সিপিআই (এম)। আজ কোচবিহার জেলার সিপিআই (এম) দলীয় কার্যালয়ে সাংবাদিক সম্মেলন করে এ কথা জানালেন সিপিআইএম রাজ্য সম্পাদক মোহাম্মদ সেলিম। এদিন সাংবাদিক সম্মেলন করে তিনি বলেন, পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে জেলা কমিটির বৈঠক হচ্ছে। দলীয়ভাবে যেমন বৈঠক করা হচ্ছে পাশাপাশি বামফ্রন্টের বৈঠক তারা করছেন।

## বাগডোগরা এশিয়ান হাইওয়েতে গাড়ি ও ট্রাকের সংঘর্ষ, আহত ৮

**শিলিগুড়ি ঃ**বাগডোগরা এশিয়ান হাইওয়েতে একটি গাড়ি এবং একটি ট্রাকের মধ্যে মুখোমুখি সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে আহত হয়েছেন ৮ জন। তাদেরকে বাগডোগরা প্রাথমিক হাসপাতালে নিয়ে যাওয়া হয়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় বাগডোগরা থানার পুলিশ। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। সংঘর্ষে গাড়ি দুটি সম্পূর্ণ বিধ্বস্ত হয়। পুলিশ ক্রেনের সাহায্যে সড়ক থেকে যানবাহন সরিয়ে সড়কে যান চলাচল স্বাভাবিক করা হয়।

## শিলিগুড়ি কলেজে দোল উৎসব উদযাপন

**শিলিগুড়ি ঃ**বসন্ত উৎসবের মধ্য দিয়ে নব প্রজন্ম ও ছাত্রছাত্রীদের মধ্যে দোল উৎসবের তাৎপর্য তুলে ধরতে শিলিগুড়ি কলেজের অধ্যক্ষ ডঃ সুজিত ঘোষ ও অন্যান্য কলেজ অধ্যাপক অধ্যাপিকারা বসন্ত উৎসবে মেতে উঠলেন।দোলের আগের দিনই শহরে বিক্ষিপ্তভাবে আয়োজিত হয় রঙের উৎসব। আর তাতেই নাচে, ছন্দে মেতে উঠলো শিশু থেকে প্রবীণ সকলে।নৃত্য ও সঙ্গীত পরিবেশনের মধ্য দিয়ে এদিন শিলিগুড়ি কলেজের ছাত্র ছাত্রীরা মেতে উঠেন বসন্ত উৎসবে।গতবছর করোনা পরিস্থিতির জন্য এই উৎসব স্থগিত রাখা হয়েছিল। প্রতিবছর এই প্রাক বসন্ত উৎসবের জন্য অধীর আগ্রহে অপেক্ষা করে থাকেন শহরের সংস্কৃতিমনস্ক মানুষ। করোনা পরিস্থিতি কাটিয়ে এবছর আনন্দের সাথে বসন্ত উৎসব পালন করেন ছাত্র ছাত্রী থেকে শুরু করে সকলেই।

## বসন্ত উৎসবের আনন্দে মেতে উঠেছে গোটা জলপাইগুড়ি

**জলপাইগুড়ি ঃ**বসন্ত উৎসবের আনন্দে মেতে উঠেছে গোটা জলপাইগুড়ি শহর। কচিকাঁচা থেকে শুরু করে সকলকেই আনন্দে গা ভাসাতে দেখা যায়। বিভিন্ন চাবাগান এলাকা থেকে শুরু করে রঙিন উৎসবে মেতে উঠতে দেখা গেল সমস্ত শ্রেণির মানুষকে। বসন্ত উৎসবকে সামনে রেখে জলপাইগুড়ির বিভিন্ন সাংস্কৃতিক সংগঠনের পক্ষ থেকে জলপাইগুড়ি শহরে শোভাযাত্রা বের করা হয়। শহরের বিভিন্ন জায়গায় পরিক্রমা করে ওই শোভাযাত্রা। জলপাইগুড়ির বিভিন্ন এলাকায় অলিগলিতে দোল উৎসব শুরু হয়েছে। কোথাও প্রভাত ফেরির মধ্য দিয়ে আবার কোথাও বা নাচে গানে হুল্লোড় করে বসন্ত উৎসব পালন করা হচ্ছে। আট থেকে আশি প্রত্যেকেই সামিল হয়েছেন রঙের উৎসবে। নাচ, গান করে আবির খেলে বসন্তোৎসব পালন করা হচ্ছে। বিভিন্ন স্কুল, কলেজ প্রাঙ্গনেও। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় ক্যাম্পাসেও ছাত্র ছাত্রীদের পক্ষ থেকে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সঙ্গীত ও নৃত্যের পাশাপাশি একে অপরকে রং মাখিয়ে এদিন বসন্ত উৎসব পালন করেন তারা।

## কলকাতা থেকে ফিরে হাসপাতালে গিয়ে আহতদের সঙ্গে দেখা করলেন রাজগঞ্জের বিধায়ক খগেশ্বর রায়

**জলপাইগুড়ি ঃ** তৃণমূলের গোষ্ঠীর সংঘর্ষে সোমবার উত্তপ্ত হয়ে উঠেছিল জলপাইগুড়ি সুপার স্পেশালিটি হাসপাতাল চত্বর।হাসপাতালের চুক্তি ভিত্তিক কর্মীরা কাদের ছত্র ছায়ায় থাকবে এই নিয়ে শুরু হয় দুই গোষ্ঠীর লড়াই।ঘটনায় আহত হন এক মহিলা সহ ছয় জন। মঙ্গলবার কলকাতা থেকে ফিরে হাসপাতালে গিয়ে আহতদের সঙ্গে দেখা করলেন রাজগঞ্জের বিধায়ক খগেশ্বর রায়।তার বক্তব্য, হাসপাতালের মতো জরুরি পরিষেবা ক্ষেত্রে এই ধরনের ঘটনা কোনও ভাবেই কাম্য নয়। হাসপাতালে তৃণমূলের একটিই সংগঠন রয়েছে।সেটি আই এন টি টি ইউ সি অনুমোদিত। দ্বিতীয় সারা বাংলা হসপিটাল অস্থায়ী ঠিকা কর্মী সংগঠন তৃণমূল অনুমোদিত কোনও সংগঠন নয় বলে দাবি করেন বিধায়ক। নাম না করে হাসপাতাল চত্তরে তৃণমূলের এক নেতার গুন্ডামী বন্ধ করতে অভিষেক বন্দোপাধ্যায়ের নজরেও বিষয়টি আনবেন বলে জানান তিনি।

## সাত সকালে অজ্ঞাত পরিচয় দেহ উদ্ধারে চাঞ্চল্য

**শিলিগুড়ি ঃ** সাত সকালে অজ্ঞাত পরিচয় দেহ উদ্ধারে চাঞ্চল্য ফুলবাড়ীর ফাঁসিদেওয়া এলাকায়। বুধবার সাত সকালে ফুলবাড়ী মহানন্দা ব্যারেজ সংলগ্ন ফাঁসিদেওয়া ব্লকের দ্বারা বক্স এলাকায় মহানন্দা নদীর তীরে কচুরিপানায় এক ব্যাক্তির দেহকে আটকে থাকতে দেখেন পথচারীরা। খবর দেওয়া হয় ফাঁসিদেওয়া থানায়।অবশেষে ফাঁসিদেওয়া থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে দেহটিকে উদ্ধার করে, ময়নাতদন্তের জন্য উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠায়। উদ্ধার হওয়া মৃতদেহের নাম পরিচয় জানার চেষ্টা করছে পুলিশ। পুলিশ সূত্রে জানা গেছে ১০ থেকে ১২ দিন আগের দেহ হতে পারে।বয়স আনুমানিক তিরিশ বত্রিশ এর কাছাকাছি ।।

## লেলিনের মূর্তি ভাঙচুর

**শিলিগুড়ি ঃ** লেলিনের মূর্তি ভাঙচুর। নকশালবাড়ির বেঙ্গাইজোতে নকশালবাড়ি আন্দোলনের শহীদ বেদীতে দুস্কৃতি হানা। লেলিনের আবক্ষ মূর্তিতে ভাঙার অভিযোগ। বুধবার সকালে নকশালবাড়ি আঃেদালনের শহীদ বেদীতে লেলিনের আবক্ষ মূর্তিতে ভাঙচুর দেখতে পান স্থানীয়রা। ঘটনার খবর ছড়িয়ে পড়লে ভিড় জমান স্থানীয়রা। পরে খবর পেয়ে নকশালবাড়ি পুলিশ ঘটনাস্থলে পৌঁছে ঘটনার তদন্ত শুরু করেছে। লেলিনের মূর্তিতে ভাঙচুর করলেও অন্য মূর্তিতে কোনো ভাঙচুর হয়নি। ঘটনায় দোষীদের শাস্তির দাবি করছেন সিপিআইএমএলের কর্মী সমর্থকরা। এর আগেও এই শহীদ বেদীতে মূর্তি ভাঙার ঘটেছিল।

## ডিএর দাবিতে ধর্মঘটের ডাক দিল সাংগরি ইউনাইটেড ফোরাম

**কোচবিহার ঃ** ধর্মঘটের ডাক দিলেন সংগ্রামী যৌথ মঞ্চ। দেশের অন্যান্য রাজ্যে যখন কেন্দ্রীয় হারে দিয়ে দেওয়া হচ্ছে তখন এই রাজ্যে দিয়ে দেওয়া হচ্ছে ৩ শতাংশ।এই বিষয়ে রাজ্য সরকারের কাছে একাধিকবার আবেদন নিবেদন করা হয়েছে। কিন্তু রাজ্য সরকার এই বিষয়ে কোন কর্ণপাতই করেননি।সেই কারণে আগামী দশই মার্চ সংগ্রামী মঞ্চের ৪৫টি সংগঠন একত্রিত হয়ে কর্মবিরতি দাগ দিয়েছেন।তাদের মূল দাবি কেন্দ্রীয় হারে দিয়ে দিতে হবে সেই সাথে রাজ্যের সমস্ত শূন্য পদ স্বচ্ছতার সাথে পূরণ এবং সমস্ত অস্থায়ী কর্মীদের স্থায়ীকরণের দাবিনিয়ে। রাজ্যের সমস্ত সরকারি কর্মচারী স্কুল কলেজের শিক্ষক শিক্ষিকারা মিলে এই কর্ম বিরতির দাগ দিয়েছেন।

## মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় আঠারোখাই গ্রাম পঞ্চায়েতে চল্লিশটি প্রকল্পের উদ্বোধন

**শিলিগুড়ি ঃ** মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুপ্রেরণায় আঠারোখাই গ্রাম পঞ্চায়েত সম্পাদিত বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের শুভ উদ্বোধন ও শিলান্যাস অনুষ্ঠান অনুষ্ঠিত হলো আঠারোখাই গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত চৈতন্যপুর বিনয়নগর এলাকায়। এদিন চল্লিশটি প্রকল্পের উদ্বোধন হয় পাশাপাশি ১৪ টি নতুন প্রকল্পের শিলান্যাস করা হয়।এদিন এই প্রকল্পগুলির উদ্বোধন করেন শিলিগুড়ি মহাকুমা পরিষদের সভাধিপতি অরুন ঘোষ। যার মধ্যে রয়েছে কমিউনিটি হল,৪টি সোলার সিস্টেম জলপ্রকল্প। এছাড়াও ১৪ টি নতুন প্রকল্পের শিলান্যাসের মধ্যে নতুন রাস্তা ও ড্রেন সহ একাধিক কাজ রয়েছে।

# দাদাভাই ক্লাব মাঠে পৌর কর্মকর্তাদের নিয়ে বসন্ত উৎসব পালন করেছে মহিলা সংগঠন

**শিলিগুড়ি ঃ** বসন্ত উৎসবে মাতলো শহর শিলিগুড়ি। সোমবার মহিলা দারা পরিচালিত সংগঠন সৌমীর পক্ষ থেকে প্রাগ বসন্ত উৎসবের আযোজন করা হয় দাদাভাই মাঠ প্রাঙ্গণে। নাচে গানে, আবির খেলার মধ্যে দিয়ে পালিত হলো দোল উৎসব। এ দিন এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিলিগুড়ি পুরো নিগমের নিযগে গৌতম দেব ডেপুটি মেয়র রঞ্জন সরকার, চেয়ারম্যান প্রথম চক্রবর্তী বিশিষ্ট সমাজ সেবী দিব জ্যোতি চক্রবর্তী, শান্তা ছেত্রী সহ শিলিগুড়ি পৌরনিগমের একাধিক আধিকারিকেরা অনুষ্ঠান সম্পর্কে সমীর পক্ষ থেকে সভানেত্রী মিলি সিনহা বলেন।






## বিধায়ক তহবিলে তৈরি আলিপুরদুয়ার সুবোধসেন স্মৃতি দৃষ্টিহীন বিদ্যালয়ের ছাত্রাবাস ও সীমানা প্রাচীর উদ্বোধন করলেন বিধায়ক সুমন কার্যালয়

**আলিপুরদুয়ার ঃ** সোমবার দুপুর নাগাদ আলিপুরদুয়ার এক নম্বর ব্লক বীরপাড়া সংলগ্ন এলাকায় সুবোধ সেন স্মৃতি দৃষ্টিহীন বিদ্যালয়ের নবনির্মিত ছাত্রাবাস এবং সীমানা প্রাচীরের উদ্বোধন অনুষ্ঠান আযোজিত হয়। জানা গেছে আলিপুরদুয়ারের বিধায়ক সুমন কাঞ্জিলাল বিধায়ক তহবিল থেকে নতুন ছাত্রাবাস এবং সীমানা প্রাচীদের জন্য ১৫ লক্ষ টাকা অনুদান দেন। সেই টাকা দিয়েই বিদ্যালয়ের নতুন ছাত্রাবাস এবং সীমানা প্রাচীরের একাংশ তৈরি করা হয়। এদিন সেই ছাত্রাবাস এবং সীমানা প্রাচীরের উদ্বোধন করেন বিধায়ক সুমন কাঞ্জিলাল। এদিনের এই উদ্বোধনী অনুষ্ঠানে বিধায়ক ছাড়াও উপস্থিত ছিলেন আলিপুরদুয়ার জেলা পরিষদের সহকারী সভাধিপতি মনোরঞ্জন দে ও পৌরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ করসহ অন্যান্য অতিথিরা। জানাগেছে এই প্রথম আলিপুরদুয়ারের বিধায়ক তহবিল থেকে বরাদ্দ খরচ করে বিদ্যালয়ের ভবন এবং সীমানা প্রাচীর তৈরি করা হয়।

## বানিয়াখারী বালাসন ঘাটে তিনজন শ্রমিকের মৃতের পরিবারের হাতে ২ লক্ষ টাকা করে অনুদান তুলে দিল শিলিগুড়ির মেয়র গৌতম দেব

**শিলিগুড়ি ঃ** মাটিগাড়া বানিয়াখারী বালাসন ঘাটে তিনজন শ্রমিকের মৃতের পরিবারের হাতে ২ লক্ষ টাকা করে অনুদান তুলে দিল শিলিগুড়ির মেয়র গৌতম দেব। পাশাপাশি আহত একজনকে ২৫ হাজার টাকা দেওয়া হবে বলে জানান মেয়র। এদিন সকালে মৃতের পরিবারদের সঙ্গে দেখা করেন শিলিগুড়ি মেয়র গৌতম দেব, মাটিগাড়া বিডিও শ্রীবাস বিশ্বাস, দার্জিলিং জেলা তৃণমূল কংগ্রেসের সভানেত্রী পাপিয়া ঘোষ, নকশালবাড়ি পঞ্চায়েত সমিতির সভাপতি আনন্দঘোষ সহ অন্যান্যরা। অবৈধভাবে নাবালক ছেলেদের এভাবে কাজ করাকে নিয়ে জেলা সভানেত্রী পাপিয়া ঘোষ কে জিজ্ঞাসা করা হলে তিনি জানান বিষয়টি নিয়ে প্রশাসন তৎপর রয়েছেন এবং আরো নজর রাখা হবে।

## শিলিগুড়িতে উদ্ধার হরিণের শিং ও তক্ষক, ধৃত ৩

**শিলিগুড়িঃ** ভুটান থেকে চীনে পাচারের আগে বনদপ্তর এর তৎপরতায় উদ্ধার হরিণের শিং ও তক্ষক । বড় সরো সাফল্য বৈকুন্ঠপুর বনবিভাগের ডাবগ্রাম বনদপ্তরে। বনদপ্তর এর গোয়েন্দা বিভাগের গোপন সূত্রের খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে হাতেনাতে গ্রেপ্তার ৩ জন। শরীরের মধ্যে লুকিয়ে হরিণের শিং ও একটি ব্যাগে করে বিরল প্রজাতির তক্ষক নেপাল হয়ে চীনে পাচারের ছক কষেছিল তিন পাচারকারী। তার আগে শিলিগুড়ির নৌকাঘাট মোড় থেকে একটি বাস থেকে সন্দেহ হাওয়ায় তিনজনকে আটক করে তল্লাশি চালালে শরীরের জামাকাপড়ের মধ্য থেকে উদ্ধার হয় বিরল প্রজাতির তক্ষক ও হরিণের শিং সাথে সাথে গ্রেফতার করা হয় তিন অভিযুক্তকে। ধৃতরা তিনজন মধ্যে ২ জন কোচবিহার ও ১ জন আলিপুরদূয়ার জেলার বাসিন্দা। যাদের নাম আজিবুল হক, সৌভিক দাম ও বিষ্ণু বর্মন। বনদপ্তর এর প্রাথমিক অনুমান কয়েক লক্ষ টাকা দিয়ে হাত বদলে ছকছিলো পাচারকারীদের। এদিন ধৃতদের জলপাইগুড়ি আদালতে তুলে পুলিশ রিমান্ডে চাওয়া হবে।

## মালদা শিল্পী সংসদ, জেলা ক্রীড়া সংস্থা ও মালদা কালিতলা ক্লাব এর যৌথ উদ্যোগে প্রভাত ফেরির মধ্য দিয়ে পালন বসন্ত উৎসব

**মালদা ঃ** মালদা শিল্পী সংসদ, জেলা ক্রীড়া সংস্থা ও মালদা কালিতলা ক্লাব এর যৌথ উদ্যোগে প্রভাত ফেরির মধ্য দিয়ে পালন বসন্ত উৎসব। মঙ্গলবার সকালে মালদা শহরের পোস্ট অফিস মোড় থেকে সুসজ্জিত প্রভাত ফেরি শহর পরিক্রমা করে শেষ হয় মালদা ডি এস এ ময়দানে। প্রভাত ফেরিতে পা মেলান ইংরেজবাজার পৌরসভার চেয়ারম্যান কৃষ্ণেন্দু নারায়ন চৌধুরী, কাউন্সিলর কাকলি চৌধুরী, উদ্যোক্তা কমিটির সদস্য প্রসেনজিৎ দাস, মালদা শিল্পী সংসদের সম্পাদক মলয় সাহা সহ অন্যান্যরা। শান্তিনিকেতনের আদলে হলুদ শাড়ি পড়ে প্রভাত ফেরিতে অংশ নেন মহিলারা। প্রভাত ফেরিতে নৃত্য প্রদর্শন করেন শিল্পীরা। গানের তালে নাচে মেতে উঠে শিশুরাও।শহর পরিক্রমা করে প্রভাত ফেরি শেষ হয় মালদা ডিএসএ ময়দানে। সেখানে দোল উৎসবের আযোজন করা হয়।

## আজকের দিনটি



**মেষ ঃ** পারিবারিক চিন্তা। আয় কম, খর্চা বেশী। স্বাস্থ্য বাধা।

**বৃষ ঃ** প্রেমি-প্রেমিকার মধ্যে মনোমালিন্য। আর্থিক দুরাবস্থা, স্বাস্থ্যর অবনতি।

**মিথুন ঃ** ভোগ বিলাসে সময় কাটবে। ধনের অপব্যায়, পারিবারিক কার্যে বাধা।

**কর্ক ঃ** মান-সম্মান ও প্রতিষ্ঠায় বৃদ্ধি। অনিষ্ঠ গ্রহের শান্তি করান অন্যথা দুর্ঘটনার সম্ভাবনা।

**সিংহ ঃ** মুখরোচক আহারের সম্ভাবনা। বিদের ভ্রমণ বা অন্যান্য স্থানে ভ্রমণের যোগ। পরিবারে কিঞ্চিত অশান্তি।

**কন্যা ঃ** স্বামী স্ত্রীর মধ্যে মধুর সম্পর্ক। ব্যবসায় লাভ।

**বৃশ্চিক ঃ** লম্বিত কার্য সম্পন্ন হইবে। সন্তান যোগের সম্ভাবনা। স্বামী স্ত্রীর মধ্যে সুসম্পর্ক ।

**তুলা ঃ** সন্তানের শারিরিক অবনতি। মা-বাবার সন্তান সুখ লাভ। গৃহ-ভূমি কেনার সম্ভাবনা।

**ধনু ঃ** নতুন কার্য ও নতুন ব্যাবসার উদ্বোধন। রাজনীতিজ্ঞদের উচ্চ পদ লাভ।

**মকর ঃ** পরিশ্রমদ্বারাই জীবনযাপন সুষ্ঠ ভাবে সম্ভব। স্বামী স্ত্রীর মধ্যে সুসম্পর্ক। ভ্রমণে সম্ভাবনা ।

**কুম্ভ ঃ** স্বামী স্ত্রীর মধ্যে মধুর সম্পর্ক। ব্যবসায় লাভ।

**মীন ঃ** ব্যবসায় লোকসান, হওয়া কাজে বাধা, মহিলারা নিজের সাস্থ্যের দিকে লক্ষ রাখুন।

**তান্ত্রিক অশোক স্বামী**

# ‘পিসি ভাইপোকে গ্যারেজ করে দেব’, নন্দীগ্রাম দিবসে হুঁশিয়ারি শুভেন্দুর

**কলকাতা ঃ** নন্দীগ্রাম দিবসের মঞ্চ আক্রমণাত্মক রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তিনি নাম না করে মমতা বন্দ্যোপাধ্যায় এবং অভিষেক বন্দ্যোপাধ্যায়কে নিশানা করেছেন। শুভেন্দু রীতিমত চ্যালেঞ্জ ছুড়ে দিয়ে বলেছেন, পিসি ভাইপোকে গ্যারাজ করে দেব। এমনকী পুলিশকেও নিশানা করে তিনি বলেছেন চটি পুলিশ।

নন্দীগ্রাম দিবসে ফের বিস্ফোরক মন্তব্য করলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। আদালতের নির্দেশে নন্দীগ্রামে সভা করার অনুমতি পেয়েছেন তিনি। মঙ্গলবার নন্দীগ্রাম দিবস নিয়ে তৃণমূল কংগ্রেস এবং বিজেপির দড়ি টানাটানি চলছে। মঙ্গলবার সকালে নন্দীগ্রাম দিবস উপলক্ষ্যে অনুষ্ঠান করেন করেন শুভেন্দু অধিকারী। সেই মঞ্চ থেকে সরাসরি মমতা বন্দ্যোপাধ্যায়কে নিশানা করেছেন তিনি। নাম না করে মমতা বন্দ্যোপাধ্যায় এবং অভিষেক বন্দ্যোপাধ্যায়কে নিশানা করেছেন রাজ্যের বিরোধী দলনেতা।

নন্দীগ্রাম দিবসে আদালতের নির্দেশে সাত সকালে গোকুলনগরে সভা করেন শুভেন্দু অধিকারী। সেই সভা থেকে রীতিমত শাসক দলকে চ্যালেঞ্জ ছুড়ে দিয়েছেন বিরোধী দলনেতা। শুভেন্দু অধিকারী হুঁশিয়ারি দিয়ে বলেছেন 'পিসি ভাইপোকে গ্যারেজ করব'। 'আগামী বছর ভেতরে থাকবে ভাইপো।' গোকুলনগরের সভা থেকে চ্যালেঞ্জ ছুড়ে দিয়ে হুঁশিয়ারি দিয়েছেন, সামনের বছর আবার আসব। তখন ভাইপো ভেতরে থাকবে। নাম না করেই নিশানা করেছেন শুভেন্দু অধিকারী।



এদিন শুভেন্জদ্দু অধিকারী আরও অভিযোগ করেছেন যে নন্দীগ্রাম আন্দোলনকে দখলের চেষ্টা করা হয়েছিল। অর্থাৎ শহিদ দিবসকে দখল করতে চেয়েছিল তৃণমূল কংগ্রেস। তিনি দাবি করেছেন নন্দীগ্রাম আন্দোলন কারোর একার নয়। কোনও একজন নির্দিষ্ট নেতৃত্বের কারণে নন্দীগ্রাম আন্দোলন হয়নি। নন্দীগ্রাম আন্দোলন জনগণের বলে দাবি করেছেন শুভেন্দু অধিকারী। শাসক দল একাই এই শহিদ দিবসের কৃতিত্ব নিতে চেয়েছে বলে প্রকাশ্যে অভিযোগ করেছেন নন্দীগ্রামের বিধায়ক।

এদিন নন্দীগ্রাম দিবসের অনুষ্ঠান সেরে শুভেন্দু অধিকারী চলে যান সোনাচূড়ায়। সেখানে শহিদ পরিবারের পা ধুয়ে দেন তিনি। এবং তাঁদের হাতে জামাকাপড় তুলেদেন। শুভেন্দু অধিকারির সভামঞ্চেও শহিদ পরিবারের সদস্যদের দেখা গিয়েছে। শুভেন্দু অধিকারীর সভা মঞ্চে শহিদ পরিবারের সদস্যদের উপস্থিতি নিয়ে রাজনৈতিক জল্পনা তৈরি হয়েছে। যদিও নন্দীগ্রামের শহিদ পরিবাররা এখন দুই ভাগে ভাগ হয়ে গিয়েছে।

শুভেন্দু অধিকারীকে পাল্টা নিশানা করেছেন তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ। তিনি পাল্টা শুভেন্দু অধিকারীকে নিশানা করে বলেছেন শুভেন্দু অধিকারী এবার জেলে যাবে। বিজেপিতে গিয়ে ইডি থেকে বাঁচার চেষ্টা করছে। কিন্তু সেটা বেশিদিন করতে পারবে না বলে পাল্টা নিশানা করেছেন কুনাল ঘোষ। নন্দীগ্রাম আন্দোলন মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে সংগঠিত হয়েছিল বলে পাল্টা দাবি করেছেন কুণাল ঘোষ। আজ আদালতের নির্দেশে পৃথকভাবে নন্দীগ্রাম দিবস পালন করা হচ্ছে। তাতে যাকবেন চন্দ্রিমা ভট্টাচার্য।

# অবশেষে কুন্তল শান্তনুকে বহিষ্কার করে তৃণমূল বলল, প্রতিহিংসার রাজনীতি চলছে

**কলকাতা ঃ** নিয়োগ দুর্নীতিতে অবশেষে পদক্ষপ করল তৃণমূল। অভিযুক্ত হুগলির দুই তৃণমূল নেতা শান্তনু বন্দ্যোপাধ্যায় এবং কুন্তল ঘোষকে পার্টি থেকে বহিষ্কার করল তৃণমূল। এর আগে নিয়োগ দুর্নীতিতে তৃণমূলের মহাসচিব পদ থেকে পার্থ চট্টোপাধ্যায়কে সরানোর ঘোষণা করা হয়। এরপর আজ মঙ্গলবার গ্রেফতারের দেড়মাসের মাথাতে যুবনেতা কুন্তলকে বহিষ্কারের ঘোষণা করা হয়। একই সঙ্গে নিয়োগ দুর্নীতিতে গ্রেফতারের পাঁচদিনের মাথাতে শান্তনুকেও তৃণমূলকে সরিয়ে দেওয়ার সিদ্ধান্ত। যদিও অনুব্রত মণ্ডল কিংবা মানিক ভট্টাচার্যের বিরুদ্ধে কেন এখনও ব্যবস্থা নয় তা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে। রীতিমত অস্বস্তি বাড়ছে শাসকদলের নিয়োগ দুর্নীতিতে রীতিমত অস্বস্তি বাড়ছে শাসকদলের। কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার হাতে একের পর এক তৃণমূল নেতার নাম সামনে আসছে। এমনকি চাকরি বাতিল হচ্ছে একের পর এক তৃণমূল নেতা এবং ঘনিষ্ঠদের। যা নিঃসন্দেহে চাপ বাড়ছে তৃণমূলের উপর। এই অবস্থায় আজ মঙ্গলবার সাংবাদিকদের মুখোমুখি হন রাজ্যের মন্ত্রী শশী পাঁজা এবং ব্রাত্য বসু। সেখানেই কুন্তল এবং শান্তনুকে দল থেকে বহিষ্কারের ঘোষণা করা হয়। রাজ্যের শিক্ষকদের ‘চোর’ অপবাদ দিলেন তৃণমূল বিধায়ক অরূপ চক্রবর্তী দুর্নীতির সঙ্গে কোনও ভাবেই আপোস নয়। এই প্রসঙ্গে শশী পাঁজার দাবি, দুর্নীতির সঙ্গে কোনও ভাবেই আপোস নয়। এক্ষেত্রে জিরো টলারেন্স নীতি নিয়েছে শাসকদল। কখনই তৃণমূল দোষীদের সমর্থন করে না বলে এদিন মন্তব্য করেছেন রাজ্যের মন্ত্রী। তবে তদন্তে গতি আনার কথা বলছেন তিনি। একই সঙ্গে রাজ্যের মন্ত্রীর কথায়, এই কেলেঙ্কারিতে যাদের নাম এসেছে ইতিমধ্যে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে। এটাই তৃণমূলের সঙ্গে অন্যান্য দলের পার্থক্য বলে দাবি। এই প্রসঙ্গে কড়া ভাষায় বিজেপিকে আক্রমণ শানান শশী পাঁজা। এমনকি সে দলে গেলে যে সবাই ওয়াশিং মেশিনে পড়ে যায় বলে দাবি তাঁর। প্রতিহিংসার অভিযোগ করেছেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু অন্যদিকে রাজনৈতিক প্রতিহিংসার অভিযোগ করেছেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। তাঁর দাবি, বিজেপির একাধিক্ লোক রয়েছে। এমনকি শুভেন্দু ঘনিষ্ঠের নাম সামনে আসছে। কিন্তু তাঁদের বিরুদ্ধে কোনও পদক্ষেপ করা হচ্ছে না বলে অভিযোগ রাজ্যের মন্ত্রীর। কোনও এক অজ্ঞাত কারণে সেখানে তদন্ত যাচ্ছে না বলেও অভিযোগ। শুধু তাই নয়, ব্রাত্যের দাবি, ২০১৪ সাল থেকে একটা নোংরা রাজনীতি চলে আসছে। দুর্নীতিগ্রস্থ বলে কালিমালিপ্ত করা হচ্ছে। এটা প্রতিহিংসার রাজনীতি ছাড়া আর কিছু নয় বলে দাবি তৃণমূল নেতার। তাঁর মতে, উন্নয়ন এবং ভোটে না পেরে এমন রাজনীতি করা হচ্ছে। তবে আগামী পঞ্চায়েত নির্বাচনে মানুষ ফের তৃণমূলকে ভোট দেবে বলেও দাবি।





# ৮৪২ চাকরি বাতিলের নির্দেশকে চ্যালেঞ্জ গ্রুপ সি কর্মীদের, ডিভিশন বেঞ্চে মামলা হাইকোর্টে

**কলকাতা ঃ** শুক্রবার বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায় সুপারিশে চাকরি হওয়া ৭৮৫ জনের নিয়োগপত্র বাতিলের নির্দেশ দেন। সেইসঙ্গে সুপারিশ ছাড়া চাকরি হওয়া আরও ৫৭ জনের চাকরি বাতিলের নির্দেশও দেন। শুক্রবার বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের নির্দেশে চাকরি হারিয়েছিলেন গ্রপুর সির ৮৪২ জন কর্মী। সোমবার সিঙ্গেল বেঞ্চের সেই নির্দেশকে চ্যালেঞ্জ করে ডিভিশন বেঞ্চের দ্বারস্থ হলেন গ্রুপ সির চাকরিহারাদের একাংশ। এই মামলার শুনানি এই সপ্তাহের মধ্যেই হওয়ার সম্ভাবনা রয়েছে। সোমবার বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের নির্দেশকে চ্যালেঞ্জ করে ডিভিশন বেঞ্চের দ্বারস্থ হয়েছিলেন ৮৪২ জন চাকরিহারার একাংশ। সেই মোতাবেক মামলা দায়েরের অনুমতি দিল বিচারপতি সুব্রত তালুকদারের ডিভিশন বেঞ্চ। এই সপ্তাহের যেকোনো দিন এই মামলা শুনবে বিচারপতি। ’২০১৮’য় পঞ্চায়েত ভোটে শান্তনুর নেতৃত্বেই চলেছিল সন্ত্রাস’, বিস্ফোরক দাবি বলাগড়ের তৃণমূল নেতারই শুক্রবার বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায় সুপারিশে চাকরি হওয়া ৭৮৫ জনের নিয়োগপত্র বাতিলের নির্দেশ দেন। সেইসঙ্গে সুপারিশ ছাড়া চাকরি হওয়া আরও ৫৭ জনের চাকরি বাতিলের নির্দেশও দেন। এই মর্মে বিচারপতি গঙ্গোপাধ্যায় পরদিন দুপুরে ১২টার মধ্যে বিজ্ঞপ্তি প্রকাশ করতে বলেন। মোট ৮৪২ জনের চাকরি বাতিল করা হয়। এই মর্মে বিজ্ঞপ্তি জারি করে স্কুল সার্ভিস কমিশন এবং মধ্যশিক্ষা পর্ষদ। ফলে চাকরি বাতিল হয় সুপারিশ করা ৭৮৫ জনের ও সুপারিশ ছাড়া ৫৭ জনেরও। গ্রুপ ডির পর গ্রুপ সি কর্মীদের চাকরি বাতিল হওয়ার পরই রাজ্য রাজনীতিতে ঝড় ওঠে। সেই তালিকায় শাক দলের একাধিক নেতা নেত্রীর আত্মীয় পরিজনের নাম উঠে আসে। এই তালিকায় যেমন মুখ্যমন্ত্রীর আত্মীয়ের নাম ছিল, ছিল তৃণমূল বিধায়কদের আত্মীয় পরিজনদের নামও। বিজেপি নেতাদের আত্মীয়ের নামও ছিল বলে দাবি। তৃণমূল মুখপাত্র কুণাল ঘোষ আবার অভিযোগ করেন, শুভেন্দু অধিকারীর সুপারিশে চাকরি হওয়া ১৫০ জনের মধ্যে ৫৫ জনের নাম রয়েছে বাদের তালিকায়। ফলে চাপ, পাল্টা চাপের খেলা চলতেই থাকে। অবশেষে কুন্তল শান্তনুকে বহিষ্কার করে তৃণমূল বলল, প্রতিহিংসার রাজনীতি চলছে বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায় নির্দেশ দিয়েছিলেন, গ্রুপ সি কর্মীরা আর স্কুলে ঢুকতে পারবেন না। স্কুলের কোনো কাজে তাঁরা যুক্ত থাকতে পারবেন না। তবে এখনই ওই কর্মীদের বেতন ফেরতের নির্দেশ দেওয়া হয়নি। বিষয়টি পরে বিবেচনা করা হবে বলে জানিয়েছিলেন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়। এই পরিস্থিতিতে চাকরি হারানো কর্মীদের একাংশ হাইকোর্টের দ্বারস্থ হলেন। তাঁদের হাইকোর্টের ডিভিশন বেঞ্চে আবেদনের অনুমোদন দিলেন বিচারপতি তালুকদার। বিচারপতি গঙ্গোপাধ্যায় মধ্যশিক্ষা পর্ষদকে অদক্ষ বলে ব্যাখ্যা করেছিলেন। বিচারপতি গঙ্গোপাধ্যায় আরও বলেছিলেন, এই সব দুর্নীতির কারণে অনেক স্বচ্ছ প্রার্থী রাস্তায় রাস্তায় ঘুরছে। তাদের চাকরি বিক্রি করা হয়েছে ক্ষমতাকে ব্যবহার করে। এই দুর্নীতিতে ৭৮৫ জন তাদের দায়িত্ব এড়িয়ে যেতে পারে না। তারা এই সুযোগটা উপভোগ করছে বলে মন্তব্য করেন বিচারপতি।



# আগামীকালের ধর্মঘট কে ব্যর্থ করতে সরকারি অফিস এবং স্কুলে গিয়ে হুঁশিয়ারি তৃণমূল কংগ্রেসের

**কোচবিহার ঃ** রাজ্য সরকারি কর্মচারী সংগঠনগুলির যৌথ মঞ্চের পক্ষ থেকে শুক্রবার ধর্মঘটের ডাক দেওয়া হয়েছে। সেই ধর্মঘট কে ব্যর্থ করতে দিনহাটা সরকারি অফিস এবং বিভিন্ন স্কুলে গিয়ে কর্মীদের হুঁশিয়ারি তৃণমূল কংগ্রেসের।আগামীকাল ধর্মঘটে সামিল হলে তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে বলে হুশিয়ারি দিতে দেখা যায় তৃণমুল নেতাদের। আর এই ঘটনার পর স্বাভাবিকভাবেই গণতন্ত্র নিয়ে প্রশ্ন তুলতে শুরু করেছে সরকারি কর্মচারীরা।

## একদিকে ডি এর দাবীতে ধর্মঘট,অপরদিকে ধর্মঘটের বিরোধিতা

**জলপাইগুড়ি ঃ** একদিকে ডি এর দাবীতে ধর্মঘট। অপরদিকে ধর্মঘটের বিরোধিতা। দুই যুযুধান শিবিরের বিক্ষোভ, আর পালটা বিক্ষোভে উত্তপ্ত জলপাইগুড়ি জেলাশাসকের কার্যালয়। মহার্ঘ্য ভাতা,মহার্ঘ্য রিলিফ,বকেয়া ডি এ প্রদান,অনিয়মিত কর্মচারীদের নিয়মিত করন এবং পশ্চিমবাংলায় গনতন্ত্র পুনরূদ্ধার ও বিভাজনের রাজনীতির বিরুদ্ধে আগামীকাল রাজ্য জুড়ে ধর্মঘটের ডাক দিয়েছে বাম প্রভাবিত যৌথ মঞ্চ।অপরদিকে বনধের বিরোধিতায় তৃনমূল প্রভাবিত সরকারি কর্মচারী ফেডারেশন এর বিক্ষোভ কর্মসূচিতে উত্তাল জলপাইগুড়ি জেলাশাসকের অফিস চত্তর। পরিস্থিতি যাতে নিয়ন্ত্রণে থাকে তার জন্য মোতায়েন রয়েছে বিশাল পুলিশ বাহিনী।

## এবারের বিশ্ববাংলা শিল্পী হাটে হস্তশিল্প মেলার প্রধান আকর্ষণ পাটকাঠি দিয়ে তৈরি দুর্গা

**শিলিগুড়ি ঃ**শিলিগুড়ি বিশ্ববাংলা শিল্পী হাটে হস্তশিল্প মেলা শুরু হয়েছে, সেই মেলায় অন্যতম প্রধান আকর্ষণের কেন্দ্রবিন্দু হয়ে উঠেছে মিঠুন মন্ডল এর পাটকাঠি দিয়ে তৈরি দুর্গা।একইসঙ্গে জগন্নাথের মূর্তি, সরস্বতীর মূর্তি, মা কালীর মূর্তি বানিয়ে ফেলেছেন পাট কাঠি দিয়ে। দেশলাই কাঠি দিয়েও তিনি ছোট্ট দুর্গা বানিয়েছে। মেলায় ঘুরতে আসা ভ্রমনার্থীরা বারবার তার এই দোকান ঘুরে যাচ্ছেন। এতো নিখুঁত কাজ না দেখলে বিশ্বাস করা যায় না। এই প্রথমবার হস্তশিল্প মেলায় এসেছেন মিঠুন।মিঠুনের কাজ দেখে প্রশংসায় ভরিয়ে দিলেন সকলে।শিল্পী মিঠুন মন্ডল জানান, আমি এই প্রথমবার এই মেলায় এসেছি আমার কাজ লোকে দেখুক লোকে একটু জানুক এই জন্যই আমার এই মেলায় আসা। এখনো পর্যন্ত ভীষণ ভালো রেসপন্স রয়েছে। এই সমস্ত জিনিসগুলির মূল্য ১০০০ থেকে শুরু করে ৭ হাজার পর্যন্ত রয়েছে।

## বাড়ির ভিতরে বোমা নিক্ষেপ, একজন সিভিক ভলান্টিয়ারকে হত্যা

**উত্তর দিনাজপুর ঃ** বাড়িতে ঢুকে দুস্কৃতিদের বোমা নিক্ষেপ সিভিক ভল্যাঃটিয়ারের মৃত্যু। ঘটনাস্থল ইসলামপুর থানার দক্ষিন মাটিকুন্ডা গ্রাম। মৃতের নাম সাকিব আখতার। অভিযোগের তীর ইসলামপুর ব্লকের মাটিকুন্ডা ১ গ্রাম পঞ্চায়েতের প্রধানের বিরুদ্ধে। তৃনমুলের গোষ্ঠীদ্বন্দের জেরেই এই ঘটনা বলে প্রাথমিকভাবে স্থানীয় সুত্রে জানা গেছে। মৃতের ভাই ইসলামপুরের তৃনমুল বিধায়ক আব্দুল করিম চৌধুরীর গোষ্ঠী এবং অভিযুক্ত প্রধান তৃনমুলের জেলা সভাপতি তথা ইসলামপুরের পুরপ্রধান কানাইয়ালাল আগরওয়ালের গোষ্ঠী বলেই খবর। এই দুই গোষ্ঠীর দীর্ঘদিন ধরেই বিবাদ চলছিল। আর এনিয়েই বুধবার মধ্য রাতে বাড়িতে ঢুকে প্রধান ও তার দলবল মিলে বাড়িতে বোমা নিক্ষেপ করলে রক্তাক্ত অবস্থায় লুটিয়ে পড়েন ওই সিভিক ভল্যান্টিয়ার। তাকে উদ্ধার করে ইসলামপুর মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসক তাকে মৃত বলে ঘোষনা করেন। অন্যদিকে খবর পেয়েই হাসপাতালে ছুটে যান ইসলামপুরের বিধায়ক আব্দুল করিম চৌধুরী। তিনি এই ঘটনার তীব্র নিন্দা করার পাশাপাশি ইসলামপুরের পুলিশ সুপারের বিরুদ্ধেও সুড় চড়ান এবং তৃনমুল সুপ্রীমো তথা মুখ্যমন্ত্রীকে চ্যালেঞ্জ করে এমন চলতে থাকলে তিনি তৃনমুল ছেড়ে নির্দল হয়ে আবারো নির্বাচনে লড়ে তৃনমুল প্রার্থীকে হারানোর হুশিয়ারি দেন। যদিও এই বিষয়ে এখনো জেলা সভাপতি বা অভিযুক্তের পক্ষের কোনো প্রতিক্রিয়া মেলেনি। তবে এলাকায় উত্তেজনা থাকায় পুলিশ মোতায়েন আছে। রাতে সিভিক ভল্যান্টিয়ারের মৃত্যুর ঘটনায় ফের উত্তপ্ত ইসলামপুরের মাটিকুন্ডা গ্রাম। দক্ষিন মাটিকুন্ডার বাসিন্দারা এবং করিম চৌধুরী পন্থী তৃনমুল কংগ্রেসের সমর্থকেরা মিলে মিছিল করে মাটিকুন্ডা বাজারের সামনে জমায়েত হয়ে পথ অবরোধ করে বিক্ষোভ শুরু করল। অভিযুক্তদের গ্রেফতারের দাবীতেই চলছে বিক্ষোভ। মোতায়েন ব্যাপক পুলিশ বাহিনী ও কম্ব্যাট ফোর্স। রাজনৈতিক বিবাদকে ঘিরে ইসলামপুর থানার মাটিকুন্ডা ১ গ্রাম পঞ্চায়েতের দক্ষিণ মাটিকুন্ডা এলাকা বুধবার গভীর রাতে উত্তপ্ত হয়ে উঠল। বিবাদের জেরে চলল গুলি বোমা। মাথায় বোমার আঘাতে ৩০ বছর বয়সী সিভিক ভলান্টিয়ার সাকিব আখতারের মৃত্যু হয়েছে আজ সে কারণে শ্রীকৃষ্ণপুর ৩১ নম্বর জাতীয় সড়কে রাস্তায় আগুন জ্বালিয়ে এবং রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখায় পাশাপাশি এই ঘটনার জেরে তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। মূল অভিযুক্ত সহ দুষ্কৃতীদের গ্রেপ্তারের দাবিতে ইসলামপুর থানার সামনে বিক্ষোভ তৃণমূলের ঝান্ডা হাতে তৃণমূল কর্মীরা।

## আলুর সঠিক মূল্য এবং বন্ডের কালোবাজারি, রাস্তায় আলু ফেলে দিয়ে পথ অবরোধ আলু চাষিদের

**জলপাইগুড়ি ঃ** আলুর সঠিক মূল্য এবং বন্ডের কালোবাজারি অভিযোগ তুলে শিলিগুড়ি জলপাইগুড়ি রোড ৭৩ মোড়ে রাস্তায় আলু ফেলে দিয়ে পথ অবরোধ আলু চাষিদের।আলুর দাম কুনটাল প্রতি নূন্যতম ১০০০ টাকা, হিম ঘরে আলু চাষীদের আলু সংরক্ষণ নিশ্চিত, সরকারে লাভজনক মরলে সরকারি চাষীদের কাছ থেকে আলু কেনা, ভিন রাজ্যে আলুর রপ্তানিতে সরকারের হস্তক্ষেপ করা সহ বেশ কয়েক দফা দাবিতে রাজ্য সড়ক অবরোধ সারা ভারত কৃষক সভা জলপাইগুড়ি পক্ষ থেকে। বৃহস্পতিবার দুপুরে জলপাইগুড়ি শিলিগুড়ি রোড ৭৩ মোড়ে রাস্তায় আলু ফেলে বিক্ষোভ দেখান আলু চাষিরা। তাই ঘন্টা খানেক ঘরে চলে এই অবরোধ। অবরোধের ফলে শিলিগুড়ি জলপাইগুড়ি রাস্তায় বহু গাড়ি আটকে পড়ে। ঘটনার স্থানে পুলিশ মোতায়ন।

## দেব বনি সোহম থেকে মিমি প্রিয়াঙ্কা সায়নী! শান্তনুর সঙ্গে টলিউডের ঘনিষ্ঠ যোগের বিষয় প্রকাশ্যে

**কলকাতা ঃ** নিয়োগ দুর্নীতি কাণ্ডে হুগলি জেলা পরিষদের জনস্বাস্থ্য কর্মাধ্যক্ষ কথা তৃণমূল যুব কংগ্রেসের নেতা শান্তনু বন্দ্যোপাধ্য়ায়কে গ্রেফতার করেছে ইডি। শান্তনুর ধাবা উদ্বোধনে গত বছর ১ জুলাই হাজির ছিলেন প্রিয়াঙ্কা সরকার। টলিউডের এই অভিনেত্রীর পাশাপাশি একাধিক নায়ক নায়িকার সঙ্গে শান্তনুর ঘনিষ্ঠ যোগাযোগের সপক্ষে প্রমাণ মিলছে। তা খতিয়ে দেখছেন তদন্তকারী অফিসাররা। শান্তনুর স্ত্রী প্রিয়াঙ্কা বন্দ্যোপাধ্যায়। তাঁর নামে মালিকানা দেখিয়েই গত বছর রথের দিন দ্য স্পুন নামে রেস্তোরাঁ ও ধাবার উদ্বোধন করেছিলেন শান্তনু। তাতে হাজির ছিলেন টলিউডের নায়িকা প্রিয়াঙ্কা সরকার। কুন্তল ঘোষের ঘনিষ্ঠ সোমা চক্রবর্তীর নেল পার্লার উদ্বোধন করেন কৌশানী মুখোপাধ্যায়। এবার প্রিয়াঙ্কার সঙ্গে শান্তনুর কোনও আর্থিক লেনদেন হয়েছিল, তার উৎস কী এইসব খতিয়ে দেখছেন তদন্তকারী অফিসাররা। কুন্তল ঘোষ টলিউডের নায়ক বনি সেনগুপ্তকে গাড়ি কেনার জন্য অন্তত ৪০ লক্ষ টাকা দিয়েছিলেন বলে অভিনেতা নিজেই ইডির কাছে স্বীকার করেছেন। বনিকে প্রথম দিন দুই দফায় জিজ্ঞাসাবাদের পর ফের ডেকে পাঠানো হয়েছে। বনি কুন্তলের কয়েকটি ইভেন্ট করে দেন বলে জানান তদন্তকারী অফিসারদের। সেই বনির সঙ্গে একটি খেলার অনুষ্ঠানে অতিথি হিসেবে দেখা গিয়েছে শান্তনু বন্দ্যোপাধ্যায়কেও। ফলে স্বাভাবিকভাবেই বিষয়টি অন্য মাত্রা পেয়েছে। কুন্তলকে এদিন নিয়োগ দুর্নীতির মাস্টারমাইন্ড বলে উল্লেখ করেছেন শান্তনু। তবে শান্তনুর সঙ্গে তৃণমূল যুব কংগ্রেস নেতা কুন্তলের ঘনিষ্ঠতা সম্পর্কে নিশ্চিত তদন্তকারী অফিসাররা। ফলে কুন্তলের পর এবার শান্তনুর সঙ্গেও বনির ছবি তদন্তে নয়া মাত্রা যোগ করতে পারে। তৃণমূল যুব কংগ্রেসের রাজ্য সভানেত্রী সায়নী ঘোষ। তিনিও অভিনেত্রী। অভিষেক বন্দ্যোপাধ্যায় তৃণমূল যুব কংগ্রেসের রাজ্য সভাপতি থাকাকালীন শান্তনু ছিলেন রাজ্য সহ সভাপতি। এখন অবশ্য তিনি তৃণমূল যুব কংগ্রেসের কোনও পদে নেই। সায়নীর সঙ্গে তৃণমূল ভবনেই দেখা গিয়েছে শান্তনু বন্দ্যোপাধ্যায়কে। তৃণমূল যুব কংগ্রেসের প্রভাবশালী নেতা শান্তনু বন্দ্যোপাধ্যায়। মিমি চক্রবর্তী তৃণমূল কংগ্রেসের অভিনেত্রী সাংসদ। তাঁদের দুজনকেও একটি অনুষ্ঠানে একসঙ্গে দেখা গিয়েছে। স্বাভাবিকভাবেই এইসব ছবি বিরোধী রাজনৈতিক দলগুলির কাছে হাতিয়ার হয়ে ওঠার পক্ষে যথেষ্ট। তৃণমূল কংগ্রেসের তারকা প্রচারকদের মধ্যে অন্যতম অভিনেতা সাংসদ দেব। দীপক অধিকারী ওরফে দেবকে ইতিমধ্যেই কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা গরু পাচার কাণ্ডে জিজ্ঞাসাবাদ করেছে। সেই শান্তনুর সঙ্গে দেবকেও দেখা গিয়েছে দলীয় প্রার্থীর সমর্থনে প্রচারে। সেই মঞ্চে ছিলেন শান্তনুর স্ত্রীও। শান্তনুর স্ত্রী ও কুন্তল প্রযোজনা সংস্থা খুলেছিলেন বলেও তদন্তকারীরা জানতে পেরেছেন। শান্তনু বন্দ্যোপাধ্যায় বাংলার যুব শক্তি কর্মসূচিতে একাধিক জেলার পর্যবেক্ষক ছিলেন। ২০২০ সালে তৃণমূল যুব কংগ্রেসের যে কমিটি অভিষেক বঃেদ্যাপাধ্য়ায় ঘোষণা করেছিলেন তাতে সহ সভাপতিদের তালিকার ১ নম্বরে ছিল সোহম চক্রবর্তীর নাম। তার ঠিক পরেই ছিল শান্তনুর নাম। সোহমও টলিউডের অভিনেতা। তাঁর সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক ছিল শান্তনুর। সেই সম্পর্ক কতদূর অবধি ছিল সেটাও তদন্তে উঠে আসার সম্ভাবনা। তৃণমূল কংগ্রেসের টিকিটে জিততে না পারলেও দলের অন্যতম রাজ্য সাধারণ সম্পাদক পদে আসীন রয়েছেন সায়ন্তিকা মুখোপাধ্যায়। টলিউডের এই নায়িকার সঙ্গেও একাধিক অনুষ্ঠানে দেখা গিয়েছে শান্তনুকে। দলীয় অনুষ্ঠানে শান্তনুর সঙ্গে আলাদা করে কথা বলতে দেখা গিয়েছে সায়ন্তিকাকে। সায়ন্তিকার সঙ্গে দলীয় কর্মসূচির পাশাপাশি হুগলির চুঁচুড়ায় একটি গণেশ পুজোর অনুষ্ঠানেও দেখা গিয়েছে শান্তনু বন্দ্যোপাধ্যায়কে। স্বাভাবিকভাবেই শান্তনুর গ্রেফতারির পর এইসব ছবি অস্বস্তিতে ফেলতে পারে সায়ন্তিকাকেও। টলিউডের বিষয়ে সায়ন্তিকার সঙ্গে শান্তনুর কোনও কথা হয়েছিল কিনা সে বিষয়টিও তদন্তকারীরা খতিয়ে দেখতে পারেন বলে সূত্র মারফত খবর মিলছে। টলিউডের বেতাজ বাদশা হিসেবে মন্ত্রী অরূপ বিশ্বাসের ভাই স্বরূপ বিশ্বাসকে বলে থাকেন বিরোধীরা। তাঁর কথা ছাড়া টলিউডে একটা পাতা নড়ে না বলেও অভিযোগ। তৃণমূল কংগ্রেসেরই একটি কর্মসূচিতে শান্তনুকে আলাদা করে কথা বলতে দেখা গিয়েছে স্বরূপের সঙ্গে। ইডি তদন্তকারীদের দাবি, নিয়োগ দুর্নীতির টাকা কুন্তলের মাধ্যমে গিয়েছে টলিউডেও। তাতে শান্তনুর জড়িত কিনা সেটাও খতিয়ে দেখা হচ্ছে। তৃণমূল কংগ্রেস শিবির থেকেই জানা গিয়েছে, শান্তনু বন্দ্যোপাধ্যায়ের ঘনিষ্ঠ সম্পর্ক চন্দননগরের বিধায়ক ইন্দ্রনীল সেনের। শান্তনুর সঙ্গে রাজ্যের মন্ত্রী ইন্দ্রনীলের একাধিক ছবি রয়েছে। ইন্দ্রনীল নিজে একজন সংগীতশিল্পী। চন্দননগরে জগদ্ধাত্রী পুজোর অনুষ্ঠানে ইন্দ্রনীল ও সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়ের উপস্থিতিতে মঞ্চে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে প্রণাম করতেও দেখা গিয়েছে শান্তনুকে। মুখ্যমন্ত্রীর মঞ্চে যে কেউ উঠতে পারেন না। ফলে এই ধরনের ছবিই প্রমাণ করে তিনি কতটা প্রভাবশালী। তৃণমূলের প্রাক্তন সাংসদ ও বিশিষ্ট নাট্যব্যক্তিত্ব অর্পিতা ঘোষের সঙ্গে একই মঞ্চে দেখা গিয়েছে শান্তনুকে। ধনিয়াখালির সেই পঞ্চায়েত সম্মেলনের মঞ্চে মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য, সাংসদ মালা রায়কে। বাবুল সুপ্রিয় বিজেপি ছেড়ে তৃণমূল কংগ্রেসে গিয়েছেন। বালিগঞ্জ থেকে বিধায়ক হয়ে রাজ্যের মন্ত্রী। বেআইনি অর্থলগ্নি কেলেঙ্কারিতে তাঁর নাম উঠে এসেছিল বিশিষ্ট সংগীতশিল্পী বাবুলের। বাবুল সুপ্রিয়র সঙ্গে সম্প্রতি দেখা গিয়েছে শান্তনু বন্দ্যোপাধ্যায়কে। বাবুলের কতটা ঘনিষ্ঠ হয়ে উঠেছিলেন শান্তনু, তা নিয়েও চর্চা রয়েছে।

## সম্পাদকীয়

# ধান 'বুড়ো' হয়ে যাচ্ছে, সামাল দিতে এসেছে 'জেনেটিক গেইন'

খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে, সেইসঙ্গে বৈচিত্র্যময় পরিবেশের সঙ্গে খাপ খাইয়ে নিতে পারে এমন উন্নত ও উচ্চ ফলনশীল ধানের জাত উদ্ভাবনে দীর্ঘদিন ধরে কাজ করে আসছেন বিজ্ঞানীরা। তার সর্বশেষ সংস্করণ হল ঃ'জেনেটিক গেইন'। বৈজ্ঞানিক কর্মকর্তাদের মতে, একটি নির্দিষ্ট সময়ে কোনো ফসলের বৈশিষ্ট্যের উন্নয়ন ঘটানো, সেইসাথে নির্দিষ্ট শতাংশ বেশি উৎপাদন হওয়াকে 'জেনেটিক গেইন' বলা হয়। এই প্রক্রিয়ায় ধানের এমন সব জাত উদ্ভাবন করা হচ্ছে, যেগুলো অল্প সময়ে বেশি বেশি উৎপাদন করতে সক্ষম। একইসাথে ধানের মানেরও উন্নয়ন ঘটবে। এখানে মান বলতে মূলত 'ধানের সুগন্ধ, চকচকে, দেখতে চিকন ও আকর্ষণীয়' হবে বলে গবেষকরা জানিয়েছেন। এরইমধ্যে এই আধুনিক জাতের ধান দিয়ে ফলন শুরু হয়েছে, সেইসাথে গবেষণাও অব্যাহত রয়েছে। ধান গবেষণা ইন্সটিটিউট এখন পর্যন্ত ১১৩টি উচ্চফলনশীল আধুনিক ধানের জাত উদ্ভাবন করেছে। এরমধ্যে ৮টি হাইব্রিড জাতের। প্রতিটি জাতই কোন না কোন বৈশিষ্ট্যে অনন্য। তবে বর্তমানে প্রচলিত বেশির ভাগ জনপ্রিয় ধানের জাতের বয়স ২৮-৩০ বছর ছাড়িয়ে গিয়েছে। এগুলোকে



অনেক সময় 'বুড়ো' ধানও বলা হয়। এসব ধানের ফলন সময়ের সাথে সাথে কমে আসতে শুরু করেছে। এই সময়ের মধ্যে আরও অনেক নতুন জাত উদ্ভাবন হলেও, সেগুলো আগের জনপ্রিয় জাতগুলোকে প্রতিস্থাপন করতে পারেনি। ফলে খাদ্য নিরাপত্তা টেকসই করার ক্ষেত্রে অনেক চ্যালেঞ্জের মুখে। তবে 'জেনেটিক গেইন' সেই লক্ষ্য অর্জনের পথে দেশকে এগিয়ে নেবে বলে আশা করছে গবেষণা প্রতিষ্ঠানগুলো। ধান গবেষণা ইন্সটিটিউটের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মোহাম্মদ খালেকুজ্জামান জানান, প্রচলিত ধানের জাত যদি প্রতি হেক্টরে দেড় টন উৎপাদন হয়, সেখানে জেনেটিক গেইন প্রযুক্তির কারণে হেক্টর প্রতি দুই মন ধান উৎপাদন সক্ষম। ফলে জেনেটিক গেইনের মাধ্যমে ক্রমবর্ধমান জনসংখ্যার খাদ্য চাহিদা মেটানো এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব বলে জানিয়েছেন গবেষকরা। গবেষণায় ২০৫০ সালের মধ্যে দেশের আনুমানিক জনসংখ্যা হিসাব করে, চাষযোগ্য জমির পরিমাণ, বার্ষিক ধানের উৎপাদন বৃদ্ধি ও জলবায়ুর অবস্থা মূল্যায়ন করা হয়। সেখানে গবেষকরা বলেছেন, জেনেটিক গেইন বৃদ্ধি, অনাবাদী জমি চাষ, কৃষি যান্ত্রিকীকরণ ও ফসলের ন্যায্য মূল্য নিশ্চিত করে প্রধান এই খাদ্যদ্রব্যের উৎপাদন বৃদ্ধি করা হবে। সরকারের মূল লক্ষ্য ধানের উৎপাদন বাড়ানো হলেও আরেকটি লক্ষ্য কৃষির বাণিজ্যিকরণা। এক্ষেত্রে উচ্চ ফলনশীল ধানের পাশাপাশি প্রিমিয়াম কোয়ালিটি বা উচ্চমানের ধান উৎপাদনেও জোর দেয়া হচ্ছে। যে ধানের বাজারদর বেশি সেটিই উচ্চমানের ধান। এটি সুগন্ধযুক্ত, চিকন ও চকচকে হতে পারে। ধান গবেষণা ইন্সটিটিউটের খন্দকার মো. ইফতেখারুদ্দৌলা বলেছেন, মানুষ যখন থেকে ধান চাষ শুরু করেছে তখন থেকেই তারা ধানের ফলন বাড়ানোর চেষ্টা করেছে। সময়ের সাথে সাথে নতুন নতুন প্রযুক্তির সমন্বয় হয়েছে। এভাবে উচ্চ ফলনশীল জাত উদ্ভাবনের পাশাপাশি, মানের দিকেও নজর দেয়া হচ্ছে। ধানের পপুলেশন ইমপ্রুভমেন্ট এবং সাইক্লিং ব্রিডিংয়ের মাধ্যমে ধানকে মানসম্মত করা হচ্ছে। প্রচলিত ধানগুলোর ফলন কমে যাওয়ার পেছনে ধানের চারা কখন রোপণ করা হচ্ছে, ভূপ্রকৃতি আবহাওয়া কেমন, ধানের জেনেটিক বৈশিষ্ট্যে কোন পরিবর্তন আসছে কি না - এমন আরও নানা বিষয় নির্ভর করে। ধান একটি স্বপরাগায়িত ফসল। এর ফলে উৎপাদনে কোনো পরিবর্তন ঘটে না। তবে পরিবেশ ও জলবায়ু পরিবর্তনের কারণে ধানের রোগবালাইয়ের ধরণ, পোকামাকড়ের বায়োটাইপ প্রতিনিয়ত বদলে যাচ্ছে। এমন আরও নানা কারণে বর্তমানে প্রচলিত জাতগুলোর উৎপাদন আগের চাইতে কমে গিয়েছে বলে তিনি জানান। এ কারণে ধানের প্রচলিত এই জাতগুলোকে অনেকেই 'ধানের বুড়ো হয়ে যাওয়া' বলে আখ্যা দিচ্ছেন। এছাড়া সময় মতো ধান রোপণ না করার একটা প্রভাবও এর উৎপাদনে গিয়ে পড়ে। ফসলের ক্যালেন্ডার অনুযায়ী, ধানের সর্বোচ্চ ফলন পেতে বছরের ৩১শে জানুয়ারির আগে সব বোরো ধান রোপণ করে ফেলতে হয়। কিন্তু কোথাও কোথাও এখনও বোরো ধান রোপণ করা হচ্ছে বলে তিনি দেখেছেন। অথচ নির্ধারিত সময়ের একদিন দেরিতে ধান রোপণ করলে প্রতি হেক্টরে ৮০ কেজি ফলন কমে যাওয়ার আশঙ্কা থাকে।

## জানা অজানা

### অস্কারে রেকর্ড গড়লেন মালয়েশিয়ান অভিনেত্রী

অস্কারের ৯৫ বছরের ইতিহাসে কোনো এশিয়ান নারী সেরা অভিনেত্রীর পুরস্কার পাননি। এবার সে পথ খুলল আর পথপ্রদর্শক হিসেবে লেখা থাকবে ৬০ বছর বয়সী মালয়েশিয়ান অভিনেত্রী মিশেল ইয়োর নাম।

চার দশকের ক্যারিয়ারে এবারই প্রথম অস্কারে মনোনয়ন পেয়েছিলেন তিনি। প্রথমবারই বাজিমাত করলেন মিশেল ইয়ো। 'এভরিথিং এভরিহয়ার অল অ্যাট ওয়ানস' ছবিতে অভিনয়ের জন্য সেরা অভিনেত্রীর পুরস্কার পেয়েছেন তিনি।

সোমবার সকালে যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলেসের ডলবি থিয়েটারে জমকালো আয়োজনে অস্কারের ৯৫তম আসরে পুরস্কার ঘোষণা করা হয়।

পুরস্কার গ্রহণের পর ইয়ো বলেন, 'আমার মতো দেখতে কিশোরকিশোরীদের জন্য এটি (পুরস্কার) আশা ও সম্ভাবনার পথনির্দেশিকা হয়ে থাকবে। এটা প্রমাণ করে, স্বপ্ন সত্যি হয়। নারীদের বলব, কখনোই কাউকে বলতে দেবেন না, আপনার জীবনের সেরা সময়টাকে ফেলে এসেছেন। কখনোই হাল ছাড়বেন না।'


'এভরিথিং এভরিহয়ার অল অ্যাট ওয়ানস' সিনেমার দৃশ্য মিশেল ইয়ো

'এভরিথিং এভরিহয়ার অল অ্যাট ওয়ানস' সিনেমার দৃশ্য মিশেল ইয়োটুইটার

সেরা অভিনেত্রীর লড়াইয়ে কেট ব্লানচেট, আনা ডে আরমাস ও মিশেল উইলিয়ামসকে পেছনে ফেলেছেন মিশেল ইয়ো। সেরা অভিনেত্রী ছাড়াও সেরা সিনেমাসহ মোট সাত শাখায় পুরস্কার পেয়েছে 'এভরিথিং এভরিহয়ার অল অ্যাট ওয়ানস' ছবিটি।

আশির দশকের শুরুতে মিস মালয়েশিয়া নির্বাচিত হয়ে মিস ওয়ার্ল্ডে অংশ নেন মিশেল ইয়ো। নব্বইয়ের দশকে হংকংয়ের বেশ কয়েকটি সিনেমায় দেখা গেছে মিশেল ইয়োকে। ১৯৯৭ সালে জেমস বন্ড সিরিজের সিনেমা 'টুমোরো নেভার ডাইস'-এ কাজ করে দর্শকের মাঝে পরিচিতি পান। তিনি বাফটায় সেরা অভিনেত্রীর মনোনয়নও পেয়েছিলেন।

# চীন আর ভারতের সীমান্ত স্থাপনা যেভাবে হিমালয়ে বিপদ তৈরি করছে



সোমা রাও
প্রাবন্ধিক

ভারতের উত্তরাঞ্চলে হিমালয়ঘেঁষা শহর জোশীমঠের ভূমি এবং আশেপাশের এলাকায় ফাটল দেখা দেয়ার পর বেশ কয়েকদিন ধরেই সংবাদপত্রের শিরোনাম হয়ে উঠেছে। শহরটি ডুবে যাচ্ছে কিনা, তা নিয়ে বিতর্ক থাকলেও বিজ্ঞানীরা বলছেন, হিমালয় ঘিরে আরও বড় একটি ভয়ের বিষয় আস্তে আস্তে পরিস্কার হতে শুরু করেছে। তারা বলছেন, হিমালয় অঞ্চল ঘিরে যে হারে ভারত এবং চীন নানা ধরনের অবকাঠামো তৈরি করতে শুরু করেছে, তাতে বড় ধরনের প্রাকৃতিক বিপর্যয়ের ঝুঁকি তৈরি হয়েছে।

সেই সঙ্গে বৈশ্বিক জলবায়ুর উষ্ণতা বেড়ে যাওয়ার কারণে হিমালয় অঞ্চলের নাজুক ইকো সিস্টেম হুমকির মুখে পড়েছে, বড় বড় হিমবাহগুলো আর স্থায়ী বরফে ঢাকা এলাকাগুলোতে বরফ গলতে শুরু করেছে।

বিশেষ করে ভারত ও চীনের যেসব এলাকায় মহাসড়কগুলো তৈরি করা হচ্ছে, রেলওয়ের লাইন বসানো হয়েছে, টানেল তৈরি করার জন্য পাহাড় খনন করা হচ্ছে, বাঁধ আর বিমানবন্দর তৈরি করা হচ্ছে, উভয় অংশেই এই চিত্র আরও পরিস্কার হচ্ছে।

'আসলে এর মাধ্যমে বিপদকে আরও কাছে ডেকে আনা হচ্ছে,' বলছেন অসলো বিশ্ববিদ্যালয়ের ভূগোল এবং জলবিদ্যার অধ্যাপক আন্দ্রেস কাব। ভারতের উত্তরাখণ্ড রাজ্যের চামোলি জেলায় ২০২১ সালে ভয়াবহ তুষার ধ্বসের কারণ নিয়ে যৌথভাবে তিনি একটি বই লিখেছেন।

বিচ্ছিন্ন অনেকগুলো ঘটনা নিয়ে গবেষণা হয়েছে। কিন্তু যখন সেসব ফলাফল একত্রে মিলিয়ে দেখা হয়েছে, তখন দেখা গেছে যে, প্রায় সাড়ে তিন হাজার বর্গ কিলোমিটার এলাকা জুড়ে বিপদের ঝুঁকি বাড়ছে, যে এলাকাটিকে ভারত ও চীনদুই দেশই তাদের সীমানা বলে মনে করে।

এই সীমানাকে বলা হয় লাইন অব অ্যাকচুয়াল কন্ট্রোল।


ন্যাচারাল হ্যাজার্ড অ্যান্ড আর্থ সিস্টেম সায়েন্স ম্যাগাজিনে প্রকাশিত একটি গবেষণা নিবন্ধে বলা হয়েছে, ২০২২ সালের সেপ্টেম্বর আর অক্টোবর মাসে ভারতের জাতীয় মহাসড়ক এনএইচসেভেনের প্রতি কিলোমিটারে অন্তত একটি করে ভূমিধ্বস হয়েছে। যার ফলে আংশিক বা সম্পূর্ণ ভাবে সড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়।

অন্য গবেষণাগুলোতেও অনেকটা একই ধরনের বিপদের ঝুঁকি শনাক্ত করা হয়েছে। ইউরোপীয় জিওসায়েন্স ইউনিয়নে প্রকাশিত একটি গবেষণায় বলা হয়েছে, ''পরিবেশগত অবস্থার পাশাপাশি নতুন নতুন রাস্তা তৈরি করা বা প্রশস্ত করার কর্মকাণ্ড নতুন ভূমিধ্বস তৈরির পেছনে ভূমিকা রেখেছে। এসব ভূমিধ্বস প্রায়ই ছোটখাটো বা অগভীর হয়ে থাকে, কিন্তু তাতেও প্রাণহানি হয়। কারণ এতে যানবাহন চলাচল এবং স্থাপনাগুলোর গুরুতর ক্ষতি হয়ে থাকে।''

এই এলাকায় সাম্প্রতিক বছরগুলোতে ভূমিধ্বস এবং অন্যান্য প্রাকৃতিক দুর্যোগ দিনে দিনে খুব সাধারণ ঘটনা হয়ে উঠেছে। এমনকি গত বছর বর্ষাকালে উত্তরাখণ্ডে নবনির্মিত চারধাম মহাসড়কের কিছু অংশ ভেঙ্গে পড়েছিল।

চামোলি তুষার ধসের সময় ২০০ জনের বেশি মানুষ নিহত আর দুটি নির্মাণাধীন জলবিদ্যুৎ কেন্দ্র মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছিল।

সেই ঘটনা নিয়ে প্রতিবেদন তৈরি করার সময় ভারতের জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ দেখতে পেয়েছে যে, ভবিষ্যতের দুর্যোগ মোকাবেলা করা নিয়ে পরিকল্পনা করার সময় তাদের কর্মকর্তারা জলবায়ু এবং



অবকাঠামো সম্পর্কিত ঝুঁকিগুলোকে বিবেচনায় নেয়নি।

হিমালয় অঞ্চলের জন্য অবকাঠামো বা স্থাপনাগুলো যে হুমকি তৈরি করছে, এই সম্পর্কিত বিবিসির প্রশ্নের উত্তর দেয়নি ভারতের পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক মন্ত্রণালয়।

বিশেষজ্ঞরা বলছেন, প্রাকৃতিক দুর্যোগের ঝুঁকি হিমালয়ের ভারতের দিকে যেমনটা রয়েছে, চীনের দিকেও সমান ঝুঁকি রয়েছে। বিশেষ করে চিরস্থায়ী বরফ এলাকাগুলোয় তৈরি করা অবকাঠামো বরফ গলিয়ে দিতে চরম হুমকি তৈরি করেছে।

গত অক্টোবরে কমিউনিকেশনস আর্থ অ্যান্ড এনভায়রনমেন্ট জার্নালে প্রকাশিত একটি গবেষণায় দেখা গেছে যে, চীনের কিংহাই তিব্বত মালভূমিতে প্রায় ৯,৪০০ কিলোমিটার রাস্তা, ৫,৮০ কিলোমিটার রেলপথ আর ২,৬০০ কিলোমিটারেরও বেশি বিদ্যুৎ লাইন এবং হাজার হাজার ভবন এসব চিরস্থায়ী বরফ এলাকায় রয়েছে। ওই প্রতিবেদনে বলা হয়েছে, '' চিরস্থায়ী বরফ এলাকাগুলো গলতে শুরু করায় ২০৫০ সালের মধ্যে ৩৪ শতাংশ সড়ক, ৩৮ শতাংশ রেলপথ আর ৩৭ শতাংশ বিদ্যুতের লাইন, ২১ শতাংশ স্থাপনা বড় ধরনের হুমকিতে পড়তে পারে।''

সাম্প্রতিক দশকগুলোয় পূর্ব তিব্বত অনেকগুলোয় উঁচু বরফ ধসের মুখোমুখি হয়েছে।

এসব কারণে চীনের পূর্ব তিব্বত, ভারতের অরুণাচল প্রদেশ এবং সিমি রাজ্যের উত্তরে ভূখণ্ড শুস্ক ও কঠিন হয়ে পড়ছে। সেসব এলাকা দিয়ে বয়ে যাওয়া নদনদীগুলো প্রাকৃতিক পথ থেকে সরে গিয়ে ছড়িয়ে যাওয়ারও ঝুঁকি তৈরি হয়েছে।

গত বছর দ্যা ক্রায়োস্ফিয়ার জার্নালে প্রকাশিত একটি প্রতিবেদনে বলা হয়েছে, সাম্প্রতিক দশকগুলিতে এই অঞ্চল একাধিক উচ্চ মাত্রার বরফপাথর তুষার ধস, হিমবাহ সরে যাওয়া এবং হিমবাহের হ্রদ উপচে বন্যার সম্মুখীন হয়েছে।

এই মাসের শুরুতে, তিব্বতের মেডোগ কাউন্টিতে একটি সুড়ঙ্গ মুখে বিশাল তুষারধসে ২৮ জন নিহত হয়েছে।

তিব্বতের এই বোমি অংশেই ২০০০ সালে একটি বিশাল ভূমিধ্বস হয়ে সব সেতু, সড়ক এবং টেলিযোগাযোগ ব্যবস্থা ধ্বংস হয়ে গিয়েছিল, যেগুলো তৈরি করতে কয়েক দশক সময় লেগেছে।

দ্যা ক্রায়োস্ফিয়ার জার্নালের ওই প্রতিবেদনে বলা হয়েছিল, এই অঞ্চলটি হচ্ছে উচ্চ গতির 'সিচুয়ানতিব্বত রেলপথ' নির্মাণসহ চীনা সরকারের বিনিয়োগের অন্যতম প্রধান কেন্দ্র।

চীনা কর্মকর্তারা বলেছেন, এই রেলপথটি ২১টি তুষার ঢাকা পাহাড়ের (সমুদ্রের ৪,০০০ মিটারের বেশি) ওপর দিয়ে যাবে এবং ১৪টি বড় বড় নদী অতিক্রম করবে।

চীনা একাডেমি অফ সায়েন্সেস এর মাউন্টেন হ্যাজার্ডস অ্যান্ড এনভায়রনমেন্ট ইন্সটিটিউটের প্রধান প্রকৌশলী ইউ ইয়ং সিনহুয়া নিউজ এজেন্সিকে বলেছেন, অবশ্য ভূখণ্ডগত সমস্যা ছাড়াও এই রেলওয়ে তুষারধস, ভূমিধ্বস এবং ভূমিকম্পের মতো অন্যান্য বিপদের মুখোমুখি হবে।

বিশেষজ্ঞরা বলছেন, নিংচি এবং শিগাৎসের মতো স্থানে বসতি বৃদ্ধির আরেক অর্থ হলো, ওই এলাকায় সড়ক ও টেলিযোগাযোগসহ অবকাঠামো বেড়ে যাওয়া।

চীনা গণমাধ্যমের বরাত দিয়ে লন্ডনের স্কুল অফ ওরিয়েন্টাল অ্যান্ড আফ্রিকান স্টাডিজের গবেষণা সহযোগী রবি বার্নেট বলেছেন, ''ওই এলাকায় তারা ৬২৪টি নতুন সীমান্ত বসতি তৈরি করেছে।''

'এগুলোর প্রতিটিতে রাস্তা, বিদ্যুৎ সরবরাহ, পানি সরবরাহ এবং আরও অনেক কিছুর বিস্তৃত অবকাঠামো থাকতে হবে।।''

'এগুলোর অনেকগুলো অস্বাভাবিক উচ্চতায় তৈরি করা হয়েছে, ৪০০০ মিটারের বেশি উঁচুতে, যেখানে আমাদের জানা মতে এর আগে মানববসতি কখনো হয়নি। সেখানে বসতির জন্য যে হারে নির্মাণ সরঞ্জাম, সরবরাহ এবং আরও অনেক কিছুর দরকার হবে, তাতে সেটা অসম্ভব বলে মনে করা না হলেও, অবাস্তবধর্মী বলে মনে করা হতো,''তিনি বলছেন।

এই বিষয়ে মন্তব্য জানার জন্য চীনের পরিবেশ মন্ত্রণালয়ের সঙ্গে যোগাযোগ করা সম্ভব হয়নি।

চীনের যে এলাকায় নতুন বসতি তৈরি করা হয়েছে, তার দক্ষিণ দিকে ভারতের অরুণাচল প্রদেশ এবং সিকিমের মতো রাজ্য রয়েছে, যেখানে জলবিদ্যুৎ প্রকল্পের নির্মাণকাজ পুরোদমে এগিয়ে চলছে।

এগুলো হলো সেইসব রাজ্য, যেগুলোকে ভারতের কেন্দ্রীয় জল কমিশন ২০০৯ সাল থেকে ২০২০ সালের মধ্যে হিমবাহ গলে যাওয়ার কারণে হ্রদ এবং জলাশয়ের উল্লেখযোগ্য সম্প্রসারণের জন্য চিহ্নিত করেছে।

আমেরিকান জিওফিজিক্যাল ইউনিয়নের ২০২০ সালের একটি গবেষণায় দেখা গেছে যে, ভারতের ২৩টি গুরুত্বপূর্ণ হিমবাহ হ্রদের মধ্যে ১৭টি সিকিমে ছিল। গলিত হিমবাহের কারণে এই হ্রদগুলো ভরাট হয়ে যাওয়া এবং উপচে পড়ার ঝুঁকি তৈরি করায় এগুলোকে 'ঝুঁকিপূর্ণ' বলে চিহ্নিত করা হয়েছিল।

জলবায়ু আলোচনার সময় চীন এবং ভারত সবসময়েই তাদের স্বার্থ রক্ষা করতে একত্রে কাজ করেছে, অনেক সময় পশ্চিমা দেশগুলোর বিরুদ্ধে অবস্থান নিয়ে। বিশেষজ্ঞরা বলছেন, হিমালয়ে জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ এবং পরিবেশগত অন্যান্য সমস্যা মোকাবেলার প্রসঙ্গ এলে এই অংশীদারিত্ব কাজ করে না।

বরং তার বদলে, বিশেষজ্ঞরা বলছেন, ভূরাজনৈতিক প্রতিযোগিতা এবং বৈরিতার কারণে এশিয়ার এই দুই বৃহৎ প্রতিবেশী দেশ হিমালয়ের এই বিপদজ্জনক এলাকায় সামরিকসহ সব ধরনের উন্নয়ন কর্মকাণ্ড জোরদার করেছে।

আমেরিকান ভূবিজ্ঞানী জেফরি কার্গেল বলছেন, 'এই এলাকায় একটা আন্তর্জাতিক জৈববৈচিত্রের সংরক্ষিত এলাকা বলে চিহ্নিত হওয়া উচিত ছিল, সেখানে কোনরকম ঝুঁকিপূর্ণ কর্মকাণ্ডের অনুমতি দেয়া উচিত ছিল না।''

'কিন্তু আমরা আজ হিমালয়ে যা দেখছি, তাতে বিপদের ঝুঁকি আরও বাড়ছে এবং তার ফলে এই অঞ্চল আরও বেশি নাজুক হয়ে পড়ছে। আমরা এখানে আরও অনেক অনেক বিপর্যয় দেখতে যাচ্ছি,'' তিনি বলছেন।

# দক্ষিণ এশিয়ায় এসে 'বিরল' হইচইয়ের মুখে সিআইএ প্রধান


যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থার (সিআইএ) বয়স ৭৬ বছর চলছে এখন। কিন্তু এ রকম ঘটনা এই প্রথম যে, সংস্থাটির প্রধান দক্ষিণ এশিয়ায় এসে হইচইয়ের মুখে পড়েছেন। উইলিয়াম বার্নসের বেলায় তাই হলো এবং হচ্ছে। সম্প্রতি প্রথমে নেপালে আসতে তাঁর বিরুদ্ধে আপত্তি দেখা গেল পরে শ্রীলঙ্কা সফর শেষে সে দেশে রাজনৈতিক শোরগোল ফেললেন তিনি। যুক্তরাষ্ট্র ও বার্নস উভয়ের জন্য এসব বিব্রতকর হয়েছে। সবাই ভাবছে এ রকম কেন হলো? এসবে মদদ কার? কারও আবার জানার কৌতূহল, এসবের মধ্যে দক্ষিণ এশিয়ায় আন্তর্জাতিক ঠান্ডা যুদ্ধের কোনো আলামত আছে কি না?

সিআইএতে বার্নসের অগ্রাধিকার চীন। ফলে এটা অস্বাভাবিক নয় নেপাল ও শ্রীলঙ্কায় বার্নসকে নিয়ে বিতর্ক তৈরির পেছনে বেইজিংয়ের উৎসাহ থাকতে পারে। এ রকম অনুমানের পক্ষে প্রমাণ দাখিল কঠিন। ফেব্রুয়ারির তৃতীয় সপ্তাহে বার্নসের নেপাল সফরের কথা ছিল। সিআইএর দায়িত্ব নেওয়ার পর এই প্রথম সেখানে আসছিলেন তিনি। কিন্তু মাস শেষে খবর বেরোয়, নেপালের প্রধানমন্ত্রী পুষ্প কুমার দহল এই সফরে আপত্তি দিয়েছেন। তাঁর কথা, এ সময় এ সফর 'চারদিকে' ভুল বার্তা দেবে। দহলের আপত্তির পর ১৮ ঘণ্টার ওই সফর আর হয়নি। নেপালে উইলিয়াম বার্নসের আসার কথা শ্রীলঙ্কা থেকে। সেই দেশের মানুষ অবশ্য এ সফর সম্পর্কে জানত না। তাদের সেটা জানায় স্থানীয় একটি কমিউনিস্ট পার্টি। এই দলের সাধারণ সম্পাদক ডা. উইরিসিংহে প্রথম ৪ মার্চ বিষয়টি সংবাদমাধ্যমকে জানান। তিনি সরকারের কাছে এই মর্মে ব্যাখ্যা চান, ১৪ ফেব্রুয়ারি একটি বিশেষ বিমানে যুক্তরাষ্ট্র থেকে যে মানুষগুলো কলম্বোয় এসেছেন, তাঁদের মধ্যে উইলিয়াম বার্নস ছিলেন কি না! তিনি এও বলেন, বার্নস ও তাঁর সঙ্গীদের সফর সম্পর্কে তথ্যপ্রমাণ দেওয়া যাচ্ছে না কারণ ইমিগ্রেশন কর্তৃপক্ষ তার রেকর্ড রাখেনি।

উইরিসিংহের বিবৃতি বেশ সাড়া ফেলে। তাতে আরও জ্বালানি জোগান এমপি উদয় গাম্মানপিলে। তিনি এ বিষয়ে অনেক নতুন তথ্য জুড়ে দেন। তাঁর দাবি, বার্নসের সফরে ওয়াশিংটন কলম্বোর কাছে কয়েকটি নিরাপত্তা ইস্যু তুলেছে। গাম্মানপিলে লঙ্কার সংসদে আছেন রাজাপক্ষে দলের নেতৃস্থানীয় একজন হিসেবে। ওপরে উল্লিখিত কমিউনিস্ট পার্টিও সর্বশেষ নির্বাচনে রাজাপক্ষে জোটে ছিল। শ্রীলঙ্কার রাজাপক্ষে এবং নেপালে দহলদের 'মাওবাদী কমিউনিস্ট পার্টি' উভয়ে ইতিহাসের বিভিন্ন পর্বে গণচীনের বর্তমান শাসকদের বেশ ঘনিষ্ঠ ছিল বা আছে। ফলে উভয় দেশে উইলিয়াম বার্নসকে নিয়ে তাদের চলতি অবস্থানে ভূরাজনৈতিক উপাদান থাকা বিচিত্র নয়। নেপালে প্রধানমন্ত্রী দহল যখন সিআইএ পরিচালকের সফরের বিরুদ্ধে অবস্থান নেন, তখন যুক্তি দেওয়া হয় প্রেসিডেন্ট নির্বাচনের কথা।

## সাময়িকী

# গুপ্তচরবৃত্তিতে যুক্তরাষ্ট্রকে যে কারণে টেক্কা দিতে পারছে চীন



গ্রান্ট নিউজহাম
কলামিস্ট

যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে দশকের পর দশক ধরে চীন যে গুপ্তচরবৃত্তি করে আসছে, সেই সুবিশাল ক্ষেত্রের একটি অতি ক্ষুদ্র অংশ হলো সম্প্রতি খবরে উঠে আসা গোয়েন্দা বেলুন। দুঃখজনকভাবে সেই বেলুনগোয়েন্দাবৃত্তি সফলও হচ্ছে।

আধুনিক যুগে অন্য দেশের গোপন তথ্য হাতিয়ে নিতে মনুষ্য ও প্রযুক্তির মিশ্রমাধ্যমের প্ল্যাটফর্মে গোয়েন্দা অভিযান চালানো হয়। তবে চীন গুপ্তচরবৃত্তিতে আলাদা ধরনের পন্থা অবলম্বন করে থাকে।

চীনের ২০১৭ সালের জাতীয় গোয়েন্দা আইনে পরিষ্কারভাবে দেশটির সকল কোম্পানি ও নাগরিকদের গোয়েন্দা কাজে সহযোগিতা কাজে অংশগ্রহণের বাধ্যবাধকতা রাখা হয়েছে। ওই আইনে বলা হয়েছেঃ 'আইনানুগভাবে জাতীয় গোয়েন্দা কাজে প্রত্যেক সংস্থা ও ব্যক্তিকে সহযোগিতা করতে হবে এবং সংশ্লিষ্ট রাষ্ট্রীয় গোপনীয়তা তাকে বজায় রাখতে হবে। রাষ্ট্রীয় গোয়েন্দা কাজে সমর্থন ও সহযোগিতা দেওয়া ব্যক্তি ও প্রতিষ্ঠানকে রাষ্ট্রের পক্ষ থেকে সর্বোচ্চ নিরাপত্তা দেওয়া হবে।'

২০১৭ সালের আগেও চীনের কোনো বেসামরিক লোককে নিরাপত্তা সংস্থা 'চায়ের দাওয়াত' দিলে তাঁর আর বুঝতে বাকি থাকত না, তারা তাকে কী বলতে চাইছে। সেই অবস্থা এখনো আছে। প্রত্যেকটি চীনা কোম্পানি অথবা যে কোনো চীনা নাগরিক সরকারের গোয়েন্দাবৃত্তির গুরুত্বপূর্ণ প্ল্যাটফর্ম বলে বিবেচিত। এমনকি বিদেশে থাকা চীনা নাগরিকদেরও সহযোগিতা করতে চাপ দেওয়া হয়। কারণ সরকার জানে বিদেশে থাকা ওই চীনা নাগরিকদের দেশে পরিবার পরিজন কিংবা ব্যবসাবাণিজ্য বা অন্য কিছু আছে যার কারণে তাঁরা কথা শুনতে বাধ্য হবেন।

তবে যুক্তরাষ্ট্রের গোয়েন্দা তৎপরতার ধরন একেবারে আলাদা। যেমন, আমেরিকান কর্তৃপক্ষ মোবাইল ফোন প্রতিষ্ঠান অ্যাপলকে দিয়ে গণহারে মানুষ হত্যা করা সন্ত্রাসীরও আইফোন আনলক করাতে পারেনি। অ্যাপল তা করতে কিছুতেই রাজি হয়নি। অন্যদিকে, যুক্তরাষ্ট্রের টেলিকমিউনিকেশনস ও ইলেকট্রিক্যাল নেটওয়ার্কে ঢোকার জন্য চীন তার ভূ উপগ্রহ, ইলেকট্রনিক মাধ্যমের পাশাপাশি তাদের বেসরকারি কোম্পানিগুলোকেও ব্যবহার করে থাকে। আমেরিকান কোম্পানিগুলো তাদের সিস্টেমে সেগুলো প্রতিস্থাপন করতে সহায়তাও করে থাকে। কেন? কারণ চীনারা এটি নিশ্চিত করে যে তাদের প্রযুক্তি পণ্যগুলো দামে খুবই সস্তা ফলে তাদের পক্ষে এসব পণ্যকে যুক্তরাষ্ট্রের বাজারে ঢোকা ঠেকানোর উপায় থাকে না। চীনাদের এই তৎপরতা শুধু যে 'তথ্য শুষে নেওয়া' পর্যায়ে আটকে থাকে, তা নয় সেগুলোর কিছু কিছু অনেক সময় আক্রমণাত্মক হয়ে ওঠে।

যুক্তরাষ্ট্র তার নাগরিক ও বেসরকারি প্রতিষ্ঠানগুলোকে যে স্বাধীনতা দিয়ে থাকে, বেইজিং অনেক সময় তারও সুযোগ নিয়ে থাকে। যেমন চলাচলের স্বাধীনতা, নিজেকে সাংবাদিক হিসেবে ঘোষণা দেওয়ার স্বাধীনতা এবং কৌশলগত গুরুত্বপূর্ণ এলাকায় প্লট বা ফ্ল্যাট কেনার সুবিধাকে চীন অনেক সময় তথ্য সংগ্রহের কাজে লাগিয়ে থাকে। যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় তদন্ত ব্যুরো এফবিআইয়ের পরিচালক ক্রিস্টোফার রে বলেছেন, তাঁরা প্রতি ১২ ঘণ্টায় একটি করে চীনের সম্পৃক্ততা আছে এমন একটি করে মামলা নথিভুক্ত করছেন। তবে সম্ভবত প্রতি একটির বিপরীতে একশটি ঘটনা হয়তো তাদের নজরদারির বাইরে থেকে যাচ্ছে। চীন যুক্তরাষ্ট্রের সামরিক ও রাষ্ট্রীয় গোপনীয়তার পেছনেই শুধু পড়ে নেই, তারা যুক্তরাষ্ট্রের বাণিজ্যিক ও বুদ্ধিবৃত্তিক সম্পদকেও তাদের নিশানায় রেখেছে। বছরের পর বছর চীন এই কাজ করে যাচ্ছে। চীনের সরকারের পাশাপাশি চীনা ব্যক্তিরা গুপ্তচরবৃত্তিতে জড়িয়ে পড়ছে। যুক্তরাষ্ট্রের প্রযুক্তি চুরি করে তারা নিজেরাই নিজেদের কোম্পানি দাঁড় করানোর চেষ্টা করে থাকে। চীনে স্থাপন করা আমেরিকান কোম্পানিগুলো চীনা গুপ্তচরদের এবং 'ফ্রিল্যান্সার'দের জন্য সেই রাস্তা সহজ করে দিচ্ছে।

## পাঠকের চিঠি

### ছাত্ররাজনীতি কি থাকা উচিত?

এখন ছাত্ররাজনীতি মানে প্রতিপক্ষের ওপর হামলা, নিজেদের মধ্যে মারামারিতে জড়ানো। এর সঙ্গে যুক্ত হয়েছে চাঁদাবাজি আর ছিনতাই। বিভিন্ন ভর্তি পরীক্ষা ও নিয়োগ পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের গুরুদায়িত্বও এখন ছাত্রনেতৃত্বের! সাধারণ শিক্ষার্থীদের আতঙ্কের মধ্যে রেখে তাঁদের ব্যবহার করে ছাত্রনেতারা রাজনীতি করছেন। এমন পরিস্থিতে প্রশ্ন তৈরি হয়েছে, ছাত্ররাজনীতির কি আদৌ কোনো প্রয়োজন আছে? সরকারিবেসরকারি বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের কাছে আমি ছাত্ররাজনীতি প্রসঙ্গে কথা তুলে দেখেছি। কিন্তু তাঁরা এ ব্যাপারে বিস্ময়করভাবে নীরব, নির্লিপ্ত থাকেন। দুইতিন দশক আগেও যে ছাত্ররাজনীতির অবস্থা প্রীতিকর ছিল, তা নয়। তবে তখন এ নিয়ে প্রশ্ন তুললে কিছু ছাত্র এর পক্ষে বলতেন, অন্যরা বলতেন বিপক্ষে। শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্ররাজনীতি থাকা উচিত কি উচিত নয়, এ নিয়ে তর্ক চলত। ছাত্ররাজনীতির পক্ষে যাঁরা বলতেন, তাঁরা মূলত এর অতীত গৌরবের কথা তুলে ধরতেন আর জাতীয় রাজনীতির ব্যাপারে হতাশ যাঁরা, তাঁরা বিপক্ষে বলতেন। ছাত্ররাজনীতি নিয়ে কথা বলার আগে এর সংজ্ঞায়ন করে নিলে আসলে সিদ্ধান্ত নেওয়া সহজ হয়। ছাত্ররাজনীতি বলতে কী বোঝায় কিংবা এর আওতা বা পরিধি কতটুকু, তার ব্যাখ্যা থাকা দরকার। ছাত্ররাজনীতি মানে কি ক্ষমতাসীন দলের লেজুড়বৃত্তি করা? বড় নেতার আশ্রয়প্রশ্রয়ে থেকে চাঁদাবাজিটেন্ডারবাজি করা? বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন নিয়োগে বল প্রয়োগ করা কিংবা এই সূত্রে গোপনে অর্থের লেনদেন করা? সাধারণ ছাত্রদের ওপর নিপীড়নমূলক কর্মকাণ্ড চালানো এবং আবাসিক হলগুলোয় নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করা? বয়স পার হয়ে গেলেও যেকোনো উপায়ে হলে থেকে রাজনৈতিক কর্মসূচিতে খবরদারি করা? এগুলো নিশ্চয়ই ছাত্ররাজনীতির চেহারা হতে পারে না। ছাত্ররাজনীতি তাহলে কী? ছাত্ররাজনীতি মানে নিজেদের কর্তব্য নির্ধারণ করতে পারা এবং কর্তব্য পালনে দায়িত্বশীল থাকা, সাধারণ ছাত্রদের অধিকার আদায়ের ব্যাপারে সরব ও সচেষ্ট থাকা, প্রাতিষ্ঠানিক ও সামাজিক উন্নয়নে কাজ করা, জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন ইস্যুতে সচেতন থাকা ও মত প্রকাশ করা, বিভিন্ন সাংস্কৃতিক কর্মকাণ্ডের পাশাপাশি মুক্তচিন্তা ও বাক্স্বাধীনতার জন্য কাজ করা। **তারিক মনজুর, কলকাতা**

স্বত্বাধিকারী, মুদ্রক, প্রকাশক, সম্পাদক ঃ রজত কুমার গুপ্তা, দ্বারা এচ.আই. ২৫৪, হরমু হাউসিং কলোনী, রাঁচি-৮৩৪০০২ থেকে প্রকাশিত এবং বৃন্দা মিডিয়া পাবলিকেশন প্রা.লি. চিরৌন্দী, বোড়েয়া রোড রাঁচি থেকে মুদ্রিত। নির্বাহী সম্পাদক ঃ আদিত্য কুমার চ্যাটার্জ্জী* ফোন ঃ ০৬৫১২২৪৪৬০৫, ফেক্স ঃ ০৬৫১২২৪৪৫০৫ (*পীআরবী অধিনিয়ম অনুযায়ী খবরের চয়নের জন্য উত্তরদায়ী)
Printed, Published & Edited by Rajat Kumar Gupta and printed at Vrinda Media publication pvt.ltd, Chiraundi, Boraiya Road, Ranchi, Published at HI 254, Harmu Housing Colony, Harmu Road, Ranchi-834001, Jharkhand, : Executive Editor :Aditya Kumar Chatterjee * Phone : 0651-2244555, 0651-2244505 (*Responsible for news as per PRB Act) RNI Registration : JHABEN 00015 email-rashtriyokhobor@gmail.com www.rashtriyakhabar.com

# বিধায়ক সঞ্জীব সর্দারের প্রচেষ্টায় তেতলার পঞ্চায়েত ভবনে নিশুল্ক চিকিৎসা শিবিরে ভিড় উপচে পড়লো

### ৬০০ জনে রোগীর গঙ্গা মেমোরিয়াল হাসপাতালে বিনামূল্যে অপারেশন করা হবে

**পোটকাঃ** পটকার বিধায়ক সঞ্জীব সর্দারের প্রচেষ্টায় বীর শহীদ গঙ্গা নারায়ণ সিং মেমোরিয়াল সোশ্যাল ওয়েলফেয়ার ট্রাস্ট ঝাড়খণ্ডের তত্বাবধানে জামশেদপুরের গঙ্গা নারায়ণ হাঁসপাতাল জামশেদপুর দ্বারা একদিবসিয় নিশুলক মেগা চিকিৎসা শিবিরের আয়োজন বিগত ১২ ই মার্চ ২০২৩ তারিখে তেতলার পঞ্চায়েত ভবনে করা হলো। দীপ ও ধুপ জ্বেলে শিবির টির শুভ উদ্বোধন করলেন বিধায়ক সঞ্জীব সরদার ও ডাক্তার নাগেন্দ্র সিং।এই উপলক্ষে বিধায়ক বলেন, পোটকা অঞ্চল কে চিকিৎসার ক্ষেত্রে উৎকৃষ্ট বানানো হবে তার জন্য সরকারি স্বাস্থ্য বিভাগ কে মজবুত করতে হবে।এখনো এই অঞ্চলে বহু গরিব মানুষ বিনা চিকিৎসায় মারা যায়।আমাদের সবাই কে তাদের পাশে দাঁড়াতে হবে ও চিকিৎসার ব্যবস্থা করতে হবে।গঙ্গা মেমোরিয়াল হাসপাতালের উপর আপনারা সবাই ভরসা রাখুন,উনারা কম খরচে চিকিৎসা করে থাকেন।এই উপলক্ষে ডাক্তার নাগেন্দ্র সিং ও তাঁর মহত্ব পূর্ণ বক্তব্য রাখেন।এই শিবিরে মোট ৪৬১ জনের বিনামূল্যে চিকিৎস্যা করা হয় তার মধ্যে ১০০ জন রোগীকে নির্বাচিত করা হয় যাদের বিনামূল্যে গঙ্গা নারায়ণ হাঁসপাতালে অপারেশন করা হবে।এই কার্যক্রমে পূর্ব সিভিল সার্জেন ডাক্তার অরবিন্দ কুমার লাল,জিলা পরিষদ সদস্য হীরন্ময় দাস,পূর্ব জিলা পরিষদ চন্দ্রাবতী মাহাতো,উপপ্রমুখ উর্মিলা সামাদ,মুখিয়া অমৃত মাঝি,পরস




চরণ সিং,আন্দোলন কারী নেতা সুনীল মাহাতো,বাবলু চৌধরি, সুধীর সোরেন,ভাগবত বাস্কে,পূর্ব মুখিয়া দীপান্তরি সরদার,উপ মুখিয়া সহদেব পাত্র, গ্রামপ্রধান শ্যাম চরণ সরদার,বিশ্বনাথ সোরেন,অর্দ্ধেন্দু গোপ,অবন্তী সরদার,ছন্দারানী সিং,ডিবি চ্যাটার্জি,আব্দুল সাহাব,কৃষ্ণ পদ মণ্ডল,রাজকুমার সাহু আদি উপস্থিত ছিলেন।এই শিবিরে ডাক্তার নাগেন্দ্র সিং,ডাক্তার হর প্রীত সিং,ডাক্তার ললিত মিন্‌জ,ডাক্তার পিঙ্কি কুমারী,ডাক্তার সুরজ কুমার,ডাক্তার সুরজ কুমার মুর্মু,ডাক্তার অভিষেক,ডাক্তার ইন্দ্রানী চক্রবর্তী,ডাক্তার দেব কুমার,ডাক্তার রাজীব আদি সেবা দিলেন।

# সংগঠনকে শক্তিশালী করার লক্ষ্যে আগামী ২ এপ্রিল অসম সফরে দিল্লি এবং পাঞ্জাবের মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল এবং ভগবন্ত মান

### গুয়াহাটির সোনারাম বিদ্যালয়ের ময়দানে আম আদমি পার্টির কর্মীসভায় অংশগ্রহণের উদ্দেশ্যে

সব্যসাচী শর্মা

**গুয়াহাটি ঃ** সারা দেশ জুড়ে বিজেপিকে প্রত্যাবান জানানোর ক্ষেত্রে খুব দ্রুতগতিতে উপরে উঠে আসা আম আদমি পার্টি এবার অসম তথা উত্তর পূর্বে দলীয় সংগঠন শক্তিশালী করার লক্ষ্য ধার্য করেছে। মূলত দেশের এই এলাকায় দলীয় প্রভাব বিস্তারের উদ্দেশ্য নিয়ে অসম সফরে আসছেন দলটির সর্বভারতীয় আহ্বায়ক তথা দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল। পাঞ্জাবের মুখ্যমন্ত্রী ভগবন্ত মান তার সঙ্গে রাজ্যে আসবেন বলে জানিয়েছে দলটির অসম রাজ্য কমিটি।

সারা দেশের একের পর এক নির্বাচনে কংগ্রেস পরাজয়ের মুখ দেখার পর এবার বিজেপির বিরুদ্ধে প্রধান বিরোধী দলের স্থান নেওয়ার স্বার্থে রাজনৈতিক দলগুলোর মধ্যে এক অঘোষিত প্রতিদ্বন্দ্বিতা শুরু হয়েছে। বিজেপিকে প্রত্যাবান জানানোর ক্ষেত্রে কংগ্রেস নানা নির্বাচনে ব্যাপকভাবে পরাজয়ের সম্মুখীন হওয়ার পর বিরোধী দলগুলি বিশেষ করে নীতিশ কুমার নেতৃত্বাধীন জেডিইউ, মমতা ব্যানার্জি নেতৃত্বাধীন তৃণমূল কংগ্রেস, সমাজবাদী পার্টির নেতৃত্বাধীন অখিলেশ যাদব ইত্যাদি দলের সঙ্গে অরবিন্দ কেজরিওয়াল নেতৃত্বাধীন আম আদমি পার্টি সমানভাবে সক্রিয় হয়ে উঠেছে। দিল্লির পর পাঞ্জাবে সরকার গঠনে সক্ষম হওয়া আম আদমি পার্টি বর্তমান নির্বাচন কমিশন থেকে জাতীয় দলের মর্যাদা অর্জন করেছে। ফলে এবার দলটি অসম তথা উত্তর পূর্বে দলীয় প্রভাব বিস্তার করার পরিকল্পনা গ্রহণ করেছে হলে রাজনৈতিক বিশেষজ্ঞরা মন্তব্য করেছেন। এরই অংশ হিসেবে আগামী ২ এপ্রিল অসম সফরে আসছেন দিল্লি এবং পাঞ্জাবের মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল




এবং ভগবন্ত মান। রাজ্য সফরকালে গুয়াহাটির সোনারাম বিদ্যালয় ময়দানে আম আদমি পার্টির একটি কর্মীসভায় অংশগ্রহণের কার্যসূচি রয়েছে দুই মুখ্যমন্ত্রীর।

প্রসঙ্গত কয়েক মাস পূর্বে অনুষ্ঠিত গুয়াহাটি পুরনিগম নির্বাচনের ফলাফলে অভূতপূর্ব সফলতা পেয়েছে আম আদমি পার্টি। নির্বাচনের ফলাফলে বিজেপির পর দ্বিতীয় স্থান দখল করতে সক্ষম হয়েছে এই দলটি। তালিকায় কংগ্রেস রয়েছে তৃতীয় স্থানে। এই ফলাফলের জেরে দলটি নতুন উদ্যমে অনুপ্রাণিত হয়েছে। ফলে অসমে ক্রমবর্ধমান জনপ্রিয়তার সদ্ব্যবহার করার স্বার্থে এবার তৎপর হয়ে উঠেছে আম আদমি পার্টি। গুয়াহাটিতে আযে়াজিত সাংবাদিক বৈঠকে দলটির অসম রাজ্য কমিটির নেতারা জানান আগামী ২ এপ্রিল মহানগরের ভরলুমুখ স্থিত সোনারাম মহাবিদ্যালয়ের ময়দানে একটি দলীয় কর্মী সভার আযে়াজন করা হয়েছে। এই কর্মী সভায় অংশগ্রহণের জন্য অসম সফরে আসছেন দিল্লি এবং পাঞ্জাবের মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল এবং ভগবন্ত মান।

তবে গুয়াহাটি মহানগর জেলা প্রশাসন আজও আম আদমি পার্টিকে সোনারাম ময়দানের প্রস্তাবিত অনুষ্ঠানের জন্য অনুমতি দেয়নি বলে অভিযোগ উত্থাপন করেছে আম আদমি পার্টির অসম রাজ্য কমিটি। এদিকে বিজেপিকে পরাস্ত করার লক্ষ্য নিয়ে কংগ্রেসের নেতৃত্বে দশটি রাজনৈতিক দল মিলে গঠন করা মিত্রজোটে স্থান না পাওয়া প্রসঙ্গে প্রতিক্রিয়া ব্যক্ত করেছে আম আদমি পার্টি। দলটির অসম রাজ্য কমিটির নেতারা বলেন কংগ্রেস বর্তমান ডুবন্ত জাহাজ। ফলে ডুবন্ত জাহাজে সহযাত্রী হয়ে লাভ নেই। কংগ্রেসের নেতৃত্বে গঠিত মিত্রজোটে অন্তর্ভুক্ত হলে উল্টো আম আদমি পার্টি ক্ষতিগ্রস্ত হবে বলে মন্তব্য করেছেন দলটির অসম রাজ্য কমিটির শীর্ষস্থরের নেতারা।




# পঞ্চায়েত নির্বাচনের আগে দলকে শক্তিশালি করতে শিলিগুড়ি বৈঠকে মঃ সেলিম

**শিলিগুড়িঃ** সাগরদিঘির উপনির্বাচনে ভালো ফল করেছে বাম কংগ্রেস জোট। এবার কি পঞ্চায়েত নির্বাচনে ফের বাম কংগ্রেস জোট হবে? তা নিয়ে প্রশ্ন ঘোরাফেরা করছে রাজনৈতিক মহলে। রবিবার শিলিগুড়ি অনিল বিশ্বাস ভবনে পাহাড় - সমতলের নেতৃত্বে বৈঠকের আগে সাংবাদিকদের মুখোমুখি হয়ে সিপিআইএমের রাজ্য সহ সম্পাদক মঃ সেলিম জানান তৃণমূল ও বিজেপিকে রুখতে সকলে আহবান জানান তিনি।

### শিলিগুড়ির ছন্দমঞ্জুরীর বসন্ত উৎসব হৃদয়ে বসন্ত ২০২৩ উদযাপন হল

**শিলিগুড়ি।** শিলিগুড়ির ছন্দমঞ্জুরীর বসন্ত উৎসব হৃদয়ে বসন্ত ২০২৩ উদযাপন হল। বৈকুঃঠপুর বনাঞ্চলের খোলাচাঁদ ফাপড়ির মাঠে আজ সকাল ৯ টা থেকে প্রতিষ্ঠানের ছাত্র ছাত্রীর মেতে উঠে এই উৎসবে।করোনার আবহাওয়া কাটিয়ে ছন্দে ফিরেছে সবাই। বিভিন রঙের নানান পরিধান পড়ে সবাই হাজির এই বসন্ত উৎসবে।অনুষ্ঠানের শুরুতে প্রতিষ্ঠানের ছাত্রীরা কবি গুরুর খোল দ্বার খোল, লাগলো যে দোল গান গেয়ে এবং নেচে নেচে শোভা যাত্রায় অংশগ্রহণ করে। শোভাযাত্রার শেষে মূলমঞ্চে বিভিন নৃত্য প্রতিষ্ঠানের পক্ষ থেকে বসন্ত উৎসবের নৃত্য পরিবেশন করা হয়। ছন্দমুঞ্জরীর কর্মকর্তা গোবিন্দ সাহা জানান, বসন্তের রঙে রাঙিয়ে আমরা সবাই আজকে বসন্ত উৎসবে হাজির। হৃদয়ে বসন্ত নামক এই অনুষ্ঠানে হাজির আট থাকি আশি সবাই।

### ফুলবাড়ী এলাকায় দিবালোকে চুরির ঘটনায় একজনকে আটক করেছে পুলিশ

**শিলিগুড়ি ঃ** শনিবার শিলিগুড়ি মেট্রোপলিটন পুলিশের নিউ জলপাইগুড়ি থানার অন্তর্গত ফুলবাড়ি এলাকায় একটি বাড়িতে চুরির ঘটনা ঘটে সেই ঘটনার তদন্তদে নেমে একজনকে গ্রেফতার করে নিউ জলপাইগুড়ি থানার পুলিশ। ধৃত যুবকের নাম সঞ্জয় রায় ওরফে লাদেন। শনিবার রাতে ভক্তিনগর বাজার সংলগ্ন এলাকা থেকে একটি টোটো সহ গ্রেপ্তার করে তাকে, তার কাছ থেকে উদ্ধার হয় সোনার অলংকার সহ নগদ অর্থ। রবিবার ধৃত যুবককে জলপাইগুড়ি আদালতে পাঠায় পুলিশ।

### ভারত চীন নাথু লা সীমান্তে রেলপথের সম্ভাবনা পরিদর্শনে এসেছিলেন রেলমন্ত্রী

**শিলিগুড়িঃ** এবার রেলপথে জুড়তে চলেছে ইংেদা - চীন নথুলা সীমান্ত। রবিবার শিলিগুড়ির বাগডোগরা বিমানবন্দরে অবতরণ করলেন ভারতীয় রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব। বাগডোগরা বিমানবন্দর থেকে সোজা সিকিমের উদ্দেশ্যে রওনা দেন তিনি। এদিন বাগডোগরা বিমানবন্দরে নেমে সাংবাদিকদের উদ্দেশ্যে তিনি বলেন গ্যাংটক থেকে কি উপায়ে নাথুলা পর্যন্ত রেল পথ বসানো যায় তা পরিদর্শন করবেন রেলমন্ত্রী। পাশাপাশি এদিন তিনি জানান খুব তাড়াতাড়ি সেবক রংপো রেল প্রকল্প পরিদর্শনে আসতে পারেন। রেলপথ প্রশস্তিতে নাথুলা পর্যন্ত এই রেলপথ যুক্ত হলে সেনাবাহিনীর রসদ সংগ্রহে অত্যন্ত সুবিধা হবে বলে জানান রেলমন্ত্রী

### জয়গাঁও উন্নয়ন অফিসের সামনে বিজেপির কালচিনি মণ্ডল ১ নম্বরে বিভিন্ন দাবিতে বিক্ষোভ

**আলিপুরদুয়ার ঃ** বিভিন্ন দাবির ভিত্তিতে রবিবার জয়গাঁ ডেভলোপমেণ্ট কার্যালয়ের সামনে বিজেপির কালচিনি এক নং মণ্ডলের পক্ষ থেকে ধর্ণা অবস্থান কর্মসূচি । প্রতিবছর বর্ষায় জয়ঁগাতে বন্যা পরিস্থিতি হয়, ভাঙ্গনে বহু ঘর নদী গর্ভে চলে যায় । প্রশাসন কোনো ব্যবস্থা নিচ্ছেনা সামনেই বর্ষা জয়ঁগা এলাকার সামগ্রিক উন্নয়নের দাবি সহ একাধিক দাবিতে চলছে ধর্ণা অবস্থান । আগামীকাল ও এই ধর্ণা অবস্থান চলবে বলে জানান বিজেপি নেতৃত্বরা। বিজেপির কালচিনি এক নং মণ্ডল সভাপতি রাজেষ ছেত্রি জানান প্রতিবছর বর্ষায় জয়ঁগাতে বন্যা হয়। দলসিংপাড়াতে ও ছোটো মেচিয়াবস্তি এলাকায় তোর্ষা নদীর ভাঙ্গনে প্রচুর জমি ঘর বাড়ি বীলিন হয়ে যায় । কিন্তু প্রশাসন শুখা মরশুমে কোনোরূপ উদ্যোগ নেয়না বন্যা পরিস্থিতি নিয়ন্ত্রণে।

### ময়নাগুড়ি নিউমার্কেট ব্যবসায়ী কল্যাণ সমিতির বার্ষিক সম্মেলনের আয়োজন

**জলপাইগুড়ি** ঃময়নাগুড়ি নতুন বাজার ব্যবসায়ী. ওয়েলফেয়ারথ সমিতির তৃতীয় - বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হলো, ময়নাগুড়ি নতুন বাজার ব্যবসায়ী সমিতির প্রাঙ্গণে। এদিন এই সম্মেলনে উপস্থিত ছিলেন, ময়নাগুড়ি পৌরসভার বিভিন্ন ওয়ার্ডের কাউন্সিলর সহ ময়নাগুড়ির পুরাতন বাজারের ব্যবসায়ী সমিতির সহসম্পাদক সুমিত সাহা, ও নতুন বাজার ব্যবসায়ী ওয়েলফেয়ার সমিতির সকল ব্যবসায়ীরা। এদিনের সম্মেলনের প্রথমেই , উপস্থিত সকলকে ফুলের তোড়া দিয়ে সম্বর্ধনা জানানো হয়। এদিন এই সম্মানের আগে ময়নাগুড়ি নতুন বাজার ব্যবসায়ী ওয়েলফেয়ার সমিতির প্রাক্তন সম্পাদক সিদ্ধার্থ সরকার, ওসহসম্পাদক সঞ্জু মল্লিক, বলেন আজকের এই তৃতীয় বার্ষিক সম্মেলনে তাদের গত পাঁচ বছরের আয় ব্যয়ের হিসাব নতুন কমিটি গঠন করা হবে। ময়নাগুড়ি নতুন বাজার ব্যবসায়ী সমিতির ওয়েলফেয়ার পাঁচ বছরের জন্য নতুন কমিটি গঠন করা হয়। এই কমিটির সভাপতি নির্বাচিত হয়েছেন মহাদেব মন্ডল, সহসভাপতি গোপাল পাল ও সিদ্ধার্থ সরকার, সম্পাদক কৌশিক মল্লিক (সঞ্জু) কোষাধ্যক্ষ উত্তম পাল । নতুন কমিটিতে ২৬ জনের পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হয়। সেইসঙ্গে নতুন বাজার ব্যবসায়ী ওয়েলফেয়ার সমিতির বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। আগামী দিনে নতুন বাজার ব্যবসা সমিতি ওয়েলফেয়ার সমিতির, কিভাবে পরিচালনা করা হবে এবং ব্যবসায়ীদের নানা সমস্যা , নিয়ে আলোচনা হয়। এদিন বক্তারা তাদের ব্যবসা সংক্রান্ত বিষয় নিয়ে বক্তব্য তুলে ধরেন। আগামীতে নতুন কমিটির , সভাপতি মহাদেব মন্ডল ও সহসভাপতি সিদ্ধার্ত সরকার বলেন সমস্ত ব্যবসায়ীরা হাটের সেট এখনো পাননি এবং নতুন বাজার ঘুমটি ব্যবসায়ীদের উচ্ছেদের বিষয় নিয়েও আগামী দিনে চিন্তা ভাবনা করবেন কি করে এই সমস্যা সমাধান করা যায়।

### আইসিডিএস সহায়িকাদের নিয়ে নবম জেলা সম্মেলন অনুষ্ঠিত হল

**মালদা ঃ** আইসিডিএস সহায়িকাদের নিয়ে নবম জেলা সম্মেলন অনুষ্ঠিত হয়ে গেল রবিবার। জেলাসহ রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে সহায়িকারা যোগদান করে সম্মেলনে। সহায়িকাদের রাজ্য সরকার ও কেন্দ্রীয় সরকার বঞ্চনা করে চলেছে। নূন্যতম বেতন ২৬ হাজার টাকা করার কথা। এখনও তা করা হয় নি। সম্মেলনে বঞ্চনার কথা উঠে আসে। এদিন কোতুয়ালিতে অনুষ্ঠিত সম্মেলনে হাজির ছিলেন রাজ্য সম্পাদক শিলা মণ্ডল। তিনি জানান, 'সিটুর অধীনে থেকে আমাদের হকের আন্দোলন চালিয়ে যাচ্ছি। টানা ৫ বছর কাজ করলে স্বীকৃতি দেওয়ায় আইন। বেতনের উন্নতি হওয়া উচিৎ। নূন্যতম বেতন ২৬ হাজার টাকা করার কথা। কিন্তু দুই সরকারের টালবাহানায় আটকে রয়েছে। কিন্তু হকের টাকা পেতে আমরাও আন্দোলন চালিয়ে যাব।'

### পুলিশকে পরিচয় জানিয়ে বিজেপি নেতার হোটেলে ভাঙচুর চালায় দুষ্কৃতীরা

**মালদা ঃ** পুলিশ পরিচয় দিয়ে হোটেলের ঢুকে দুষ্কৃতী তাণ্ডব।হোটেলের কর্মচারীদের মারধর। রেজিস্টার খাতা ছিনিয়ে নেওয়া।হোটেলের অন্য বোর্ডারদের আতঙ্কিত করার অভিযোগ। সিসিটিভি ফুটেজ দিয়ে ইংরেজ বাজার থানায় অভিযোগ দায়ের। ঘটনাটি ঘটেছে মালদার ইংরেজবাজার শহরের রবীন্দ্র এভিনিউ এলাকায়। সিসিটিভি ফুটেজ ক্ষতিয়ে দেখে ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। বিজেপির দক্ষিণ মালদা, সাংগঠনিক জেলার সভাপতি পার্থসারথি ঘোষ। পেশায় হোটেল ব্যবসায়ী। শহরের রবীন্দ্র এভিনিউ এলাকায় তার একটি হোটেল রয়েছে। বর্তমানে তিনি দলীয় কাজে রাজ্যের বাইরে রয়েছেন। তার ছেলে হোটেলের দায়িত্বে রয়েছেন।

অভিযোগ বেশ কিছু ব্যাক্তি রাত্রিবেলা এক ব্যক্তির খোঁজে তার হোটেলে আসে নিজেদেরকে পুলিশ বলে পরিচয় দেয়। হোটেল কর্তৃপক্ষ জানায় যে ব্যক্তির খোঁজ তারা করছে সে সকালবেলায় চেক আউট করে চলে গেছে। এরপরই জোর করে হোটেলে ঢুকে হোটেল কর্মীদের মারধর করে রেজিস্টার খাতা ছিনিয়ে নেয় এমনকি বিভিন্ন ঘরে ঢুকে তান্ডব চালায়।এই ঘটনায় আতঙ্কিত হোটেল কর্মচারী থেকে অন্যান্য বোর্ডার। সিসিটিভি ফুটেজ দিয়ে ইংরেজবাজার থানায় অভিযোগ দায়ের ঘটনার তদন্তে পুলিশ।ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। দক্ষিন মালদার বিজেপির জেলা সভাপতি পার্থ সারথি ঘোষ বলেন,আইন শৃঙ্খলার অবনতির কারনে এই ঘটনা। আমরা চাই এর সঠিক তদন্ত পুলিশ করুক।

### রাজ্যে ও পুলিশ ও সি আইডিকে অপব্যাবহার করা হচ্ছে,সুজন চক্রবর্তী

**আলিপুরদুয়ার ঃ** আলিপুরদুয়ারে এক কর্মসূচি তে আজ এসেছিলেন সিপিএম নেতা সুজন চক্রবর্তী ও বিকাশরঞ্জন ভট্টাচার্য। এদিন একটি জনসেবায় বক্তব্য রাখেন তারা।পরে সাংবাদিক দের সঙ্গে কথা প্রসঙ্গে সিপিএম নেতা সুজন চক্রবর্তী বলেন, কেন্দ্রীয় এজেন্সি গুলিকে অপব্যবহার করা হচ্ছে। এই মর্মে প্রধানমন্ত্রীকে চিঠি মমতা সহ ৯ বিরোধী নেতার।তিনি বলেন,আমাদের রাজ্যে ও পুলিশ ও সি আইডিকে অপব্যাবহার করা হচ্ছে।এটাতে কোন সন্দেহ নেই।




## শেষ বলে নিষ্পত্তি হওয়া টেস্টে ওয়াইড নিয়ে বিতর্ক




**কোলম্বো (ওয়েবডেস্ক) ঃ** টেস্ট ম্যাচে ওয়াইড ঠিক কখন ওয়াইড? ক্রাইস্টচার্চ টেস্টে আজ শেষ দিনে শ্রীলঙ্কার বিপক্ষে নিউজিল্যান্ড শেষ বলে জেতার পর এই প্রশ্ন উঠেছে। বিতর্কটা খোলাসা করার আগে এই ম্যাচের শেষ ওভারের সমীকরণ জানিয়ে রাখা ভালো। তাতে বিতর্ক ওঠার কারণটা বোঝা যায়। জয়ের জন্য শেষ ওভারে ৮ রান দরকার ছিল নিউজিল্যান্ডের। আসিতা ফার্নাণ্ডোর করা শেষ ওভারের পঞ্চম বল পর্যন্ত ৭ রান তুলেছে কিউইরা। শেষ বলের ফল তো প্রায় সবারই জানা। শেষ পর্যন্ত ২ উইকেটে জিতেছে নিউজিল্যান্ড। স্বাগতিকেরা শেষ বলে রানটা নিতে না পারলে ম্যাচ ড্র হতো। শ্রীলঙ্কাকে অন্তত হারতে হতো না। এবার মূল প্রসঙ্গে আসা যাক। আজ নিউজিল্যান্ডের দ্বিতীয় ইনিংসে ৩৮তম ওভারে লঙ্কান স্পিনার প্রবাথ জয়াসুরিয়াকে সতর্ক করে দেন মাঠের আম্পায়ার ক্রিস গ্যাফানি। সেই ওভারের দ্বিতীয় বলটি লেগ স্টাম্পের বেশ বাইরে করেন জয়াসুরিয়া। আম্পায়ারের সতর্কবার্তা কানে তোলেননি। ওই ওভারে পরের সব কটি ডেলিভারিই লেগ স্টাম্পের বাইরে করেন এবং পরিণামে ৩টি ওয়াইড হজম করতে হয়। শ্রীলঙ্কা দল যে আম্পায়ারের সিদ্ধান্তে সন্তুস্ট ছিল না, তা বোঝা গেছে অ্যাঞ্জেলো ম্যাথুস আম্পায়ারের সঙ্গে এ নিয়ে ওভারের শেষে কথা বলার সময়। নিউজিল্যান্ডের সংবাদমাধ্যম 'স্টাফ ডট কো এনজেড' জানিয়েছে, শ্রীলঙ্কার এই সিনিয়র ক্রিকেটার গ্যাফানির কাছে জানতে চান, পেসাররা যখন লেগ স্টাম্পের বাইরে বল করেছে, তখন ওয়াইড দেওয়া হয়নি কেন? শ্রীলঙ্কা দলের অধিনায়ক দিমুথ করুণারত্নে ম্যাচ শেষে এ নিয়ে কথা বলেছেন। তাঁর দল জানতে চেয়েছে, আম্পায়াররা শুধু স্পিনারদের কেন লক্ষ্যবস্ত করলেন? দুই প্রান্ত থেকেই পেসারদের ক্ষেত্রে কেন আম্পায়ারা কিছু বলেননি? নিউজিল্যান্ডের সংবাদমাধ্যম করুণারত্নের মন্তব্য প্রকাশ করেছে, 'আমরা জানতে চেয়েছি ফাস্ট বোলাররা যখন ৭-২ ফিল্ডিং সাজিয়ে এমনকি লেগে ৬-৩ ফিল্ডিং সাজিয়ে বল করেছে, তখন তারা কেন ওয়াইড ডাকেননি। তাই আমাদের প্রশ্ন ছিল, একই কাজ জয়াসুরিয়া করার সময় কেন অন্যথা ঘটল। জয়াসুরিয়ার জন্য কোনো (পিচে) ভালো জায়গা ছিল না। লেগে অমসৃণ একটা জায়গা ছিল, আমরা তার সর্বোচ্চ সদ্ব্যবহার করার চেষ্টা করেছি, সেটি মোটেই নেতিবাচক বোলিং ছিল না।' মাঠে ম্যাথুসের প্রশ্নের উত্তরে গ্যাফানি বলেছেন, 'আমরা এ নিয়ে পরে কথা বলব।' ম্যাথুসের উত্তর ছিল, 'আমি যতটুকু বুঝি, সিমার ও স্পিনার দুই পক্ষের ক্ষেত্রেই ন্যায়বান হতে হবে।' জয়াসুরিয়ার ওভার শেষে করুণারত্নে নিজেও আম্পায়ারের সঙ্গে কিছুক্ষণ কথা বলেছেন। নিউজিল্যান্ডের 'স্পার্ক স্পোর্ট'-এর ধারাভাষ্যে দুই সাবেক ক্রিকেটার মার্ক রিচার্ডসন ও স্টিফেন ফ্লেমিংও ওয়াইড নিয়ে যুক্তি তর্ক করেন। টেস্টে কোনটা ওয়াইড এটাই ছিল তর্কের বিষয়। রিচার্ডসনের যুক্তি ছিল, টি-টোয়েন্টি ও ওয়ানডের মতো টেস্টে বোলারদের ওয়াইড নিয়ে এত বাঁধাধরা নিয়ম নেই। ব্যাটসম্যানরা চাইলে যেকোনো ডেলিভারিই ব্যাটে খেলতে পারেন। আর বোলাররাও একটু অন্য রকম ডেলিভারি করতে পারেন, '(সিদ্ধান্তটা) পছন্দ হয়নি। এটা তো ওয়ানডে না, টেস্ট ম্যাচ।' ফ্লেমিং পাল্টা যুক্তি দিয়ে আম্পায়ারের সিদ্ধান্তকেই ঠিক বলে যুক্তি দেন, 'দ্বিমত পোষণ করি (রিচার্ডসনের সঙ্গে)। এটা (ওয়াইড দেওয়া) করা হয়েছে খেলাটির চেতনা ঠিক রাখতে। ধরা যাক, দুই ওভারে ১২ রান দরকার, এমন মুহূর্তে কেউ লেগ স্টাম্পের দুই ফুট বাইরে বল করলে সেটি নেতিবাচক বোলিং।' জয়াসুরিয়া এরপর আর লেগ স্টাম্পের বাইরে বল করেননি। আম্পায়ারও ওয়াইড দেননি। কিন্তু ক্ষতি যা হওয়ার সেটি যে হয়ে গেছে, তা বোঝা গেছে ম্যাচের শেষ বলটির পর। শেষ বলে ১ রান দরকার ছিল নিউজিল্যান্ডের। ।

# মেসি, নেইমার, ডি ব্রুইনা গোলে সহায়তায় এ মৌসুমে কে কোথায়







**প্যারিস ঃ** ফুটবল নিয়ে যত উন্মাদনা, তার বেশির ভাগই গোলদাতাদের নিয়ে। অথচ যিনি গোলে সহায়তা করেন, তিনি রয়ে যান আড়ালে। 'পুরস্কার টুরস্কারও' খুব একটা জোটে না। প্লেমেকার বা বল বানিয়ে দেওয়াদের নিয়ে খুব একটা চর্চাও করে না বেশির ভাগ মানুষ। তবে তাঁদের অবদান অস্বীকার করার বা লুকিয়ে রাখার সুযোগ নেই।

লিওনেল মেসির কথাই ধরুন। বয়স বাড়ার সঙ্গে সঙ্গে মেসির খেলার ধরনও বদলে গেছে। এখন গোল করার চেয়ে সতীর্থদের দিয়ে গোল করানোতেই যেন বেশি তৃপ্তি তাঁর। এই তো পরশু রাতে ব্রেস্তের বিপক্ষে তাঁর বাড়ানো বলেই গোল করে পিএসজিকে জিতিয়েছেন কিলিয়ান এমবাপ্পে। সেটা ছিল ক্লাব ফুটবলে আর্জেন্টিনার বিশ্বকাপজয়ী অধিনায়কের ৩০০তম অ্যাসিস্ট।

এখন পাঠকের মনে কৌতূহল জাগতে পারে, এ মৌসুমে ইউরোপীয় ক্লাব ফুটবলে কে সবচেয়ে বেশি গোলে সহায়তা করেছেন। অনেকে হয়তো ভাবতে পারেন মেসি যেহেতু ফরোয়ার্ড, তাই অ্যাসিস্টের তালিকার শীর্ষে তাঁর নাম থাকার সম্ভাবনা কম।

তবে 'এফবিরেফ' দিচ্ছে ভিন্ন তথ্য। ফুটবল পরিসংখ্যানবিষয়ক এই ওয়েবসাইট বলছে, ইউরোপীয় ক্লাব ফুটবলের শীর্ষ পাঁচ লিগের চলমান মৌসুমে গোলে সহায়তায় সবার ওপরে মেসি। পিএসজি মহাতারকা এখন পর্যন্ত সতীর্থদের দিয়ে করিয়েছেন সর্বোচ্চ ১৩ গোল। ফরাসি লিগ আঁতে তিনি অ্যাসিস্টগুলো করেছেন ৯টি ম্যাচে। সব কটিতেই জিতেছে পিএসজি।

মেসির পরেই আছেন কেভিন ডি ব্রুইনা। ম্যানচেস্টার সিটির বেলজিয়ান মিডফিল্ডার গোল করায় বলের জোগান দিয়েছেন ১২ বার। ডি ব্রুইনাকে এত দিনে হয়তো ছাড়িয়ে যেতে পারতেন নেইমার। অ্যাঙ্কেলের চোটে মৌসুম শেষ হয়ে যাওয়ার আগে ১১ গোলে সহায়তা করে তালিকার তিনে আছেন ব্রাজিলিয়ান তারকা।

**মেসি, নেইমার, ডি ব্রুইনা গোলে সহায়তায় এ মৌসুমে কে কোথায়**

শীর্ষ পাঁচের পরের নামটা অনেকের কাছে অপরিচিত লাগতে পারে। তবে কাতার বিশ্বকাপ ফাইনালের কথা মনে করিয়ে দিলে তাঁকে যে কারও চেনার কথা। অতিরিক্ত সময়ের অন্তিম মুহূর্তে যাঁর শট অবিশ্বাস্যভাবে ঠেকিয়ে দিয়েছিলেন আর্জেঃটাইন গোলরক্ষক এমিলিয়ানো মার্তিনেজ, সেই কোলো মুয়ানি আছেন চারে। জার্মান ক্লাব আইনট্রাখট ফ্রাঙ্কফুর্টের এই ফরাসি ফরোয়ার্ড ১০টি গোলে সহায়তা করেছেন।

৯টি করে অ্যাসিস্টে যৌথভাবে পাঁচে আছেন নাপোলির 'নতুন ম্যারাডোনা'খ্যাত খিচা কাভারাস্কেইয়া ও আর্সেনাল উইঙ্গার বুকায়ো সাকা। দুজনের দলই আছে ইতালিয়ান সিরি 'আ' ও ইংলিশ প্রিমিয়ার লিগের পয়েন্ট তালিকার চূড়ায়।

২১ বছর বয়সী সাকাকে মৌসুমের অন্যতম সেরা খেলোয়াড় বিবেচনা করা হচ্ছে। আর কাভারাস্কেইয়া নিজেকে অন্য মাত্রায় নিয়ে যাচ্ছেন। ভিক্টর ওসিমহেনের সঙ্গে তিনি গড়ে তুলেছেন ভয়ংকর আক্রমণভাগ। এই তো পরশুই আতালান্তার বিপক্ষে একক নৈপুণ্যে চোখজুড়ানো এক গোল করেছেন কাভারাস্কেইয়া, যা নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে শোরগোল পড়ে গেছে।

## আহমেদাবাদে ড্রই মেনে নিল ভারত অস্ট্রেলিয়া

**আহমেদাবাদ ঃ** দুই দলের মাঠ ছাড়তে যেন আর তর সইছিল না! শেষ দিনে শেষ সেশনে অস্ট্রেলিয়ার দ্বিতীয় ইনিংসে লিড ততক্ষণে আড়াই শ পার। ভারতের আরও একটি ইনিংস বাকি। বোঝাই যাচ্ছিল, আহমেদাবাদ টেস্টের ভাগ্যে ড্র লেখা আছে। দুই দলের অধিনায়ক তাই আর দেরি করেননি। ভারতকে ব্যাটিংয়ের জন্য প্রায় ১৫-১৬ ওভারের মতো সময় হাতে রেখে ৮৪ রানের লিড নিয়ে অস্ট্রেলিয়া অধিনায়ক স্টিভেন স্মিথ নিজেদের দ্বিতীয় ইনিংস ঘোষণার পরই ড্র মেনে নেয় দুই দল। হাত মেলান দুই দলের অধিনায়ক। এরপর বেশ দ্রুতই মাঠ ছেড়েছে দুই দল।

ছাড়বেই না কেন, টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনাল অস্ট্রেলিয়ার নিশ্চিত হয়েছে আগেই। নরেন্দ্র মোদি স্টেডিয়ামে প্রথম সেশনের শেষ দিকে ক্রাইস্টচার্চের হ্যাগলি ওভালে মহাকাব্যিক টেস্টে শ্রীলঙ্কার বিপক্ষে শেষ বলে জয় তুলে নেয় নিউজিল্যান্ড। তাতে টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনাল নিশ্চিত হয়ে যায় ভারতের। তার পর থেকে ম্যাড়ম্যাড়ে এই টেস্টে রোহিত শর্মাদের আর মন টেকে!

অস্ট্রেলিয়া দুই সেশনের বেশি সময় ব্যাট করেছে ড্র নিশ্চিতের জন্য। অন্য টেস্টে ফল যাই হোক, ফাইনাল নিশ্চিতের জন্য এই বোর্ডার গাভাস্কার সিরিজে তিন টেস্ট জিততে হতো ভারতকে। প্রথম দুই জয়ের পর তৃতীয় টেস্টটি জিতেছে অস্ট্রেলিয়া। আহমেদাবাদে আজ শেষ দিনের খেলা শুরুর আগেই বোঝা যাচ্ছিল, অলৌকিক কিছু না ঘটলে টেস্ট ড্রয়ের দিকেই যাচ্ছে। বিনা উইকেটে ৩ রান নিয়ে কাল চতুর্থ দিনের খেলা শেষ করেছিল অস্ট্রেলিয়া। আজ শেষ দিনে ড্র নিশ্চিতে অস্ট্রেলিয়ার প্রয়োজন ছিল, যতটা সম্ভব ব্যাটিং করে ভারতকে ব্যাটিংয়ের জন্য যে সময়টুকু দেওয়া হবে, লক্ষ্যটা যেন ততক্ষণে মুঠোর বাইরে নেওয়া যায়। মরা পিচে ট্রাভিস হেডের ১৬৩ বলে ৯০ ও মারনাস লাবুশেনের ২১৩ বলে অপরাজিত ৬৩ রানের ইনিংস সেটাই নিশ্চিত করেছে। এর মধ্যেই হ্যাগলি ওভালে 'ক্ল্যাসিক' টেস্ট ম্যাচ ভারতকে ফাইনালের নিশ্চয়তা পাইয়ে দেয়। তখনই একবার হাত মিলিয়েছেন দুই দলের খেলোয়াড়েরা। ২ উইকেটে ১৭৫ রানে অস্ট্রেলিয়া দ্বিতীয় ইনিংস ঘোষণার পর ড্র মেনে নেয় দুই দল। এর মধ্য দিয়ে ২-১ ব্যবধানে সিরিজ জয় নিশ্চিত করল ভারত। এ নিয়ে টানা চতুর্থবার বোর্ডার গাভাস্কার ট্রফি ভারতের পক্ষে ২-১ স্কোরলাইনে শেষ হলো। চতুর্থ দিনে উসমান খাজা পায়ে চোট পাওয়ায় অস্ট্রেলিয়ার ব্যাটিং অর্ডারে ট্রাভিস হেডের সঙ্গে ওপেন করেন ম্যাথু কুনেমান (৬)। রবিচন্দ্রন অশ্বিন তাঁকে সকালের সেশনেই তুলে নেন। এরপর দ্বিতীয় উইকেটে হেড ও লাবুশেন ২৯২ বলে ১৩৯ রানের জুটিতে অস্ট্রেলিয়াকে ড্রয়ের পথে নিয়ে যান। হেডকে অক্ষর প্যাটেল তুলে নেওয়ার পর লাবুশেনের সঙ্গে ১১৪ বলের জুটিতে ২২ রান তুলে ইনিংস ঘোষণা করেন।



# এক স্বৈরশাসকের মেয়ের ২৪০ মিলিয়ন ডলারের সম্পদ গড়ে তোলার কাহিনী



**লন্ডন ঃ** একজন স্বৈরশাসকের কন্যা, যিনি নিজেকে পপ তারকা এবং কুটনীতিক হিসেবে তুলে ধরেন, তিনি লন্ডন থেকে ২৪০ মিলিয়ন ডলার নিয়ে হংকংয়ে সম্পদ কিনেছেন। এক প্রতিবেদন এমন তথ্য উঠে এসেছে।

গুলনারা কারিমোভা এই অর্থ দিয়ে বাড়ি এবং ব্যক্তিগত বিমান ক্রয় করেছেন এবং সেজন্য তিনি ব্রিটেনের কোম্পানি ব্যবহার করেছেন। তার এই অর্থের উৎস্য ছিল ঘুষ এবং দুর্নীতি। এমনটাই বলেছে মানবাধিকার সংস্থা ফ্রিডম ফর ইউরেশিয়ার এক গবেষণায়।

রিপোর্টে বলা হয়েছে, এই কাজের জন্য লন্ডন এবং ব্রিটিশ ভার্জিন আইল্যান্ডের কিছু অ্যাকাউন্টিং ফার্ম সহায়তা করেছে। এর ফলে অবৈধ সম্পদ মোকাবিলায় ব্রিটেনের প্রচেষ্টাকে আবারো নতুন করে প্রশ্নের মুখে ফেলেছে। বহু বছর যাবত এমন অভিযোগ রয়েছে, বিদেশি অপরাধীরা যেভাবে ব্রিটেনের সম্পদ ব্যবহার করে অর্থ পাচার করছে সেটি বন্ধের জন্য ব্রিটিশ কর্তৃপক্ষ পর্যাপ্ত ব্যবস্থা নিচ্ছে না।

প্রতিবেদনে বলা হচ্ছে, কারিমোভা যত সহজে যুক্তরাজ্যের সম্পদ অর্জন করেছে তা আসলেই 'উদ্বিগ্ন' হবার মতো।

এমন আভাস পাওয়া যাচ্ছে, যারা সম্পদ পাচারের জন্য এসব কোম্পানির হয়ে যারা কাজ করছিল তারা গুলনারা কারিমোভার সংশ্লিষ্টতার বিষয়টি জানতো না। এমনকি অর্থের উৎস যে সন্দেহজনক হতে পারে সেটিও তাদের ধারণা ছিল না। ব্রিটেনের যারা এই সেবা দিয়েছে তাদের কারো বিরুদ্ধেই তদন্ত বা জরিমানা করা হয়নি।

একটা সময় মনে হয়েছিল গুলনারা কারিমোভা তার বাবা ইসলাম কারিমোভার উত্তরসূরী হবেন। ইসলাম কারিমোভা ১৯৮৯ সাল থেকে শুরু করে ২০১৬ সালে তার মৃত্যুর আগে পর্যন্ত উজবেকিস্তানের প্রেসিডেন্ট ছিলেন।

গুলনারা কারিমভকে 'গুগুশা' নামে বিভিন্ন পপ ভিডিওতে দেখা গেছে। এছাড়া তিনি একটি গয়নার দোকান চালিয়েছেন এবং স্পেনে রাষ্ট্রদূত হিসেবে দায়িত্ব পালন করেছেন।

কিন্তু এরপর ২০১৪ সালে তিনি লোকচক্ষুর আড়ালে চলে যান। পরে জানা যায় যে, তার বাবা ক্ষমতায় থাকার সময়েই তিনি দুর্নীতির দায়ের গ্রেফতার হয়েছিলেন। তার বাবা মারা যাবার পরে ২০১৭ সালের ডিসেম্বরে তাকে কারাদণ্ড দেয়া হয়। ২০১৯ সালে গৃহবন্দীর শর্ত ভাঙার কারণে তাকে কারাগারে পাঠানো হয়।

গুলনারা কারিমভের বিরুদ্ধে প্রসিকিউটররা অভিযোগ আনেন যে তিনি একটি অপরাধী গোষ্ঠীর সাথে জড়িত - যারা ব্রিটেন, রাশিয়া এবং সংযুক্ত আরব আমিরাতসহ ১২ টি দেশে এক বিলিয়ন ডলারের সম্পদ নিয়ন্ত্রণ করে।

অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের গবেষণা ফেলো এবং ফ্রিডম ফর ইউরেশিয়ার একজন গবেষক টম মেইনি বলেন, কারিমোভার ঘটনাটি সর্বকালের সবচেয়ে বড় ঘুষ আর দুর্নীতির ঘটনাগুলোর মধ্যে অন্যতম।

যদিও কারিমোভা আর তার সহযোগীরা এরই মধ্যে কিছু সম্পদ বিক্রি করে দিয়েছেন, যেগুলো দুর্নীতির অর্থ দিয়ে অর্জিত হয়েছিল বলে অভিযোগ রয়েছে। ফ্রিডম ফর ইউরেশিয়া সম্পদ ও ভূমি রেজিস্ট্রি রেকর্ড নিয়ে গবেষণা করে অন্তত ১৪টি সম্পদের উল্লেখ পেয়েছে যা তিনি গ্রেফতার হওয়ার আগে যুক্তরাজ্য, সুইজারল্যান্ড, ফ্রান্স, দুবাই এবং হংকংসহ বিভিন্ন দেশে সন্দেহজনক তহবিল ব্যবহার করে কিনেছিলেন।

১৪ই মার্চ এ প্রতিবেদন প্রকাশিত হবে যার শিরোনাম - 'উজবেক রাজকুমারীর ক্ষমতার পেছনে কারা ছিল?'

এই রিপোর্টে লন্ডন ও এর আশেপাশের পাঁচটি সম্পদের বিবরণ দেয়া হয়েছে, যেগুলোর বর্তমান মূল্য ৫০ মিলিয়ন পাউন্ড। এর মধ্যে রয়েছে বাকিংহাম প্যালেসের পশ্চিম দিকে বেলগ্রাভিয়াতে তিনটি ফ্ল্যাট, মেফেয়ারে বাড়ি, এবং ১৮ মিলিয়ন পাউন্ড মূল্যের সারে ম্যানর হাউস যার সাথে একটি ব্যক্তিগত লেকও রয়েছে।

বেলগ্রাভিয়ার দুটি ফ্ল্যাট ২০১৩ সালে কারিমোভা গ্রেফতার হওয়ার আগে বিক্রি করা হয়েছিল। ২০১৭ সালে মেফেয়ারের বাড়ি, সারে ম্যানশন এবং বেলগ্রাভিয়াতে তৃতীয় ফ্ল্যাটটি জব্দ করা হয় গুরুতর জালিয়াতির অভিযোগে।

ফ্রিডম ফর ইউরেশিয়ার প্রতিবেদনে লন্ডন এবং ব্রিটিশ ভার্জিন আইল্যান্ডে কয়েকটি ফার্মের নাম উল্লেখ করা হয়, যেগুলো কারিমোভা বা তার সহযোগীরা সম্পদ বা ব্যক্তিগত জেটলাইনার কেনার প্রক্রিয়ায় ব্যবহার করেছিল।

কারিমোভার প্রেমিক রুস্তম মাদুমারভ এবং আরো কয়েকজন যারা তার সন্দেহভাজন সহযোগী তাদেরকে দাপ্তরিক নথিতে সুবিধাভোগী মালিক বলে উল্লেখ করা হয়েছে। এটি একটি আইনি শব্দ যা ব্যবহার করা হয়েছে আসলে যে ব্যক্তি যুক্তরাজ্য, জিব্রাল্টার এবং ব্রিটিশ ভার্জিন আইল্যান্ডে থাকা কোম্পানিগুলো নিয়ন্ত্রণ করে তাকে বোঝাতে। কিন্তু প্রতিবেদনে বলা হয় যে তারা আসলে কারিমোভার ছায়া হিসেবে ব্যবহৃত হতো, যারা এসব ফার্ম ব্যবহার করে কোটি কোটি ডলার পাচার করেছে। কারিমোভার সাথে সংশ্লিষ্ট দুটি যুক্তরাজ্যের কোম্পানী পানালি লিমিটেড এবং ওডেনটন ম্যানেজমেন্ট লিমিটেডকে হিসাবরক্ষণ বিষয়ক সহায়তা দিতো এসএইচ ল্যান্ডেস এলএলপি নামে একটি ফার্ম যা আগে লন্ডনের অক্সফোর্ড স্ট্রিটে ছিল।

২০১০ সালের জুলাইয়ের শেষের দিকে, এসএইচ ল্যান্ডেস আরেকটি কোম্পানি রেজিষ্টার বা অধিগ্রহণ করে। এর লক্ষ্য ছিল ৪০ মিলিয়ন ডলার মূল্যের ব্যক্তিগত জেট কেনা যার মালিক ছিলেন মাদুমারভ। প্রকৃতপক্ষে প্রতিবেদন অনুযায়ী, কারিমোভা আসলে এই ক্রয়ের পেছনে ছিলেন।

যখন তহবিলের উৎস সম্পর্কে জিজ্ঞস করা হয় তখন এসএইচ ল্যান্ডেস উত্তরে বলে ঃ আমরা মনে করি যে এই ব্যক্তিগত সম্পদ নিয়ে যে প্রশ্ন এসেছে তা এক্ষেত্রে প্রযোজ্য হবে না। এই প্রশ্ন এসেছে কারণ জেট কেনার জন্য যে অর্থ ব্যয় করা হয়েছিল তা মাদুমারভের ব্যক্তিগত তহবিল থেকে দেয়া হয়নি।

লন্ডন ভিত্তিক ফার্মটি অবশ্য পরে জানায় যে, মাদুমারভের সম্পদ আংশিকভাবে এসেছে উজবেকিস্তানের একটি মোবাইল ফোন কোম্পানি উজদোনরোবিতা থেকে। এই কোম্পানির সাথে কারিমোভার সংশ্লিষ্টতা নিয়ে এরই মধ্যে প্রশ্ন উঠেছে। ২০০৪ সালেও মস্কো টাইমস এক প্রতিবেদনে অভিযোগ তোলে যে, কারিমোভা উজদোনরোবিতা থেকে জাল রশিদের মাধ্যমে প্রায় ২০ মিলিয়ন ডলার নিজের ব্যক্তিগত কাজে ব্যবহার করেছে। সাবেক এক উপদেষ্টা কারিমোভার বিরুদ্ধে 'প্রতারণার' অভিযোগ তোলেন।

প্রতিবেদনে বলা হয়, কারণ যেহেতু এটা উজবেকিস্তানের মতো একটি দেশ যেখানে অর্থপাচার জবাবদিহিতার সম্ভাবনা কম সেখান থেকে এতো বড় অংকের অর্থের হস্তান্তর বিষয়ে এসএইচ ল্যান্ডসের উচিত ছিল এই সুনির্দিষ্ট গ্রাহক সম্পর্কে তদন্ত করা এর পটভূমি খতিয়ে দেখার মাধ্যমে এটা নিশ্চিত করা যে, তহবিল আইনসঙ্গত ছিল এবং এটি কোন অপরাধ কর্মকাণ্ডের মাধ্যমে অর্জন করা হয়নি।

এসএইচ ল্যান্ডেস পানালি লিমিটেডের ২০১২ অর্থবছরের আর্থিক বিবৃতিও জমা দেয়। প্রতিবেদনে বলা হয়, ২০১৩ সালের সেপ্টেম্বরে কারিমোভার ঘনিষ্ঠ এক সহযোগী সেগুলোর অনুমোদন দিয়েছিল যার নাম গায়ান আভাকিয়ান এবং তখন তার বয়স ছিল ৩০ বছর।

এর আগের বছর বিবিসি একটি অভিযোগ প্রকাশ করেছিল যেখানে বলা হয়েছিল যে, উজবেকিস্তানে কয়েক মিলিয়ন ডলার জালিয়াতি এবং দুর্নীতি কেলেঙ্কারির কেন্দ্রে থাকা জিব্রাল্টারে নথিবদ্ধ তাকিলান্ট নামে একটি কোম্পানির মালিক ছিলেন আভাকিয়ান। বিবিসিকে দেয়া এক বিবৃতিতে স্টিভেন ল্যান্ডেস বলেন ঃ এসএইচ ল্যান্ডেস এলএলপি কখনোই গুলনারা কারিমোভার সাথে সংযুক্ত ছিল না। এসএইচ ল্যান্ডেস এলএলপি রুস্তম মাদুমারভের পক্ষে কাজ করে।

এসএইচ ল্যান্ডেস এলএলপি তার সব গ্রাহকদের পক্ষেই কাজ করে এবং যথাযথ নিয়ন্ত্রক কর্তৃপক্ষকে এ বিষয়ে অবহিত করা হয়েছে এবং এটি যথাযথ মূল্যায়িত। ফ্রিডম ফর ইউরেশিয়ার টম মেইনি বলেন, যত সহজে কারিমোভা যুক্তরাজ্যে এতো সম্পদ কিনেছেন তা আসলেই উদ্বেগজনক।

তিনি বলেন, এ বিষয়ে ব্যবস্থা নিতে কর্তৃপক্ষের ২০১৭ সাল পর্যন্ত সময় লেগে গেছে যেখানে অন্য দেশগুলো আরো কয়েক বছর আগেই তার ব্যাংক অ্যাকাউন্ট এবং তার সম্পদ জব্দ করেছে।




# তৃণমূলের অবস্থান কর্মসূচি ও বিজেপির বিজয় উৎসবের জেরে এলাকায় উত্তেজনা, তৎপর হয়ে ওঠে পুলিশ

**শিলিগুড়ি ঃ** ডাবগ্রাম ফুলবাড়ীর বিজেপি বিধায়িকা শিখা চ্যাটার্জির বাড়ির সামনে তৃণমূল কংগ্রেসের। পাল্টা ওই জায়গাতেই এবং বিজয় উৎসবে বিজেপি। ঘটনাকে কেন্দ্র করে সাময়িক উত্তেজনা ছড়ালো শিলিগুড়ি সংলগ্ন আশিঘর এলাকায়। রবিবার সকালে শিখা চ্যাটার্জির বাড়ির সামনে অবস্থান বিক্ষোভে সামিল হয় ডাবগ্রাম ফুলবাড়ী তৃণমূল কংগ্রেস। তৃণমূল কংগ্রেসের অভিযোগ, বিধায়কের দু'বছর সময় অতিক্রান্ত হলেও এলাকার উন্নয়নে কোন কাজ করেননি তিনি। সামান্য স্কলারশিপের সই পেতে নাজেহাল হতে হয় পড়ুয়াদের। এইসব সহ একাধিক কারণে এদিন বিক্ষোভে সামিল হয় তৃণমূল কংগ্রেসের নেতাকর্মী এবং সমর্থকেরা। পাল্টা ওই জায়গাতে চায় পে চর্চা এবং সম্প্রতি নাগাল্যান্ড এবং ত্রিপুরাতে বিজেপির জয়ের উৎসব পালন করা হয়। উত্তেজনা হওয়ার সম্ভাবনা খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় ভক্তিনগর থানার বিশাল পুলিশ বাহিনী। কোনরকম অপ্রীতিকর ঘটনা যাতে না ঘটে সেজন্য সেখানে বিশাল পুলিশ বাহিনী মোতায়েন করে রাখা হয়েছে।

## দিনহাটা থেকে সিতাই এবং শীতলকুচি থেকে শিলিগুড়ি পর্যন্ত নতুন বাস পরিষেবা চালু হয়েছে

**কোচবিহার ঃ** দিনহাটা থেকে সিতাই, শীতলকুচি হয়ে শিলিগুড়ি পর্যন্ত উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার নতুন একটি বাসের সূচনা করলেন সংস্থার চেয়ারম্যান পার্থ প্রতিম রায়। রবিবার দিনহাটার কৃষি মেলা এলাকায় সংস্থার বাসস্ট্যান্ডে এক অনুষ্ঠানের মধ্য দিয়ে এই যাত্রী পরিষেবার সূচনা করেন পার্থ প্রতিম রায়। উপস্থিত ছিলেন সিতাই বিধানসভা কেন্দ্রের বিধায়ক জগদীশচন্দ্র বর্মা বসুনিয়া, কোচবিহার জেলা পরিষদের কর্মাধ্যক্ষ নুর আলম হোসেন। এদিনের অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বিধায়ক উল্লেখ করেন, দিনহাটা থেকে সিতাই হয়ে শীতলকুচি শিলিগুড়ি নতুন এই বাস পরিষেবা যাত্রীদের অনেকটাই সুবিধা হবে। পাশাপাশি বাসটিকে শিলিগুড়ি থেকে বিকেলের দিকে যাতে ছাড়ার ব্যবস্থা করা যায় সেজন্য তিনি সংস্থার কাছে বিষয়টি দেখার কথা বলেন। গাড়িতে বিকেলের দিকে শিলিগুড়ি থেকে ছাড়লে এলাকার ব্যবসায়ী থেকে শুরু করে বিভিন্ন স্তরের মানুষ তাদের বিভিন্ন কাজকর্ম করে আবার ফিরতে পারবেন।

## কারাতে প্রশিক্ষণ শিবিরের আয়োজন

**উত্তর দিনাজপুর ঃ** কিয়ো জাপান সোতোকান ক্যারাটে ডু এসোসিয়েশন অফ ওয়েস্ট বেঙ্গল পক্ষ থেকে আজ ইসলামপুর হাই স্কুল ময়দানে প্রশিক্ষণ শিবিরের আযোজন করা হয়েছিল। ইসলামপুর শহরের বিভিন্ন এলাকা থেকে বেশ কিছু ছাত্র ছাত্রী অংশগ্রহণ করে।এই ক্যারাটা প্রশিক্ষণ শিবিরে বিভিন্ন কলা কৌশল করে দেখান প্রশিক্ষক ও ছাত্রছাত্রীরা। প্রশিক্ষণ শিবিরে টালি ভেঙে সহ বাচ্চাদের বিভিন্ন মার্শাল আর্ট আজ এখানে দেখানো হয়। ক্যারাটার প্রশিক্ষক পরিমল চন্দ্র সরকার বলেন বিভিন্ন স্থানে কেরেটা প্রশিক্ষণ নিয়ে চাকরি করছেন। যেমন পুলিশে বিএসএফে তাদের জন্য আমি গর্ববোধ করি।তিনি আরো বলেন বিভিন্ন সংস্থা গজিয়ে উঠেছে তবে উপযুক্ত জাগায় বাচ্চাদের ক্যারাটা প্রশিক্ষণ করান। তিনি আরো বলেন কিছুদিন ক্যারাটা শিখিয়ে মানুষ উধাও হয়ে যায় তাই সঠিক জায়গায় বাচ্চাদের প্রশিক্ষণ দিলে তারাও উপযুক্ত প্রশিক্ষিত হবেন। ইসলামপুর ফায়ার ব্রিগেডের আধিকারিক বলেন ক্যারেটা কেন শিখব কোন জায়গায় শিখব এটা জানতে হবে মাস্টারমশাই যেটা বারবার বলছিলেন তিনি আরো বলেন ক্যারেটা শিখলে আত্মরক্ষার কাজে আসে। অপরদিকে অভিভাবকরাও এই ক্যারাটে প্রশিক্ষণ কে সাধুবাদ জানিয়েছেন।তারা বলছেন পড়াশোনা সঙ্গে সঙ্গে কেরেটা প্রশিক্ষণও অপরিহার্য

## ময়নাগুড়ি মারোয়াড়ী জনকল্যাণ সমিতির ভবনে দোল যাত্রা ও সবে বরাত, উৎসবকে নিয়ে প্রশাসনিক বৈঠক করা হলো

**ময়নাগুড়ি** মারোয়াড়ী মাড়োয়ারি জনকল্যাণ সমিতির ভবনে প্রশাসনিক সভা অনুষ্ঠিত হলো। হিন্দু ধর্মাবলম্বীর বসন্ত উৎসব দোলযাত্রা ও মুসলিম ধর্মাবলম্বীর সবে বরাত উৎসব রয়েছে,এই উৎসব যাতে শান্তিপূর্ণভাবে করা যায় এবং কোন অপ্রীতিকর ঘটনা না ঘটে। দোল উৎসব ও সবে বরাত প্রত্যেক মানুষ উৎসব পালন করতে পারে। এবং ময়নাগুড়ি ব্লকের প্রত্যেকটা অঞ্চলের দোলযাত্রা উৎসব আনন্দের মাঝে কোনো অপ্রীতিকর ঘটনা না ঘটে। ময়নাগুড়ি ব্লকের প্রত্যেকটা অঞ্চলে প্রশাসনিক তৎপরতা চালাবে। হোলির দিন যাতে মোটর সাইকেল তিনজন ব্যক্তি না উঠে,এই নিয়ে প্রশাসন নজর দাড়ি চালাবে। মাড়োয়ারি ভবনে প্রশাসনিক বৈঠকে উপস্থিত ছিলেন জলপাইগুড়ি ডিএসপি ক্রাইম বিক্রমজিৎ লামা, ময়নাগুড়ি থানার আইসি তমাল দাস,পঞ্চায়েত সমিতির সভাপতি শিবম রায় বসুনিয়া, ময়নাগুড়ি বিডিও শুভ্র নন্দী, ময়নাগুড়ি ব্যবসায়ী সমিতি সহ প্রত্যেকটা অঞ্চলের প্রধান পদাধিকারী ব্যক্তিবর্গগন , এবং ময়নাগুড়ি পৌরসভা বিভিন্ন ওয়ার্ডের কাউন্সিলররা উপস্থিত ছিলেন। এবং দোলযাত্রা উৎসব ও সবে বরাত অনুষ্ঠান শান্তিপূর্ণভাবে প্রত্যেকে পালন করতে পারে এই নিয়ে মারোয়ারি ভবনে প্রশাসনিক সভা করা হয়। দোল উৎসবের দিন খোলা বাজারে বা রাস্তাঘাটে মদ বিক্রির উপর এবং বেআইনিভাবে মদ বিক্রির উপর নজরদারি চালাবে। যাতে কোন ব্যক্তি দোল উৎসব আনন্দ করতে গিয়ে কোন ব্যক্তি রাস্তাঘাটে বিশৃঙ্খলা না করতে পারে। এ বিষয়ে প্রশাসনিক নজরদারি চালাবে। প্রশাসনিক বৈঠক থেকে জানান দোল উৎসব ও সবে বরাত মানুষ আনন্দে উৎসব পালন করতে পারে।

## কংগ্রেসের অঞ্চল সভাপতিদের সম্মেলনের আয়োজন করা হয়

**জলপাইগুড়ি ঃ** চা শ্রমিকদের জীবনজীবিকার উন্নয়ন, সচ্ছ পঞ্চায়েত, মানুষের পঞ্চায়েত গঠন সহ একাধিক দাবিকে সামনে রেখে অনুষ্ঠিত হলো কংগ্রেসের অঞ্চল সভাপতির সম্মেলন।মাল গ্রামীণ কংগ্রেসের ব্যবস্থাপনায় রবিবার জলপাইগুড়ি জেলা কংগ্রেসের অঞ্চল সভাপতি সম্মেলন অনুষ্ঠিত হলো মালবাজার মহকুমার ক্রান্তিতে। অনান্য দাবির সঙ্গে বি পি এল তালিকা সংশোধন, প্রতি ব্লকে হিমঘর, সহ একাধিক দাবি উঠে আসে সম্মেলন মঞ্চ থেকে। এদিনের অঞ্চল সভাপতি সম্মেলনে উপস্থিত ছিলেন বর্ষীয়ান কংগ্রেস নেতা প্রাক্তন বিধায়ক দেবপ্রসাদ রায় সহ জেলা নেতৃত্ব।

## আম আদমি পার্টির বিক্ষোভ প্রদর্শন

**শিলিগুড়ি ঃ**আজ আম আদমি পার্টির পক্ষ থেকে শিলিগুড়ির হাশমি চৌক এ বিক্ষোভ প্রদর্শন করলেন।এদিন আম আদমি পার্টির সদস্য অমিতাভ দেবনাথ সাংবাদিকদের মুখোমুখি হয়ে জানান ভারতবর্ষের সুপ্রতিষ্ঠিত সবথেকে ভালো শিক্ষামন্ত্রী মনীষ সিশোদিয়াকে বিভিন্ন অজুহাতে যার সুনির্দিষ্ট কোন প্রমাণ নেই যার সুনির্দিষ্ট কোন অভিযোগ নেই তারপরেও মনিষ শিশদিয়া কে সিবিআই দিয়ে এরেস্ট করে ঘরবন্দী করে রেখেছে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।এর বিরুদ্ধে আম আদমী পার্টির পক্ষ থেকে গোটা পশ্চিমবংগ জুড়ে আন্দোলনে নেমেছেন পার্টি সদস্যরা.

## ভালোকরে কাজ করুন তাহলে এভাবে ঘুরে বেড়াতে হবে না, দিদির দুধ কর্মসূচিতে বিধায়ককে পরামর্শ বিবেকানন্দ ১ অঞ্চল গ্রামবাসীর

**আলিপুরদুয়ারঃ** রবিবার সকাল নাগাদ আলিপুরদুয়ার ১ নম্বর ব্লক বিবেকানন্দ ১ নং গ্রাম পঞ্চায়েত এলাকায় দিদির দূত কর্মসূচি আয়োজিত হয়। কর্মসূচিতে উপস্থিত ছিলেন সদর তৃণমূলে যোগদানকারী আলিপুরদুয়ারের বিধায়ক সুমন কাঞ্জিলাল, এক নম্বর ব্লক তৃণমূল কংগ্রেস সভাপতি পীযূষ কান্তি রায়, জেলা তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক ভাস্কর মজুমদার ও তৃণমূল ছাত্র পরিষদের জেলা সভাপতি সমীর ঘোষ সহ অন্যান্য শীর্ষ নেতৃত্বরা। তবে দিদির দূত কর্মসূচি পূর্ব ঘোষিত হলেও এদিনের কর্মসূচিতে খুঁজে পাওয়া গেল না স্থানীয় গ্রাম পঞ্চায়েতের প্রধানকে। জানাগেছে এদিন দিদির দূত কর্মসূচিতে গিয়ে বিবেকানন্দ ১ নম্বর অঞ্চল গ্রাম পঞ্চায়েত এলাকায় এলাকার নাগরিকদের সঙ্গে কথাবার্তা বলে তাদের এলাকার নানান সমস্যার বিষয়ে খোঁজ নিলেন বিধায়ক সুমন কাঞ্জিলাল। স্থানীয় গ্রামবাসীরাও এলাকার বাসিন্দাদের নানান সমস্যার কথা দিদির দূতদের কাছে তুলে ধরেন। বিধায়ক সেই সমস্ত সমস্যার কথা তার নোটবুকে লিপিবদ্ধ করেন এবং দ্রুত সেই সমস্ত সমস্যা সমাধানের আশ্বাসও দেন। এদিন সেই সময় এলাকার এক বৃদ্ধা বিধায়ক সুমন কাঞ্জিলালকে ভালো করে কাজ করে যাওয়ার পরামর্শ দেন। ওই বৃদ্ধা বলেন সঠিকভাবে কাজ করে যান, তাহলে আর দ্বারে দ্বারে এভাবে ঘুরে বেড়াতে হবে না। মানুষ নিজে থেকেই আপনাদের আশীর্বাদ করবে।

## সাংসদ রাজু বিষ্টের বাড়ির সামনে ধর্নায় বসেছেন মন্ত্রী মলয় ঘটক ও ঋতব্রত ব্যানার্জি


**শিলিগুড়ি ঃ** চা বাগাননের শ্রমিকদের বঞ্চিত করছে কেন্দ্রীয় সরকার, তারই প্রতিবাদে বিজেপি বিধায়ক এবং সাংসদদের বাড়ির সামনে অবস্থান বিক্ষোভ কর্মসূচি গ্রহণ করেছে তৃণমূল কংগ্রেসের শ্রমিক সংগঠন আইএনটিটিইউসি। রবিবার শিলিগুড়ি র মহাকুমার মাটিগাড়া দার্জিলিং এর সংসদ রাজু বিস্তার বাড়ির সামনে অবস্থান্‌ভিক্ষ ভাবে বসেন আইএনটিটিইউসি। এই অবস্থান বিক্ষোভ কর্মসূচিতে রবিবার অংশগ্রহণ করেন রাজ্যের মন্ত্রী মলয় ঘটক এবং রাজ্য আইএনটিটিইউসি সভাপতি ঋতব্রত বন্দ্যোপাধ্যায় সহ অন্যান্যরা।



JATIO KHOBOR
BANGLA DAINIK
বাংলা দৈনিক
জাতীয় খবর
রাঁচি
মঙ্গলবার
web : www.rashtriyakhabar.com
epaper.rastriyakhabar.com
14:03:2023


দেশের দশের কথা
রাজনীতির তোলপাড়

**ব্রয়লার মুরগি পালনে বড় কোম্পানির কাছে 'জিম্মি' ছোট খামারিরা**



**ঢাকা (এজেন্সী) :** বাংলাদেশে ব্রয়লার মুরগির দাম নিয়ে বিতর্কের পর খামারিরা অভিযোগ করেছেন, মুরগি পালন এবং সেগুলো বিক্রির ক্ষেত্রে বড় কোম্পানিগুলোর কাছে তারা 'জিম্মি' হয়ে পড়েছেন। তাদের অভিযোগ, বড় কোম্পানিগুলো প্রান্তিক খামারিদের ধ্বংসের জন্য নিজেদের খেয়ালখুশি অনুযায়ী দাম নির্ধারণ করে। যা শুধু প্রান্তিক খামারিই নয় বরং ভোক্তাদেরও প্রভাবিত করে। সরকারের কাছে বার বার ধর্না দিয়েও এ বিষয়ে কোন প্রতিকার না পাওয়ার অভিযোগও রয়েছে খামারিদের। বাংলাদেশ পোল্ট্রি অ্যাসোসিয়েশনের সভাপতি সুমন হাওলাদার বলেন, ব্রয়লার মুরগীর চাষ বাংলাদেশে এখন নীলচাষের মতো হয়ে গেছে। যেখানে প্রান্তিক খামারিদের বাধ্য করা হচ্ছে বড় কোম্পানীগুলোর সাথে চুক্তিতে মুরগি পালন করতে। জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরও বলছে যে, উৎপাদন খরচের ব্যাপক পার্থক্য থাকার কারণে বাজারে বড় কোম্পানীগুলোর সাথে বাজারে টিকতে পারছে না প্রান্তিক খামারিরা। ফলে অনেক প্রান্তিক খামারি তাদের খামার বন্ধ করে দিতে বাধ্য হচ্ছেন।

# মিয়ানমারে 'সেনাবাহিনীর হাতে' বৌদ্ধ ভিক্ষুসহ ২৮ জন খুন



**নেপিদো (এজেন্সী) :** মিয়ানমারের সামরিক সরকারের বিরুদ্ধে লড়াই করছে যেসব জাতিগত সশস্ত্র গোষ্ঠী তার একটি বলছে, একটি বৌদ্ধ মঠে আশ্রয় নেয়া অন্তত ২৮ ব্যক্তি সেনাবাহিনীর গুলিতে নিহত হয়েছে।

কারেনি ন্যাশনালিটিজ ডিফেন্স ফোর্স (কেএনডিএফ)-এর পোস্ট করা একটি ভিডিওতে কিছু মৃতদেহ দেখা যাচ্ছে, দৃশ্যত যাদের দেহে গুলির ক্ষত রয়েছে।

নিহতদের মধ্যে বেশ কিছু লোকের গায়ে বৌদ্ধ ভিক্ষুদের কমলা পোশাক রয়েছে।

দক্ষিণাঞ্চলীয় শান প্রদেশের নাম নিন গ্রামে এই হত্যাকাণ্ডের ঘটনা ঘটে।

বিবিসি সংবাদদাতারা জানাচ্ছেন, দু'বছর আগে এক অভ্যুত্থানের মাধ্যমে মিয়ানমারের সামরিক জান্তা ক্ষমতা দখল করার পর থেকে সে দেশে সেনাবাহিনী এবং সশস্ত্র প্রতিরোধ গোষ্ঠীগুলির মধ্যে প্রাণঘাতী লড়াই চলছে, এবং ইদানীং তার মাত্রা বৃদ্ধি পেয়েছে।

রাজধানী নেপিট এবং থাইল্যান্ডের সীমান্তের মধ্যবর্তী এই অঞ্চলে কিছু মারাত্মক লড়াই হয়েছে।

গত শনিবার স্থানীয় সময় বিকেল চারটের কাছাকাছি সময়ে জঙ্গি বিমান এবং কামান দিয়ে গোলাবর্ষণের পর সেনাবাহিনী ঐ গ্রামে প্রবেশ করে এবং গ্রামের একটি মঠের মধ্যে লুকিয়ে থাকা মানুষজনকে হত্যা করে বলে কেএনডিএফ জানিয়েছে।

ঐ গোষ্ঠীর একটি ভিডিওতে দেখা যাচ্ছে, অন্তত ২১টি মৃতদেহ মঠের ভেতরে স্তূপ করে রাখা হয়েছে।

এদের মধ্যে তিন জনের গায়ে রয়েছে বৌদ্ধ ভিক্ষুদের কমলা পোশাক। দেহগুলোতে একাধিক গুলির আঘাতের চিহ্ন রয়েছে বলে মনে হচ্ছে।

মঠের দেয়াল বুলেটের আঘাতে ঝাঁঝরা হয়েছে বলে দেখা যাচ্ছে।

স্থানীয় একটি পত্রিকা কান্তারওয়াদ্দি টাইমস কেএনডিএফ-এর একজন মুখপাত্রকে উদ্ধৃত করে বলেছে, মনে হচ্ছে যে সেনাবাহিনী তাদের মঠের সামনে লাইন করে দাঁড় করায় এবং সন্ন্যাসীসহ সবাইকে নির্মমভাবে গুলি করে মারে।

কেএনডিএফ বিবিসিকে জানিয়েছে, তারা ছোট ঐ গ্রামটির কাছাকাছি আরেক জায়গা থেকে বাকি সাতজনের মৃতদেহ খুঁজে পেয়েছে।

এ ধরনের ঘটনার সত্যতা যাচাই করা কঠিন, তবে মিয়ানমারের এই অঞ্চলে, যেখানে সামরিক জান্তার বিরুদ্ধে শক্তিশালী প্রতিরোধ দেখা গেছে, সেখানে নিরস্ত্র বেসামরিক মানুষের বিরুদ্ধে এমন বর্বর আক্রমণ নতুন ঘটনা নয়।

নাম নিন গ্রামটি শান প্রদেশ কায়াহ প্রদেশের দিকে একটি প্রধান রাস্তা।

সামরিক বাহিনী মনে করে, তাদের বিরুদ্ধে যুদ্ধরত বিদ্রোহী গোষ্ঠীগুলিকে অস্ত্র সরবরাহের জন্য এটি একটি গুরুত্বপূর্ণ রুট।

# জেলেনস্কির প্রাসাদে শ্যুট করা নাটু নাটু গানটি যেভাবে অস্কার পেল



**ইউক্রেন (এজেন্সী) :** ইউক্রেনের বিরুদ্ধে গত বছর রাশিয়া তাদের সামরিক অভিযান শুরু করার ঠিক মাসখানেক পরের কথা। ভারতের আঞ্চলিক তেলুগু সিনেমা জগতের দিকপাল পরিচালক এস এস রাজামৌলির 'আরআরআর' ছবির একটি গান 'নাটু নাটু' ইউটিউবসহ নানা প্ল্যাটফর্মে মুক্তি পেল। গানটি শ্যুট করা হয়েছিল ইউক্রেনের রাজধানী কিয়েভে, প্রেসিডেন্টের প্রাসাদে 'মারিনস্কি প্যালেসে'র ঠিক সামনেই। যখন ওই শ্যুটিং হয়, যুদ্ধ শুরু হতে তখনও অবশ্য অনেক বাকি।

তেলুগু সিনেমার দুই জনপ্রিয় নায়ক – রাম চরণ তেজা আর জুনিয়র এনটিআর ওই গানের সঙ্গে যেভাবে পা মিলিয়ে নেচেছিলেন, সেই মাতাল করে ছন্দে গোটা ভারতের আন্দোলিত হতে সময় লাগেনি মোটেই।

মুক্তির পর নিমেষেই 'টিকটক ট্রেন্ড' হয়ে ওঠে 'নাটু নাটু', জায়গা করে নেয় লক্ষ লক্ষ ভারতীয়র মোবাইল রিংটোনেও।

'আরআরআর' সিনেমা হলে বাণিজ্যিক মুক্তি পাওয়ার পর সেই জনপ্রিয়তা হু হু করে আরও বাড়তে থাকে। এরপর আসতে থাকে একের পর এক আন্তর্জাতিক সম্মান। চলতি বছরের শুরুতেই গোল্ডেন গ্লোব অ্যাওয়ার্ডসের মঞ্চে 'বেস্ট অরিজিনাল সং' বা সেরা মৌলিক গানের খেতাব জিতে নেয় 'নাটু নাটু'।

রবিবার রাতে লস অ্যাঞ্জেলসে ৯৫তম অ্যাকাডেমি অ্যাওয়ার্ডসের মঞ্চে অভিনেত্রী দীপিকা পাড়ুকোন যখন 'নাটু নাটু' ইন্ট্রোডিউস করেন, দর্শকদের করতালির ঝড়ে তিনি কথা শেষই করতে পারছিলেন না। এরপর নাটু নাটুর দুই গায়ক, রাহুল সিপলিগাঞ্জ ও কাল ভৈরব মঞ্চে লাইভ পারফরম্যান্সের সঙ্গে গানটি পরিবেশন করেন, যার পর ডলবি থিয়েটারের দর্শকরা সবাই দাঁড়িয়ে উঠে শিল্পীদের সহর্ষ অভিবাদন জানান।

এর ঠিক ঘন্টাদেড়েক বাদেই লেডি গাগা বা রিয়ানার মতো বাঘা বাঘা প্রতিদ্বন্দ্বীকে হারিয়ে 'বেস্ট অরিজিনাল সং' ক্যাটেগিরিতে অস্কার জিতে নেন নাটু নাটুর দুই স্রষ্টা – সঙ্গীত পরিচালক এম এম কীরাভানি ও গীতিকার চন্দ্রবোস।

ভারতে তখন সবে সোমবারের সকাল – গোটা দেশ এই অস্কার জয়ের খবরে আনন্দে উদ্বেল হয়ে ওঠে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও অভিনন্দন জানান নাটু নাটু এবং শর্ট ডকুমেন্টারি বিভাগে অস্কারজয়ী আর একটি ভারতীয় তথ্যচিত্রের নির্মাতাদের।

এর আগে আর এক ভারতীয় লেজেন্ড, এ আর রহমান তার 'জয় হো' গানটির জন্য ২০০৮ সালে অস্কার পেলেও সেই সিনেমাটি (স্লামডগ মিলিওনেয়ার) ছিল ব্রিটিশ নির্মাতাদের তৈরি।

ফলে সেই অর্থে নাটু নাটুই প্রথম শতকরা একশোভাগ 'ভারতীয়' সঙ্গীতের অস্কার বিজয়।

কিন্তু কী এমন আছে ভারতের আঞ্চলিক সিনেমা জগতের এই গানটিতে, যা 'নাটু নাটু'কে এভাবে এনে দিচ্ছে একের পর এক বিরল গৌরব?

মুম্বাইতে ফিল্ম জার্নালিস্ট ও শিল্প সমালোচক নন্দিনী রামনাথের মতে, নাটু নাটুর সাফল্যের পেছনে আসলে কোনও একটা বা দুটো ফ্যাক্টর নয় – 'গোটা প্যাকেজটাই আসলে বাজিমাত করেছে'।

তিনি বিবিসিকে বলছিলেন, কম্পোজার কিরাভানি আর লিরিসিস্ট চন্দ্রবোসের হাতে অস্কার উঠলেও আমি নিশ্চিত তারা এই পুরস্কার ছবির পরিচালক রাজামৌলি, ডান্স কোরিওগ্রাফার প্রেম রক্ষিত আর দুই নায়ক রাম চরণ ও জুনিয়র এনটিআরের সঙ্গে ভাগ করেই নেবেন।

আসলে এটা তো শুধু একটা মিউজিক টিউন নয়, রাজামৌলি যেভাবে দৃশ্যটা ভেবেছেন, কোরিওগ্রাফার যেভাবে নাচটার পরিকল্পনা করেছেন, দুই নায়ক যেভাবে তাদের নাচের তালে ঝড় তুলেছেন – তাতে বলাই যেতে পারে নাটু নাটু আসলে একটা কমপ্লিট প্যাকেজ, বলছিলেন তিনি।

ভারতের সুপরিচিত সঙ্গীতশিল্পী আভা হানজুরাও এই মূল্যায়নের সঙ্গে অনেকটাই একমত।

মিস হানজুরা বলছিলেন, এই গানটায় একটা দারুণ টিমওয়ার্ক কাজ করেছে। কিরাভানি স্যার একজন সাঙ্ঘাতিক জিনিয়াস আমরা সবাই জানি, তিনি দারুণ সব মিউজিক তৈরি করে আসছেন বহুদিন ধরে।

পাশাপাশি চন্দ্রবোস লিখেছেন দারুণ লিরিক্স, দুই গায়কও অসাধারণ গেয়েছেন – সব মিলিয়ে একটা অপূর্ব ম্যাজিক তৈরি হয়েছে।

আর নাটু নাটুতে এমন একটা ক্যাচি হুক আছে যে একবার শুনলেই মনে ধরে যায়, গুনগুন করতে ইচ্ছে করে ... এর জন্যই এই গানটা আজ ভারতের বিনোদন দুনিয়াকে এভাবে গর্বিত করতে পারল, বলছিলেন আভা হানজুরা।

'বাহুবলী'সহ নানা ব্লকবাস্টারের পরিচালক এস এস রাজামৌলি যখন ১৯২০র দশকে ব্রিটিশ শাসনাধীন ভারতের একটি গল্প নিয়ে পিরিওড ড্রামা বানানোর কাজে হাত দেন, তখনই তিনি ঠিক করে নিয়েছিলেন ওই ছবিতে রামচরণ-জুনিয়র এনটিআরের একটি জোড়া নাচের দৃশ্য রাখবেন।

রামচরণ এবং জুনিয়র এনটিআর দুজনেই তেলুগু সিনেমার 'ডান্সিং হিরো' হিসেবে অত্যন্ত জনপ্রিয়, তবে তাদের একসঙ্গে নাচের কোনও সিকোয়েন্স এর আগে কোনও ছবিতে দেখা যায়নি।

'আরআরআর' নামে ওই ছবিটিতে সুর করার জন্য রাজামৌলি দ্বারস্থ হন দক্ষিণী সিনেমার নামী কম্পোজার এম এম কীরাভানির।

কীরাভানি পরে একটি সাক্ষাৎকারে বিবিসিকে বলেছেন, আমার কাছে এসে রাজামৌলি এমন একটা গান ডিমান্ড করেন যেখানে দুই নায়কের এনার্জি, জোশ আর প্রাণোচ্ছ্বলতা ফুটে বেরোবে – আর দুজনে নাচবে নিখুঁত কোঅর্ডিনেশনে।

# ইসরায়েলের ইতিহাসে 'বৃহত্তম' বিক্ষোভ সমাবেশ

**ইসরায়েল :** ইসরায়েলে বিচার ব্যবস্থা সংস্কারের সরকারি পরিকল্পনার বিরুদ্ধে আয়োজিত বিক্ষোভ সমাবেশে লাখ লাখ মানুষ অংশ নিয়েছে। আয়োজকরা বলছেন, দেশটির ইতিহাসে এতো বড় প্রতিবাদ বিক্ষোভ এর আগে কখনো হয়নি। সরকারের এই পরিকল্পনার প্রতিবাদে সারা দেশে টানা দশ সপ্তাহ ধরে এধরনের বিক্ষোভ সমাবেশ চলছে। প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু বলছেন, তাদের পরিকল্পনা অনুসারে বিচার ব্যবস্থায় পরিবর্তন আনা হলে সরকারের বিভিন্ন শাখার মধ্যে ভারসাম্য প্রতিষ্ঠিত হবে। পরিকল্পনায় আদালতের ক্ষমতা খর্ব করার কথা বলা হয়েছে। বিরোধীরা বলছে এর ফলে দেশটির গণতন্ত্র হুমকির মুখে পড়বে। শনিবারের এই সমাবেশে বিরোধী নেতা ইয়াইর লাপিদ বলেছেন ইসরায়েলের ইতিহাসে এটি গভীরতম সঙ্কট।

অন্যদিকে ইসরায়েলি সেনাবাহিনী বলছে তাদের সৈন্যরা অধিকৃত পশ্চিম তীরের নাবলুস শহরের কাছে রবিবার তিনজন সশস্ত্র ফিলিস্তিনিকে গুলি করে হত্যা করেছে। তারা বলছে বন্দুকধারীরা ইসরায়েলি সেনাবাহিনীর একটি ফাঁড়িতে হামলা করেছিল। ফিলিস্তিনি কর্মকর্তারা এখনও এই ঘটনার ব্যাপারে কোনো মন্তব্য করেন নি। তবে সাম্প্রতিক মাসগুলোতে ইসরায়েলের সঙ্গে ফিলিস্তিনিদের উত্তেজনা ও সহিংসতা বৃদ্ধি পেয়েছে।

সরকারের পরিকল্পনার বিরুদ্ধে ইসরায়েলে শনিবার যে প্রতিবাদ ও বিক্ষোভ হয়েছে তার আয়োজনকারীরা বলছেন প্রায় পাঁচ লাখ মানুষ দেশজুড়ে রাস্তায় নেমে এসেছে। ইসরায়েলি সংবাদপত্র হারেৎস এই প্রতিবাদ সমাবেশকে দেশটির ইতিহাসে সবচেয়ে বড় বিক্ষোভ বলে উল্লেখ করেছে।

দুই লাখের মতো মানুষ জড়ো হন তেল আভিবে। তাদের অনেকের হাতেই ছিল ইসরায়েলের জাতীয় পতাকা।

একজন বিক্ষোভকারী তামির গাইটসাবরি বার্তা সংস্থা রয়টার্সকে বলেছেন : এটা বিচার ব্যবস্থার সংস্কার নয়। এটা হবে এক ধরনের বিপ্লব যার ফলে ইসরায়েলে সম্পূর্ণ একনায়কতন্ত্র প্রতিষ্ঠিত হবে। আমি আমার সন্তানদের জন্য চাই ইসরায়েলে গণতন্ত্র অব্যাহত থাকুক।

তেল আভিবের পুলিশ প্রধান আমিচাই এশেদ যখন সমাবেশের ভেতর দিয়ে হেঁটে যান তখন বিক্ষোভকারীরা হর্ষধনি দিয়ে ওঠে। মি. নেতানিয়াহুর সরকার এর আগে এই ডিস্ট্রিক্ট কমান্ডারকে তার পদ থেকে সরিয়ে দিতে চেয়েছিল। কিন্তু অ্যাটর্নি জেনারেলের বাধার কারণে সেটা সম্ভব হয়নি।

উত্তরাঞ্চলীয় শহর হাইফায় এই প্রতিবাদ বিক্ষোভে অংশ নিয়েছে ৫০ হাজারের মতো মানুষ। দক্ষিণের শহর বির শেভায় আয়োজিত প্রতিবাদ সমাবেশে বিরোধী নেতা মি. লাপিদ সতর্ক করে দিয়ে বলেন যে ইসরায়েল এখন নজিরবিহীন এক সঙ্কটের মুখে পড়েছে।

আমাদেরকে সন্ত্রাসবাদ আঘাত করছে, আমাদের অর্থনীতি ধসে পড়ছে, দেশ থেকে অর্থ চলে যাচ্ছে। সৌদি আরবের সঙ্গে নতুন এক চুক্তি সই করেছে ইরান। কিন্তু এই সরকার একমাত্র দেশটির গণতন্ত্রকে ধ্বংস করার দিকে জোর দিচ্ছে, বলেন তিনি।

বিরোধীরা বলছে বিচার ব্যবস্থায় প্রস্তাবিত সংস্কার সাধিত হলে নির্বাচিত সরকার বিচারক নিয়োগে প্রভাব বিস্তার করতে পারবে এবং নির্বাহী বিভাগের ওপর সুপ্রিম কোর্টের ক্ষমতা সীমিত হয়ে পড়বে।

এই পরিকল্পনাকে ঘিরে ইসরায়েলি সমাজে গভীর বিভক্তি তৈরি হয়েছে। এবিষয়ে ইসরায়েলি সামরিক বাহিনীর ভিত্তি হিসেবে পরিচিত রিজার্ভ সৈন্যবাহিনীর কথা উল্লেখ করা যেতে পারে যারা এই পরিকল্পনার বিরোধিতা করছে।

গত বৃহস্পতিবার প্রধানমন্ত্রী নেতানিয়াহু ইতালি যেতে চাইলে প্রতিবাদকারীরা রাস্তা বন্ধ করে তার সফরে বাধা দেওয়ার চেষ্টা করে। কিন্তু পরে তিনি রোমের উদ্দেশ্যে যাত্রা করতে সক্ষম হন।

অব্যাহত প্রতিবাদ বিক্ষোভের পরেও ইসরায়েলি সরকার তার পরিকল্পনায় অটল রয়েছে।

সরকার বলছে রাজনৈতিক বিরোধীরা এধরনের বিক্ষোভে উস্কানি দিচ্ছে।

সমালোচকরা বলছেন সরকারের পরিকল্পিত সংস্কার বিচার বিভাগে রাজনৈতিক হস্তক্ষেপের সুযোগ তৈরি করবে যার ফলে কর্তৃত্ববাদী সরকারের সূচনা ঘটতে পারে।

এই অভিযোগ অস্বীকার করে প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু বলছেন, গত নির্বাচনে জনগণের ভোটে তার সরকার গঠিত হয়েছে, এবং প্রস্তাবিত সংস্কারের ফলে আদালতের অযাচিত হস্তক্ষেপ বন্ধ হবে।



